এদিকে ওয়াল্ডোমিটার্সের দেয়া তথ্যমতে মোট জনসংখ্যা অনুযায়ী প্রতি ১০ লাখ মানুষের মধ্যে করোনা ভাইরাস পরীক্ষার হারে সবচেয়ে খারাপ দেশের তালিকায়ও নাম এসেছে বাংলাদেশের। এ ক্ষেত্রে বাংলাদেশের চেয়ে এগিয়ে আছে আফ্রিকার দেশ ইথিওপিয়া। সেখানে প্রতি ১০ লাখে করোনা পরীক্ষা করা হয়েছে মাত্র ১৬ জনের। এর পরেই বাংলাদেশের অবস্থান। এ দেশে প্রতি ১০ লাখে পরীক্ষা করা হচ্ছে মাত্র ১৮ জনের। নাইজেরিয়ায় ১৯ জন, ভারতে ১০২ জন, মালয়েশিয়ায় ১৬০৫ জন, ফ্রান্সে ৩৪৩৬ জন, যুক্তরাষ্ট্রে ৫৩৬১ জন, স্পেনে ৭৫৯৩ জন, দক্ষিণ কোরিয়ায় ৮৯৯৬ জন, জার্মানিতে ১০৯৬২ জন, ইতালিতে ১১৪৩৬ জন। *

এরপরেও ওবায়দুল কাদেরের মত কিছু নাদান বলবে, "আমরা করোনার চেয়ে বেশি শক্তিশালী।" প্রায় আড়াই মাস সময় পেয়েছিলাম আমরা। কিন্তু এ আড়াই মাসে কোনো প্রস্তুতি নেয়া হয়নি। বিশ্ব যখন করোনায় পর্যুদস্ত, এ দেশের তাগুত সরকার তখন মুজিবপূজা আয়োজনের প্রস্তুতি নিয়ে ব্যস্ত। এ খাতে ব্যয় করেছে কোটি কোটি টাকা। এ আড়াই মাসে পরীক্ষা ছাড়া অথবা নামমাত্র পরীক্ষা করেই দেশে ঢুকতে দেয়া হয়েছে হাজার হাজার প্রবাসীকে। জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির তেমন কোনো পদক্ষেপই নেয়নি এ আড়াই মাসে। ১৭ই মার্চের আগে তো আমরা কোয়ারেন্টাইন, আইসোলেশন শব্দগুলো শুনিইনি। যখন পরিস্থিতি খারাপের দিকে চলে

গেছে, তখন থেকেই কেবল লোকদেখানো কিছু পদক্ষেপ নেয়া শুরু করেছে এ তাগুত সরকার। মূলত জনজীবনের বিন্দুমাত্র দাম ওদের কাছে নেই। ওরা ওদের পকেট নিয়ে ব্যস্ত, ওরা ব্যস্ত ওদের মুজিব বাবাকে নিয়ে।

আল্লাহ আমাদেরকে করোনা এবং এ জালিম সরকার থেকে হেফাজত করুন। আমীন।

লেখক: আবদুল্লাহ আবু উসামা, *ইসলামী চিন্তাবিদ।*

ভিক্ষুকদের করোনার চালও চেয়ারম্যান-মেম্বারের পছন্দের ঘরে!

রাজবাড়ীর গোয়ালন্দে তালিকাভুক্ত ভিক্ষুক ও রেস্টুরেন্ট কর্মচারীদের জন্য বরাদ্দকৃত ত্রাণের চাল অন্যদের মাঝে বিতরণের অভিযোগ পাওয়া গেছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের যোগসাজসে কতিপয় মেম্বার তালিকাভুক্ত দুস্থদের না দিয়ে অনৈতিকভাবে তারা তাদের নিজ নিজ পছন্দের লোকজনের মাঝে ওই চাল বিতরণ করেন। পরে বিতরণকালে তালিকার সঙ্গে ত্রাণ গ্রহিতাদের নামের মিল না পেয়ে সঙ্গে সঙ্গে সেখানে চাল বিতরণ বন্ধ করে দেয়া হয়। ঘটনাটি ঘটেছে গোয়ালন্দের দৌলতদিয়া ইউনিয়নে।

গোয়ালন্দের দৌলতদিয়া ইউপি কার্যালয় ও স্থানীয় সূত্রে জানা যায়, করোনা পরিস্থিতিতে খাদ্য সহায়তা দিতে দৌলতদিয়া ইউনিয়ন এলাকার ভিক্ষুক ও রেস্টুরেন্ট কর্মচারীদের একটি নামের তালিকা গত ২ এপ্রিল চূড়ান্ত করা হয়। আড়াই শ জনের ওই তালিকার মধ্যে ভিক্ষুক ৭৯ ও রেস্টুরেন্ট কর্মচারী ১৭১ জন। সরকারি খাদ্য সহায়তা গ্রহণের জন্য তাদের সকলের নামে দৌলতদিয়া ইউপি কার্যালয় থেকে 'স্লিপ' তৈরি করে তা বিতরণের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বারদের কাছে দেওয়া হয়। এদিকে পূর্ব ঘোষণা অনুযায়ী গত রবিবার সন্ধ্যায় দৌলতদিয়া ইউনিয়নের 'হেলিপ্যাড' এলাকায় তালিকাভুক্ত ২৫০ ভিক্ষুক ও রেস্টুরেন্ট কর্মচারীদের জন্য বরাদ্দকৃত সরকারি ত্রাণের চাল বিতরণ চলছিল।

গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ত্রাণ গ্রহিতাদের কাছ থেকে 'স্লিপ' নিয়ে প্রতিজনকে ১০ কেজি করে চাল বিতরণ করছিলেন দৌলতদিয়া ইউপি চেয়ারম্যানসহ কয়েকজন ওয়ার্ড মেম্বার। তখন তালিকাভুক্ত ভিক্ষুক ও রেস্টুরেন্ট কর্মচারীদের আশানুরূপ উপস্থিতি দেখতে না পেয়ে স্থানীয় অনেকের মনে সন্দেহের সৃষ্টি হয়। এ সময় উপজেলা নির্বাহী অফিসার সঙ্গে

সঙ্গে খতিয়ে দেখতে পান ভিক্ষুক ও রেস্টুরেন্ট কর্মচারীদের নামের তালিকার সঙ্গে অনেক ত্রাণ গ্রহিতার নামের কোনো মিল নেই। বিষয়টি টের পেয়ে সঙ্গে সঙ্গে তিনি সেখানে বাকি চাল বিতরণকাজ বন্ধ করেন।

দৌলতদিয়া ইউপির একজন মেম্বার নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'ইউপি চেয়ারম্যানের যোগসাজসে কতিপয় মেম্বার তালিকাভুক্ত দুস্থদের না দিয়ে অনৈতিক কৌশলে তারা তাদের নিজ নিজ পছন্দের লোকজনের মাঝে সরকারি ওই চাউল বিতরণ করেন। এতে তালিকাভুক্ত অনেক ভিক্ষুক ও রেস্টুরেন্ট কর্মচারী সরকারি ওই ত্রাণ সহায়তা থেকে বঞ্চিত হয়েছেন।

এদিকে দৌলতদিয়া ইউপির সচিব পরিমল দাশ বলেন, 'রবিবার সন্ধ্যায় আড়াই শ জনের মধ্যে ১৮১ জনকে ১০ কেজি করে চাল বিতরণ করার পর ওই অনিয়ম ধরা পড়ে। সঙ্গে সঙ্গে ইউএনও স্যার বিতরণ বন্ধ করে দিয়ে বাকি চাল (৬৯০ কেজি) তিনি প্রত্যাহার করে নিয়ে গেছেন।'

সূত্র: *কালের কণ্ঠ*

ছবি তোলার পরই ত্রাণ কেড়ে নিলেন চেয়ারম্যান

ত্রাণ দেওয়ার ছবি তোলার পর ২৬টি পরিবারের কাছ থেকে তা কেড়ে নেওয়ার অভিযোগ উঠেছে চট্টগ্রামের হাটহাজারীর এক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে। এর প্রতিবাদ করতে গিয়ে চেয়ারম্যান ও তার লোকজনের হাতে মারধরের শিকার হয়েছেন অসহায় পরিবারগুলো। গতকাল দুপুরে হাটহাজারী উপজেলার মির্জাপুর ইউনিয়ন পরিষদে এ ঘটনা ঘটে। মারধরের শিকার পরিবারগুলো এ ঘটনার জন্য দায়ী করেছেন স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল আবছারকে।

অভিযুক্ত নুরুল আবছার হাটহাজারী উপজেলা আওয়ামী লীগের প্রভাবশালী নেতা হিসেবে পরিচিত। তার বিরুদ্ধে প্রকল্পের টাকা আত্মসাৎ এবং নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে।

হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুহুল আমিন জানান, মির্জাপুরের চেয়ারম্যান ত্রাণের কথা বলে লোকজনকে পরিষদে নিয়ে যান।

তাদের ত্রাণ দেওয়ার পর তা আবার কেড়ে নেন। অসহায় ২৬টি পরিবারের লোকজন উপজেলা পরিষদে এসে কান্নাকাটি করতে থাকেন। পরে সরকারের পক্ষ থেকে তাদের ত্রাণ দেওয়া হয়।

মারধরের শিকার কয়েকজন জানান, গতকাল সকালে ত্রাণ দেওয়ার কথা বলে শতাধিক ব্যক্তিকে ইউনিয়ন পরিষদে নিয়ে যান চেয়ারম্যান। এ সময় চেয়ারম্যান নুরুল আবছার ও তার লোকজন ত্রাণ দেওয়ার কথা বলে ছবি তোলেন।

ছবি তোলার পর চেয়ারম্যানের ছোট ভাই মিজানুর রহমান টিপু ও তার লোকজন প্রদান করা ত্রাণগুলো কেড়ে নেয়। এর প্রতিবাদ তারা সবার ওপর হামলা করে। পরে তারা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ে গিয়ে বিক্ষোভ করেন তারা। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা ২৬টি পরিবারকে ত্রাণ দেন।

সূত্র: বিডি প্রতিদিন

নিউইয়র্কে জায়গা সংকটে পার্কে কবর! দিশেহারা ক্রুসেডার আমেরিকা

বিশ্বব্যাপী মহাবিপর্যয় নামিয়ে এনেছে করোনাভাইরাস। এরই মধ্যে ভাইরাসটি বিশ্বের ২০৯টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে। বিশ্বব্যাপী আক্রান্ত হয়েছে ১৩ লাখ ৪৭ হাজার মানুষ। মৃত্যু হয়েছে সাড়ে ৭৪ হাজার মানুষের।

প্রাণঘাতী এই ভাইরাসে দিশেহারা বিশ্বের কথিত সবচেয়ে ক্ষমতাধর রাষ্ট্র আমেরিকাও। এরই মধ্যে দেশটিতে আক্রান্ত হয়েছে প্রায় ৩ লাখ ৭০ হাজার মানুষ। মৃত্যু হয়েছে প্রায় ১১ হাজার মানুষের।

আমেরিকার ৫০ অঙ্গরাজ্যের মধ্যে করোনা পরিস্থিতি সবচেয়ে ভয়াবহ রূপ নিয়েছে নিউইয়র্ক রাজ্যে। ইতোমধ্যে শুধু নিউইয়র্কেই করোনায় মৃত্যু হয়েছে ৪ হাজার ৭৫৮ জনের।

ব্রিটিশ গণমাধ্যম দ্য গার্ডিয়ান এক প্রতিবেদনে জানিয়েছে, নিউইয়র্কের অবস্থা এতটাই ভয়াবহ যে সেখানে মানুষকে কবর দেওয়ার জায়গার সংকট দেখা দিয়েছে। তাই নিউইয়র্ক শহরের মেয়র স্থানীয় পার্কে অস্থায়ী কবরে মৃতদের দাফনের পরিকল্পনা নিয়েছে।

প্রতিবেদনে আরও বলা হয়, নিউইয়র্ক সিটির স্বাস্থ্য পরিষদের চেয়ারম্যান মার্ক লেভিন বলেছেন, এরই মধ্যে হাসপাতালের মর্গগুলো মরদেহে পূর্ণ হয়ে গেছে।

অস্থায়ী কবরের জন্য নিউইয়র্ক পার্ককে বিবেচনা করা হচ্ছে। সেখানে প্রতিটি সারিতে ১০ কফিন রাখা যায় এমনভাবে পরিখা খনন করে মরদেহগুলো অস্থায়ী ভিত্তিতে দাফন করা হতে পারে।

সূত্র: বিডি প্রতিদিন

'সরকারের অনেকেই নিশ্চিত ছিলো বাংলাদেশে করোনার বিস্তার ঘটবে না'

করোনা ভাইরাসের ব্যাপক বিস্তার নিয়ে অনেকেই কথা বলছেন। আওয়ামী সরকারের বেপরোয়া মনোভাবের কারণে আজ বাংলাদেশের এমন অবস্থা হয়ে দাঁড়িয়েছে। একটি নিউজ পোর্টালের সাংবাদিক এমন কথাই জানিয়েছেন। তার বক্তব্য আল ফিরদাউস পাঠকদের জন্য *বিডি প্রতিদিন* সূত্রে নিচে হুবহু তুলে ধরা হল-

"করোনাভাইরাস নিয়ে ৫০০ সদস্যের কমিটি গঠনের কথা শুনেই প্রশ্ন তুলেছিলাম- এই কমিটির কার্যকারিতা কি? এখন দেখছি খোদ কমিটির প্রধানই বলছেন, তিনি কোনো কিছুই জানেন না, তাকে জানিয়ে কোনো কিছু করা হয় না। এ থেকেই কি প্রমাণ হয় না- করোনাভাইরাসকে সরকার আসলে গুরুত্বের সাথে নেয়নি। না হলে ৫০০ সদস্যের কমিটিই গঠন করবে কেন- কমিটির প্রধানকে এমন হতাশা প্রকাশ করতে হবে কেন!

সরকারের অনেকেই নিশ্চিত ছিলেন- বাংলাদেশে করোনাভাইরাসের বিস্তার ঘটবে না। কিভাবে নিশ্চিত ছিলেন- সেটি পরিষ্কার নয়।

করোনাভাইরাস নিয়ে সতর্কতার কথা বললে, সরকারকে কোনো পরামর্শ দিলে সরকার সমর্থক কিছু লোক তেলেবেগুনে জ্বলে উঠে সেখানে এজেন্ডা, ষড়যন্ত্রের গন্ধ খুঁজতো। সরকার প্রধানকে যেকোনো নাগরিক পরামর্শ দিতে পারে, সরকার প্রধানের কাছে দাবি জানাতে পারে- এটি পর্যন্ত তারা মানতে চাইতো না। ' সবকিছুই নিয়ন্ত্রণে আছে'- এই জিগির তুলে তারা পরিস্থিতি আড়াল করে রাখতে পছন্দ করতো।

এরা যে সরকারের জন্য কতোটা ঝুঁকিপূর্ণ- তা আস্তে আস্তে প্রমাণ হচ্ছে। পরীক্ষার আওতা যতো বাড়বে আক্রান্তের সংখ্যা ততবেশি পাওয়া যাবে- এটি হচ্ছে এখন বাংলাদেশের জন্য বাস্তবতা। 'সঠিক সময়ে পদক্ষেপ নেয়ায় সবকিছু নিয়ন্ত্রণে আছে'- এই জিকির থেকে বের হয়ে খোলা চোখে পরিস্থিতি দেখার সময় শেষ হয়ে আসছে।"

০৭ই এপ্রিল, ২০২০

করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের কার্যক্রম!

কমিউনিস্ট চীন থেকে শুরু হওয়া করোনা ভাইরাস বা কোভিড-১৯ (মহান রবের পক্ষহতে প্রেরিত আযাব) ছড়িয়ে পড়ছে বিশ্বজুড়ে, ক্রমেই ভয়ঙ্কর হয়ে উঠা এই ভাইরাসটি এখন পর্যন্ত বিশ্বের ২০৯টি দেশে ছড়িয়ে পড়েছে। ভাইরাসটিতে আক্রান্ত মানুষের সংখ্যা এখন পর্যন্ত সাড়ে ১৩ লাখ ছাড়িয়েছে। এতে মারা গেছে প্রায় ৭৬ হাজারেরও বেশি মানুষ। এই ক্রমবর্ধমান ভাইরাস ছড়িয়ে পড়েছে আফগানিস্তানেরও অনেক এলাকায়, বিশেষ করে দেশটির কাবুল ও হেরাত প্রদেশে ভাইরাসটির প্রভাব ব্যাপক আকার ধারণ করেছে।

আফগান ভিত্তিক সংবাদ মাধ্যম "আযম" কর্তৃক প্রকাশিত রিপোর্ট হতে জানা যায় যে, দেশটিতে এখন পর্যন্ত ভাইরাসটিতে আক্রান্ত হয়েছেন ৪২৩ জন, নিহত হয়েছেন ১৮ জন আর সুস্থ্যতার জিবন ফিরে পেয়েছেন ১১ জন। দেশটির হেরাত প্রদেশে মুরতাদ সরকার নিয়ন্ত্রিত এলাকাটিতেই ভাইরাসটি সবচাইতে বেশি প্রভাব ফেলেছে, প্রদেশটিতে বর্তমান আক্রান্তের সংখ্যা প্রায় ২৫৭ জন, নিহত হয়েছেন ৫ জন। এরপর দ্বিতীয় স্থানে রয়েছে রাজধানী কাবুল।

দেশটির এমন পরিস্থিতিতে মুরতাদ সরকারি বাহিনীর তুলনায় সংক্রমণ রোধে অগ্রগামী ভূমিকা পালন করে যাচ্ছেন ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদিন, ভাইরাসটির সংক্রমণ রোধে একের পর এক কর্মশালা করে যাচ্ছে তালেবান সদস্যরা।

তালেবান মুজাহিদিন ভাইরাস প্রতিরোধ বিষয়ক কর্মশালাগুলোতে সম্পূর্ণ মেডিকেল পিপিই (ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম) পরিধান করে সাধারণ মানুষের মাঝে সচতেনতা তৈরি করে যাচ্ছেন।

তালেবান মুজাহিদিন গত কয়েক সপ্তাহ যাবৎ এ জাতীয় সচেতনতামূলক প্রচার চালিয়ে যাচ্ছেন। তাঁরা মানুষকে মুখোশ এবং গ্লাভস ব্যবহার করতে বলছেন, সাবান দিয়ে হাত ধোয়ার বিষয়ে গুরুত্ব দিচ্ছেন" ফ্রীতে এসব বস্তু তাঁরা সাধারণ মানুষের মাঝে বিতরণ করে চলছেন।

তাঁরা সমস্ত জনসমাগম, বিবাহ-অনুষ্ঠান বাতিল করে দিয়েছেন এবং লোকদের বাড়িতে বেশি নামাজ পড়তে বলেছেন। চিকিৎসকদের প্রয়োজনীয় সকল আসবাব পত্র ও তাদের সম্পূর্ণ নিরাপত্তাও দিয়ে যাচ্ছে ইমারতে ইসলামিয়া। পাশাপাশি তালেবান তাদের নিয়ন্ত্রিত লকডাউনকৃত এলাকাগুলোতে গরিব ও অসহায় পরিবারগুলোর মাঝে প্রয়োজনীয় খাদ্য সরবারহ করে যাচ্ছেন।

তালেবানদের অফিসিয়াল "আল ইমারাহ মিডিয়া ফাউন্ডেশন" কর্তৃক প্রকাশিত এমন অনেক ছবিই হয়তো আমরা লক্ষ্য করেছেন যেখানে তালেবান মুজাহিদিন তাদের সচতেনতা মূলক প্রচারণাগুলো তুলে ধরেছে। তালেবান বারবারই বলে আসছে করোনাভাইরাস রোধে "নির্বিশেষে যে কেউ বা যে কোন গোষ্ঠী সাধারণ আফগানীদের সহায়তা করবে, আমরা তাদেরকে স্বাগত জানাই এবং তাদের নিরাপত্তা ও একাজে তারা আমাদের থেকে সম্পূর্ণ সহায়তা পাবে"

করোনভাইরাস রোধে তালিবান ও তাদের নিয়ন্ত্রিত এলাকাগুলোর ডাক্তাররা সাদা মেডিকেল গিয়ার এবং মাস্ক পরে মানুষের বাড়ি বাড়ি, হাটবাজার ও দোকান-পাটে গিয়ে গিয়ে জীবাণুনাশক স্প্রে করছে। প্রতিটি জেলায় ভাইরাস প্রতিরোধে দশটি করে শয্যা বিশিষ্ট হাসপাতাল-ক্লিনিকসহ কয়েকটি করে স্বাস্থ্যকেন্দ্রও তৈরি করেছে তালেবান। তালেবান "স্বাস্থ্য কমিশন" শুধু বাগলান প্রদেশের জন্যই ৯৫০ টি kits সরবরাহ করেছে, এভাবে তারা তাদের নিয়ন্ত্রিত প্রতিটি প্রদেশে প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবারহ করে চলছে।

করোনভাইরাস এড়ানোর বিষয়ে তালেবান কর্তৃক নির্দেশনার বড় পোস্টারগুলি ছড়িয়ে দেওয়া হয়েছে বাজার শহর ও গ্রামে। তালিবানদের "জনস্বাস্থ্যে নিয়োজিত কমিশন"এর জারি করা মুদ্রিত পোস্টারগুলোতে নিয়মিত গুরুত্বের সাথে নামাজ আদায় করা, "হালাল" খাওয়ার পাশাপাশি চিকিৎসার পরামর্শ সহ লোকদেরকে যেসকল বিষয়ে সতর্কতা অবলম্বন করা উচিত তা তালিকাভুক্ত করা দেওয়া হয়েছে এবং সেই তালিকাগুলো মানুষের বাড়িবাড়ি গিয়ে ঝুলিয়ে দিয়েছে তালেবান সদস্যরা।

খাবারের তালিকায় তালেবান কর্তৃপক্ষ গ্রামবাসীদের কি খাবে আর কি খাবেনা এর পাশাপাশি শাকসবজির একটি তালিকাও যুক্ত করেছে, যাতে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে প্রচুর ভিটামিন সি রয়েছে,"

তালেবানদের "স্বাস্থ্য কমিশন" জানায় যে, চিকিৎসার মান পূরণ করতে না পারলেও আমাদের চিকিৎসা কর্মীরা সব প্রদেশে একযোগে তাদের সম্পূর্ণ মেহনত দিয়ে তারা কাজ চালিয়ে যাচ্ছেন। এছাড়াও ইমারতে ইসলামিয়া আফগানিস্তানে করোনাভাইরাস বিস্তার রোধে কাজ করা স্বাস্থ্যকর্মী ও আন্তর্জাতিক সংস্থাগুলিকেও তাদের এলাকায় স্বাগত জানিয়েছেন, এবং তাদেরকে নিরাপত্তা দেওয়ার কথাও জানিয়েছেন। ইমারতে ইসলামিয়া এর পক্ষহতে আরো বলা হয় যে, আমরা সরকারী স্বাস্থ্যকর্মী বা এনজিওগুলিকে আমাদের নিয়ন্ত্রিত এলাকাগুলোতেও সেবার জন্য আসার অনুমতি দিচ্ছি ও সমর্থন করছি যারা আমাদের অঞ্চলে গ্রামবাসীদের সহায়তা করতে পারবে। এক্ষেত্রে তাদের যা করার দরকার তা হল, আসার আগে আমাদের অনুমতি চাইতে হবে, যাতে আমরা তাদের মূল্যায়ন করতে পারি, এবং আমরা এখানে তাদেরকে নিরাপত্তার সাথে কাজ করতে পারার সুযোগ করে দিতে পারি।

যেই মুহুর্তে তালেবান মুজাহিদিন অভিযানের পরিমাণ কমিয়ে এনে জনসেবা মূলক কার্যক্রম ও সচেতনতা মূলক কার্যক্রমের প্রতি গুরুত্ব দিচ্ছেন, সেই মুহুর্তেও সাধারণ মানুষের উপর হামলা ও তাদের বাড়িঘর লুট করে তাদেরকে অজানা স্থানে বন্দী করে নিয়ে যাওয়া হচ্ছে। তাই অনেক ক্ষেত্রে বাধ্য হয়েই আফগান মুরতাদ বাহিনীর উপর হামলা চালাচ্ছেন তালেবান মুজাহিদিন।

পাকিস্তান | মুরতাদ বাহিনীর হয়ে কাজ করা ১১ এরও অধিক গাদ্দারকে হত্যা করলো তাহরিকে তালেবান!

পাকিস্তান ভিত্তিক সবচাইতে জনপ্রিয় ও শক্তিশালী জিহাদী তানযিম তেহরিকে তালেবান পাকিস্তান (TTP) এর HTF ফোর্সের জানবায মুজাহিদিন গত ৫ এপ্রিল পাকিস্তানী মুরতাদ গোয়েন্দা সংস্থা (আই'এস'আই) এর পোষা কুকুর "হযরত আব্বাস আরেফ ওয়াক্কাস" নামক এক চরকে "সাওয়াত" অঞ্চলে তার নিজ বাসায় ঢুকে উক্ত কুকুরকে হত্যা করেন। পাকিস্তানী মুরতাদ গোয়েন্দা সংস্থার এই বিশ্বস্ত চর গত কিছুদিন পূর্বে তাশকিলে বের হওয়া সাথীদের সাথে বিশ্বাসঘাতকতা করে TTP এর কমান্ডার নেক মুহাম্মাদ (তাকাব্বালাল্লাহ্)কে শহীদ করে দেয়।

উল্লেখ্য যে, গত কিছুদিনে তেহরিকে তালেবানের স্পেশাল ফোর্সের মুজাহিদিন এধরণের আরো ১০ গুপ্তচর ও গাদ্দারকে হত্যা করেছেন।

তেহরিকে তালেবান পাকিস্তানের সম্মানিত মুখপাত্র মোহাম্মাদ খোরাসানী (হাফিজাহুল্লাহ্) এসকল হামলার বিষয়ে দেরিতে দায় স্বীকার করাকে TTP এর নতুন যুদ্ধ কৌশলের অংশ বলে সাব্যস্ত করেছেন।

ফটো রিপোর্ট | তারেক বিন যিয়াদ মুয়াসকার ক্যাম্প, খোরাসান!

ইমারতে ইসলামিয়ার আফগানিস্তানের নিয়ন্ত্রিত পাকতিয়া প্রদেশ হতে তালেবান মুজাহিদদের নতুন একটি ইউনিট "তারিক-বিন-যিয়াদ" (রহ.) সামরিক ক্যাম্প হতে সামরিক প্রশিক্ষণের পাশাপাশি শরয়ী শিক্ষায় স্নাতক হন।

https://alfirdaws.org/2020/04/07/35748/

পাকিস্তান | তেহরিকে তালেবানের হামলায় 2 এরও অধিক নাপাক মুরতাদ সৈন্য নিহত!

পাকিস্তান ভিত্তিক জিহাদী তানযিম তেহরিকে তালেবান পাকিস্তান (TTP) এর MHG ইউনিটের জানবায মুজাহিদিন গত ৬ এপ্রিল বাজুরএজেন্সীর "কমানগারাহ" সীমান্তে পাকিস্তানী মুরতাদ বাহিনীর একটি পায়দল বাহিনীকে টার্গেট করে সফল হামলা চালান, এসময় মুরতাদ সৈন্য এক চৌকি হতে অন্য চৌকিতে টহল দিতে যাচ্ছিল, আর তখনই মুজাহিদদের হামলার শিকার হয় পাকিস্তানী মুরতাদ বাহিনী।

আলহামদুলিল্লাহ, মুজাহিদদের উক্ত সফল হামলায় ঘটনাস্থলেই " সিরাজ" নামক এক মুরতাদ সদস্য নিহত হয়। বাকি সৈন্যরা আহত অবস্থায় ঘটনাস্থল হতে পলায়ন করে।

এর আগে অর্থাৎ গত ৫ এপ্রিল বাজুর এজেন্সীর "মুমান্দ" সীমান্তে ক্রুসেডার আমেরিকার গোলাম পাকিস্তানী মুরতাদ বাহিনীকে টার্গেট করে স্নাইপার হামলা চালান TTP এর জানবায মুজাহিদিন, এতে ১ মুরতাদ সৈন্য নিহত হয়।

উভয় হামলার অফিসিয়াল দায় স্বীকার করেন তেহরিকে তালেবান পাকিস্তানের মুহতারাম মুখপাত্র মুহাম্মাদ খোরাসানী হাফিজাহুল্লাহ্।

অপরিকল্পিত লকডাউনে খাদ্য সংকটে পড়তে যাচ্ছে ভারত

বিশ্বের অনেক দেশের মতোই ভারতেও চলছে লকডাউন। কিন্তু মালাউন মোদি সরকারের অপরিকল্পিত লকডাউনের ফলে হুমকির মুখে পড়েছে দেশটির যোগান শৃঙ্খলা। বাজার খোলা থাকলেও খাদ্য পরিবহণ ব্যবস্থাও থেমে আছে। এ কারণে সংশ্লিষ্টরা ধারণা করছেন, লকডাউনের প্রকোপে খাদ্য সংকটের মুখে পড়তে যাচ্ছে ভারত।

ভারতে এখন এক রাজ্যের পণ্য অন্য রাজ্যে পাঠানো বন্ধ রয়েছে। যোগান শৃঙ্খলা ভেঙ্গে পড়ায় মানুষ কৃত্রিম খাদ্য সংকটে পড়তে যাচ্ছে। লকডাউনের কারণে জমিতে কাজ করা সম্ভব হচ্ছে না। কৃষি শ্রমিকরা নিজ রাজ্যে ফিরে যাচ্ছে। ফলে ফসল তোলাও চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ফসল কাটার পরে তা প্রস্তুত করতে হবে, বাজারে নিয়ে যেতে হবে। এসবের জন্য ফের শ্রমিক প্রয়োজন হবে, প্রয়োজন হবে গাড়িচালক ও নিরবচ্ছিন্ন চলাচল।

লকডাউনের পূর্বে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার কাছে ৭৭.৬ মিলিয়ন টন গম ও চাল রয়েছে বলে জানিয়েছিল। ১৯ মার্চের হিসেবে মজুত খাদ্যবীজ ছিল ২.২৫ মিলিয়ন টন। তবে সমস্যা হলো, উৎপাদিত পণ্য ও তার ক্রেতারা অধিকাংশ ক্ষেত্রেই আলাদা রাজ্যের হন। বিহার জানিয়েছে, আমরা চাল পাই পশ্চিমবঙ্গ থেকে, ডাল পাই মধ্যপ্রদেশ থেকে এবং সরষের তেল পাই রাজস্থান থেকে। কিন্তু লকডাউনের ফলে এই সাপ্লাই বন্ধ হয়ে গেছে। রাজ্যের সীমানা যেহেতু বন্ধ, সে কারণে পরিবহণ আর মসৃণ নেই ভারতে।

ভারতের কৃষি উৎপাদনের পরিবহণ নিয়ে দেশটির গণমাধ্যমের এক রিপোর্টে বলা হয়েছে, আন্তঃরাজ্য ট্রাক চলাচলের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞার জেরে রাজ্যের সীমান্তে সীমান্তে দাঁড়িয়ে পড়ছে পণ্য বোঝাই ট্রাক। এক রাজ্যের টমেটো, আরেক রাজ্যের বেগুন গাড়িতেই নষ্ট হচ্ছে। ফলে দ্রুতই এমন একটা পরিস্থিতি তৈরি হতে পারে যাতে কৃষি পণ্য চাষির ঘরে পচে যাচ্ছে আর অন্যদিকে বাজারে জোগানের সংকট তৈরি হচ্ছে। ছোট ও শহর ও পিছিয়ে থাকা জায়গায়

আরো বড় সংকটের আশঙ্কা করা হচ্ছে কারণ যেখানে ছোট ছোট বাজারের মাধ্যমে সামগ্রী পৌঁছায়। যোগান শৃঙ্খলের সমস্যায় যুক্ত হয়েছে ট্রাক ড্রাইভারদের পরিষেবা প্রদানকারী সংস্থাগুলো বন্ধ হয়ে যাওয়ায়, কৃষিপণ্য প্যাকিংয়ে এবং মাল তোলা ও মাল নামানোর জন্য প্রয়োজনীয় শ্রমিকদের অনুপস্থিতিতে। লকডাউন এবং কোয়ারান্টিনের জন্য অনেক ক্ষেত্রেই কৃষকেরা বাজার পর্যন্ত খাদ্যশস্য পৌঁছতে পারছেন না।

সূত্র: দ্য ওয়্যার।

সোমালিয়া | ক্রুসেডার বাহিনীর সামরিক ঘাঁটিতে মুজাহিদদের হামলা, হতাহত ১০ এরও অধিক!

আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব আল মুজাহিদিন ৭ এপ্রিল দক্ষিণ সোমালিয়ার শাবেলি রাজ্যের "জানালী" শহরে ক্রুসেডার উগান্ডার সামরিক ঘাঁটি এবং সোমালিয় সরকারী মুরতাদ মিলিশিয়াদের উপর হামলা চালিয়েছেন।

শাহাদাহ্ নিউজে প্রকাশিত তথ্যমতে, হারাকাতুশ শাবাব মুজাহিদদের উক্ত কয়েক ঘন্টার হামলায় "জানালি" শহরের প্রধান অফিসার সহ ১০ এরও বেশি ক্রুসেডার ও মুরতাদ সৈন্য নিহত ও আহত হয়।

পিপিই সংকটের কারণে প্রতিবাদ করায় চিকিৎসকদের গ্রেফতার করল পাকিস্তানের মুরতাদ পুলিশ

পাকিস্তানের মুরতাদ শাসক অন্যান্য মুরতাদ শাসকদের ন্যায় করোনাভাইরাস প্রতিরোধে তেমন কোন ব্যবস্থাই গ্রহণ করে নি। এমনকি যারা করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের সেবা দিবেন তাঁদের জন্য ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের (পিপিই) পর্যাপ্ত ব্যবস্থা করে নি।

শুধু তাই নয়, ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের (পিপিই) সংকটের কারণে প্রতিবাদ করায় পাকিস্তানে বহু চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের গ্রেফতারও করেছে ইমরান খানের মুরতাদ পুলিশ।

সোমবার (৬ এপ্রিল) পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের কোয়েটা শহরের রাস্তায় চিকিৎসকরা বিক্ষোভে নামার পর এ ঘটনা ঘটে। শহরটিতে এক দিনে ১৩ চিকিৎসক করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার পরদিন চিকিৎসকরা বিক্ষোভে নামে। প্রতিবাদস্থল থেকে চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের

গ্রেপ্তার করা হয়েছে বলে সিএনএনকে নিশ্চিত করেছেন পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা রাজ্জাক চীমা।

পাকিস্তানের সংবাদ মাধ্যম *ডন অনলাইন* সূত্রে জানা গেছে, গতকাল সোমবার প্রায় ১০০ জন চিকিৎসক ও চিকিৎসাকর্মীদের প্রতিবাদ মিছিল ছত্রভঙ্গ করতে মুরতাদ পুলিশ লাঠিপেটা করেছে। তাদের দাবি ছিল সুরক্ষার জন্য পিপিই ও চশমা। গত মাসে পাকিস্তানে একজন চিকিৎসক এবং একজন নার্স করোনা আক্রান্ত হয়ে মারা গেছেন। ইতোমধ্যে আরও প্রায় ২৫ জনের মতো স্বাস্থ্যকর্মীর মধ্যে কোভিড-১৯ ভাইরাস পাওয়া গেছে। গতকাল সোমবার স্থানীয় সময় সন্ধ্যা নাগাদ পাকিস্তানে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা তিন হাজার ৫২০ জন, মৃতের সংখ্যা ৫২ জন ও সুস্থ হওয়া রোগীর সংখ্যা ২৫৭ জন ছিল বলে জানিয়েছে ডন অনলাইন।

পিপিই সংকটের কারণে প্রতিবাদ করায় পাকিস্তানে বহু চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের গ্রেফতার করা হয়েছে। ***রয়টার্স***

এদিকে ধরপাকড়ের এ ঘটনার পর বেলুচিস্তানের ইয়ং ডক্টরস অ্যাসোসিয়েশন (ওয়াইডিএ) প্রদেশটিতে সব ধরনের চিকিৎসাসেবা বন্ধ রেখেছে।

করোনায় আক্রান্ত ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন আইসিইউতে

করোনাভাইরাসে আক্রান্ত ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। করোনা পজিটিভ শনাক্ত হওয়ার ১০ দিন পর ১০ নং ডাউনিং স্ট্রিটের বাসা থেকে তাকে লন্ডনের একটি হাসপাতালে নেওয়া হয়েছে বলে বিবিসির খবরে বলা হয়। ইতিমধ্যে তার সন্তান সম্ভবা কথিত বান্ধবী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আইসোলেশনে আছে।

গতকাল রোববার রাত ১০টার পর ডাউনিং স্ট্রিট থেকে জানানো হয়েছে, প্রধানমন্ত্রীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। সন্ধ্যায় তার শরীরের তাপমাত্রা বেড়ে যাওয়ায় তাকে হাসপাতালে ভর্তি করতে হয়। তার চিকিৎসকরা বলছেন, অতিরিক্ত সতর্কতা হিসেবে প্রধানমন্ত্রীকে হাসপাতালে নেওয়া হয়েছে।

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, আপাতত হাসপাতালে রেখে তাকে পরীক্ষা-নিরীক্ষা করা হবে। তাকে সেখানে চিকিৎসার জন্য একরাত থাকতে হতে পারে। যদিও ব্রিটিশ সরকারের প্রধান হিসেবেই কাজ করবেন তিনি।

এর আগে ডাউনিং স্ট্রিট জানিয়েছিল, প্রধানমন্ত্রী বরিস কোনো কারণে দায়িত্ব পালনে অসমর্থ হলে পররাষ্ট্রমন্ত্রী ডোমিনিক রাব তার কাজ চালিয়ে যাবেন।

এর আগে, ২৭ মার্চ নিজের করোনা আক্রান্ত হওয়ার খবর টুইট করেছিলেন বরিস জনসন। এরপর থেকে হোম কোয়ারেন্টিনে থেকে চিকিৎসাধীন ছিলেন এই ব্রিটিশ প্রধানমন্ত্রী।

হাসিনার সুদভিত্তিক প্রণোদনা শ্রমজীবী দিনমজুরদের জন্য স্বস্তিকর নয়

করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে কথিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ঋণ ও প্রণোদনা প্যাকেজে দেশের শ্রমজীবী ও দিনমজুর মানুষের জন্য স্বস্তির কোনো খবর নেই। বাংলাদেশের এক নাগরিক সাইফুল হক গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে গতকাল এ মন্তব্য করেন।

গণমাধ্যম *আমাদের সময়* সূত্রে জানা যায়, বিবৃতিতে বলা হয়, প্রধানমন্ত্রীর কণ্ঠে কর্মহীন, বেকার, খাদ্যাভাবে ক্লিষ্ট দেশের এক কোটি শ্রমজীবী-দিনমজুর পরিবারের জন্য কমপক্ষে আগামী তিন মাস প্রয়োজনীয় খাবার ও নগদ অর্থ পাওয়ার কোনো নিশ্চয়তা মেলেনি। রিকশাচালক, হকার, বস্তিবাসী, পরিবহনসহ অসংগঠিত খাতের শ্রমিক, শিল্পে নিয়োজিত শ্রমিকসহ শ্রমজীবী-মেহনতি মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিতের

ব্যাপারটিও প্রধানমন্ত্রী উল্লেখ করেননি। করোনা সংক্রমণ রোধে এই জনগোষ্ঠীকে ঘরে রাখতে হলে তাদের দায়িত্ব নেওয়ার কোনো বিকল্প নেই।

তিনি বলেন, কতিপয় গার্মেন্টস মালিক গার্মেন্টস কারখানা চালু রেখে শ্রমিকদের করোনায় সংক্রমণের যে ঝুঁকির মধ্যে ঠেলে দিয়েছে, সে ব্যাপারেও সরকারের প্রধান নির্বাহী কিছু বলেননি। করোনা মহামারী মোকাবিলায় রাজনৈতিক দলসহ সবাইকে যুক্ত করে সমন্বিত জাতীয় উদ্যোগের ব্যাপারে নির্দিষ্ট কোনো ঘোষণা না থাকায় তিনি হতাশা ব্যক্ত করেন।

এবার মুরগি কেনা-বেচা নিয়ে সন্ত্রাসী আ' লীগের দুই গ্রুপের সংঘর্ষ

বাজারে মুরগি কেনা-বেচা নিয়ে ফরিদপুর জেলার সালথায় ক্ষমতাসীন সন্ত্রাসী আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে ১০ জন আহত হয়েছেন। এ সময় দোকানপাট, বসতবাড়ি ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে।

নয়া দিগন্ত অনলাইনে প্রকাশিত সংবাদে জানা গেছে, গতকাল সোমবার সকাল ৬টার দিকে উপজেলার মাঝারদিয়া ইউনিয়নের কাগদি বাজার এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। তারা স্থানীয় সন্ত্রাসী আওয়ামী লীগের দুই নেতা সালথা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক গিয়াস উদ্দিন এবং মাঝারদিয়া ইউপি আওয়ামী লীগের সভাপতি আফছার উদ্দিন মাতুব্বরের সমর্থক বলে জানা যায়।

এ সংঘর্ষে কাগদি বাজারের ১৫-২০টি দোকান ও কাগদি-বাতাগ্রামের ৮-১০টি বসতঘর ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটে। সংঘর্ষে আহতদের মধ্যে মাসুদ মিয়া, সৈয়াদ মিয়া, সাকিব শেখ, পিকুল মাতুব্বার, বতু শেখের নাম জানা গেছে। তাদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, রবিবার রাতে কাগদি বাজারে মুরগি কেনা-বেচা নিয়ে গিয়াস উদ্দিনের সমর্থক খায়ের মোল্লার সঙ্গে আফছার উদ্দিন মাতুব্বারের সমর্থক রকি মাতুব্বরের কথা কাটাকাটি ও হাতাহাতির ঘটনা ঘটে। এরই সূত্র ধরে, সোমবার সকালে আফছার উদ্দিন মাতুব্বরের সমর্থকদের সাথে গিয়াস উদ্দিনের সমর্থকদের সংঘর্ষ হয়। সংঘর্ষে উভয় পক্ষ দেশীয় অস্ত্র ঢাল-কাতরা, ইট-পাটকেল ও লাঠিসোটা নিয়ে একে অপরের ওপর ধাওয়া পাল্টা ধাওয়া করে, জানান তিনি।

সংঘর্ষের বিষয়ে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আফছার উদ্দিন মাতুব্বারের ছেলে উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাজমূল হোসেন বলেন, গিয়াস উদ্দিনের সমর্থক খায়ের মোল্লার সাথে আমাদের সমর্থক রকি মাতুব্বরের কথা কাটাকাটি ও হাতাহাতির ঘটনা ঘটে।

উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো গিয়াস উদ্দিন বলেন, মুরগী কেনা-বেচা নিয়ে রকি ও খায়েরের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে আমার সমর্থকের ওপর হামলা হয়।

বেতন দাবিতে গরিব শ্রমিকদের বিক্ষোভ, মহাসড়ক অবরোধ, আওয়ামী দালাল পুলিশের গুলি

ময়মনসিংহের ভালুকায় শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদ ও বেতনের দাবিতে শ্রমিক বিক্ষোভ, মহাসড়ক অবরোধ, দুই পক্ষের মাঝে ইটপাটকেল নিক্ষেপ, হামলা ও মারপিটের ঘটনা ঘটেছে। পরে আওয়ামী দালাল পুলিশ লাঠিচার্জ, টিয়ার শেল ও রাবার বুলেট নিক্ষেপ করে । ওই ঘটনায় কমপক্ষে ২৩ জন আহত হয়েছে।

বার্তা সংস্থা *কালের কণ্ঠ সূত্রে জানা যায়,* গতকাল সোমবার (৬ এপ্রিল) সকালে উপজেলার মাস্টারবাড়ি এলাকায় ক্রাউন অয়্যার্স লিমিটেডে এ ঘটনা ঘটে।

স্থানীয় একাধিক সূত্রে জানা যায়, সোমবার (৬ এপ্রিল) সকালে কাজে যোগদান করতে এসে ক্রাউন অয়্যার্স প্রাইভেট লিমিটেডের শ্রমিকরা দেখেন গত মাসের বেতন না দিয়েই কারখানা কর্তৃপক্ষ গেটে কারখানা বন্ধের নোটিশ টাঙিয়ে রেখেছে। ওই সময় শ্রমিকরা মিল কর্তৃপক্ষের কাছে তাদের গত মাসের বেতন দাবি করে। কিন্তু কর্তৃপক্ষ প্রথমে আগামী ১৩ এপ্রিল ও ৮ এপ্রিল বেতন দিতে চাইলে শ্রমিকরা তা প্রত্যাখান করে এবং তাদের দাবি আদায়ে বিক্ষোভ শুরু করে।

একপর্যায়ে তারা পাশের ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে নেমে আসে এবং প্রায় আড়াই ঘণ্টা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকে। একপর্যায়ে তারা কারখানার দিকে ইটপাটকেল ছুড়তে শুরু করে।

এ সময় আওয়ামী দালাল পুলিশ টিয়ার শেল ও রাবার বুলেট নিক্ষেপ করে। একই সময় লাঠিসোঁটা নিয়ে ওই কারখানা থেকে বের হয়ে আসা একটি বাহিনী শ্রমিকদের ওপর হামলা চালিয়ে তাদেরকে বেধড়ক মারপিট করে। বিভিন্ন স্থান থেকে শ্রমিকদের ধরে এনেও মারপিট

করা হয় বলেও জানা গেছে। ওই ঘটনায় কমপক্ষে ২০ শ্রমিক আহত হয়েছে। আহতদের বিভিন্ন স্থানে চিকিৎসা দেওয়া হয়েছে।

শ্রমিকরা জানায়, গত রবিবার (৫ এপ্রিল) তারা কাখানায় কাজ করে গেছেন। আজ সোমবার (৬ এপ্রিল) সকালে তারা কাজ করতে এসে দেখেন গেটে কারখানা বন্ধের নোটিশ টাঙানো রয়েছে। কিন্তু তাদের গত মাসের বেতন দেওয়া হয়নি। তাদের হাতে বাড়ি যাওয়ার, খাওয়া বা বাসাভাড়া দেওয়ার মতো টাকা নেই। তাদের অভিযোগ, গত মাসের বেতন না দিয়ে এবং পূর্ব ঘোষণা ছাড়াই কর্তৃপক্ষ কারখানা বন্ধের নোটিশ টাঙিয়ে দিয়েছে। শ্রমিকরা গত মাসের বেতন দিয়ে কারখানা বন্দের দাবি জানালে মিল কর্তৃপক্ষ ও তাদের লেলানো গুণ্ডা বাহিনী তাদের ওপর হামলা ও মারপিট করে কমপক্ষে ২০ জনকে আহত করেছে। শ্রমিকদের দাবি, মিলের গুণ্ডাদের তাড়া খেয়ে রাস্তা পার হওয়ার সময় ট্রাকচাপায় দুজন শ্রমিক নিহত হয়েছে।

ধুনটে আওয়ামী বাহিনীর মধ্যে বিবাদ চরমে

বগুড়ার ধুনট উপজেলা যুবলীগের শিক্ষাবিষয়ক সম্পাদক মামদুদুর রহমান মইনুলসহ চারজনের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ দায়ের হয়েছে। উপজেলার মথুরাপুর ইউনিয়ন পরিষদের সদস্য জুয়েল সরকার বাদী হয়ে থানায় এ অভিযোগ দায়ের করেন।

সংবাদ মাধ্যম কালের কণ্ঠ অভিযোগ সূত্রে জানিয়েছে, উপজেলার ধেরুয়াহাটি গ্রামের মোনছের আলীর ছেলে জুয়েল সরকার মথুরাপুর ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ডের সদস্য। তিনি সন্ত্রাসী যুবলীগের রাজনীতির সাথে জড়িত। জুয়েল সরকারের নিকট বিভিন্ন সময়ে চাঁদা দাবি করেন একই গ্রামের যুবলীগ নেতা মামদুদুর রহমান মইনুল ও তার লোকজন। কিন্ত জুয়েল সরকার তাদের দাবিকৃত চাঁদার টাকা দিতে অস্বীকার করেন।

এতে জুয়েল সরকারের প্রতি ক্ষুব্ধ হয়ে ওঠেন মইনুল ও তার লোকজন। একপর্যায়ে জুয়েল সরকারের ছবি বিকৃত করে মাদকদ্রব্য সেবনের একটি ভিডিও তৈরি করেন তারা। জুয়েল সরকারের সেই ভিডিওটি ৫ এপ্রিল সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) ভাইরাল করেন মইনুল ও তার লোকজন।

এ ঘটনায় জুয়েল সরকার বাদী হয়ে রবিবার রাতে থানায় একটি অভিযোগ দায়ের করেন। ওই অভিযোগে ধেরুয়াহাটি গ্রামের আকতার হোসেনের ছেলে মামদুদুর রহমান মইনুল ও আলীমুদ্দিনের ছেলে আল-মাহমুদসহ চারজনকে আসামি করা হয়েছে।

এ বিষয়ে মামদুদুর রহমান মইনুল বলেন, জুয়েল সরকারের মাদক সেবনের ভিডিও ভাইরাল করার ঘটনার সাথে আমি জড়িত না। তারপরও তিনি আমাকে প্রাণনাশের হুমকি দিয়েছেন। এ ঘটনায় তার বিরুদ্ধে ২২ মার্চ থানায় অভিযোগ দিয়েছি। ওই অভিযোগ থেকে বাঁচার জন্য তিনি আমার বিরুদ্ধে চাঁদাবাজির মিথ্যা অভিযোগ দিয়েছেন।

তুচ্ছ ঘটনায় তিন সন্ত্রাসী যুবলীগ কর্মীর সংঘর্ষ, তিনজনই আহত

নাটোরে অভ্যন্তরিন বিরোধের জেরে তিন সন্ত্রাসী যুবলীগ কর্মীর মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে রকি, বাপ্পী ও উল্লাস নামে তিনজনই আহত হয়েছেন। এরা একে অপরকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেন।

আহতদের মধ্যে রকি ও বাপ্পীকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল এবং উল্লাসকে নাটোর সদর হাসপাতালে ভর্তি করা হয়।

বিডি প্রতিদিন সূত্রে জানা যায়, গতকাল সোমবার দুপুরে শহরের কানাইখালী এলাকায় এই সংঘর্ষের ঘটনা ঘটে।

নাটোরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল হাসনাত ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, রকি, বাপ্পী ও উল্লাস তিন বন্ধু। তারা যুবলীগের কর্মী এবং একই সঙ্গে চলাফেরা করে।

নিজেদের মধ্যে কোন বিষয় মতানৈক্য সৃষ্টি হওয়ায় রবিবার রাতে বিরোধ বাধে। কথাকাটাকাটির এক পর্যায়ে হাতাহাতির ঘটনাও ঘটে। পরে বিষয়টি নিজেরাই সমঝোতা করে নেয়। কিন্ত সোমবার দুপুরে কানাইখালী ফায়ার স্টেশন অফিসের পিছনে ওই তিন জনের মধ্যে পূর্বের ঘটনা নিয়ে বিরোধ বাধলে একে অপরের ওপর ধারালো অস্ত্র নিয়ে চড়াও হয়। এক পর্যায়ে একে অপরকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে।

ফায়ার স্টেশন কর্মীরা আহতদের উদ্ধার করে তাদের নাটোর সদর হাসপাতালে রেখে যায়। পরে অবস্থার অবনতি হলে রকি ও বাপ্পীকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

০৬ই এপ্রিল, ২০২০

খোরাসান | তালেবানদের নিকট আত্মসমর্পণ করল ৬৬ আফগান সেনা!

ইমারতে ইসলামিয়ার বিজয়ের পাশাপাশি প্রতিনিয়ত অনেক আফগান পুলিশ ও সেনা সদস্য নিজেদের ভুল স্বীকার করে তালেবান মুজাহিদদের হাতে আত্মসমর্পণ করেছে, যাদের অনেকেই যোগ দিচ্ছে ইমারতে ইসলামিয়ার জানবায মুজাহিদদের কাতারে।

এরি ধারাবাহিকতায় গত ৫ মার্চ আফগানিস্তানের বদাখশান প্রদেশের "বাহারাক" জেলার কমান্ডার নাজিবুল্লাহ সহ ১০ সৈন্য তালেবান মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করে। এসময় তারা ৬টি ক্লাশিনকোভ সহ অনেক যুদ্ধাস্ত্র মুজাহিদদের নিকট অর্পণ করে।

অন্যদিকে জাউজান প্রদেশের "মার্দিয়ান" জেলার গোত্রীয় প্রধান সহ ৬ সৈন্য মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করে।

এমনিভাবে বাগলানের প্রাদেশিক শহরের বিভিন্ন স্থান হতে ২৪ আফগান সেনা সদস্য তালেবান মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করে।

একইভাবে বলখ প্রদেশের ৫টি এলাকা হতে উচ্চপদস্থ কতক আফগান কমান্ডারসহ ২৬ সেনা সদস্য মুজাহিদদের সাথে এসে মিলিত হয়।

সোমালিয়া | মুজাহিদদের হাতে মুরতাদ বাহিনীর সামরিক ঘাঁটি বিজয়

আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন গত ৫ মার্চ জুবা প্রদেশের "সিঞ্জালার" শহরে অবস্থিত মুরতাদ বাহিনীর একটি ঘাঁটিতে ভারী যুদ্ধাস্ত্র দ্বারা তীব্র হামলা চালান।

মুজাহিদদের উক্ত হামলায় সোমালিয় মুরতাদ বাহিনী ময়দানে টিকতে না পেনে সামরিক ঘাঁটি ছেড়ে পলায়ন করে। এসময় মুজাহিদদের হামলায় অনেক মুরতাদ সৈন্য নিহত ও আহত হয়। মুজাহিদগণ সামরিক ঘাঁটিটি বিজয়ের পর অনেক গনিমত লাভ করেন।

ইয়ামান | মুরতাদ হুতি বিদ্রোহীদের উপর আল-কায়েদার হামলা, নিহত ৩ এরও অধিক!

আল-কায়েদা আরব উপদ্বীপ শাখা "আনসারুশ শরিয়াহ" (AQAP) এর জানবায মুজাহিদিন গত ৫ মার্চ ইয়ামানের আবয়ান প্রদেশে মুরতাদ হুতি শিয়াদের বিরুদ্ধে ৩টি সফল অভিযান পরিচালনা করেছেন।

এর মধ্যে বায়দা প্রদেশের "আল-বাতহা" এলাকায় মুজাহিদদের পরিচালিত একটি হামলায় ২ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত হয়।

একই অঞ্চলের "তিয়াব" এলাকায় মুজাহিদদের অন্য একটি হামলার শিকার হয় গাড়িতে আরোহী মুরতাদ হুতি বিদ্রোহীরা। এতে মুরতাদ বাহিনীর গাড়িটি ক্ষতিগ্রস্থ হয় এবং কতক মুরতাদ সৈন্য হতাহত হয়।

এর আগে উক্ত এলাকায় মুজাহিদগণ হালকা ও মাঝারিধরণেন অস্ত্রদ্বারা মুরতাদ হুতীদের উপর হামলা চালান, তখনও কতক মুরতাদ সৈন্য হতাহতের শিকার হয়।

সোমালিয়া | দখলদার ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর উপর মুজাহিদদের একাধিক হামলা!

আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় ৬ মার্চ দখলদার ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর বিরুদ্ধে প্রায় ৬টিরও অধিক সফল অভিযান পরিচালনা করেছেন।

এতে শাবেলী সুফলা প্রদেশের "জানালী" শহরে মুজাহিদদের পরিচালিত একটি হামলায় নিহত হয় ৪ এরও অধিক সোমালিয় মুরতাদ সৈন্য।

এমনিভাবে কাসমায়ো শহরের "ইয়ানতাওয়ী" এলাকায় মুজাহিদদের গেরিলা হামলায় নিহত হয় আরো ১ মুরতাদ সৈন্য।

এছাড়াও হারাকাতুশ শাবাব মুজাহিদিন আউদাকলী, হুজনাকু,বারসানজুনী ও লাউক শহরেও ক্রুসেডার ইথিউপিয়ান ও কেনিয়ান বাহিনীর পাশাপাশি সোমালিয় মুরতাদ বাহিনীর বিরুদ্ধে আরো ৪টিরও অধিক সফল অভিযান পরিচারনা করেন। যার ফলাফল এখনো স্পষ্টরূপে জানা যায়নি।

এই দুর্দিনেও জনগণের আড়াই টন চাল চুরি করলো ইউপি মেম্বার

বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্মের পর থেকে নিয়েই এ দেশ চোরদের দখলে। রাষ্ট্রপ্রধান থেকে শুরু করে একেবারে ইউপি সদস্য পর্যন্ত নেতারা জনগণের সম্পদ চুরি করে আসছে। সেই ধারাবাহিকতায় এবার করোনা পরিস্থিতিতে ক্ষতিগ্রস্থদের জন্য বরাদ্দকৃত আড়াই টন চাল চুরি করেছে ঝালকাঠি সদর উপজেলার বাসন্ডা ইউনিয়নের একজন মেম্বার।

বার্তাসংস্থা কালেরকণ্ঠের সূত্রে জানা যায়, ৫ই এপ্রিল রবিবার রাত নয়টার দিকে স্থানীয়দের থেকে প্রাপ্ত সংবাদের ভিত্তিতে ঝালকাঠি সদর উপজেলার বাসন্ডা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য ও জেলা মেম্বারস ফোরামের সভাপতি মো. মনিরুজ্জামান মনিরের বাড়িতে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত। অভিযানের বিষয়টি টের পেয়ে অবশ্য আগেই পালিয়ে যায় ঐ মেম্বার। এসময় তার বাড়ি থেকে জব্দ করা হয় মজুদকরা ত্রাণের আড়াই টন চাল।

চালগুলো করোনা পরিস্থিতিতে ক্ষতিগ্রস্থদের জন্য বরাদ্দ করা হয়েছিল। রাতে সরকারি বস্তা থেকে চাল বের করে অন্য বস্তায় ভরা হচ্ছিল। বিষয়টি স্থানীয়রা টের পেয়ে জেলা প্রশাসনকে জানালে এ অভিযান চালানো হয়।

জেলা প্রশাসক জোহর আলী বলেন, ‘জব্দ করা সরকারি চাল ছিল অন্য প্যাকেটে ভরা। চালগুলো জিম্মায় রাখার ব্যবস্থা করা হচ্ছে। মেম্বারের মা জানিয়েছেন কয়েকদিন আগে মনির চাল রেখে যায় এবং জানায় চালগুলো সে নিজের টাকায় কিনেছে।’

এভাবে দেশের মানুষ যখন না খেয়ে মরার মতো ভয়ংকর পরিস্থিতি সৃষ্টি হচ্ছে তখনও এসকল আওয়ামী প্রশাসনের সদস্যরা জনগণকে তাদের অধিকার থেকে বঞ্চিত করছে এবং জনগণের সম্পদ চুরি করে নিজেদের পেট ভরছে।

কারখানা মালিকদের আত্মঘাতী সিদ্ধান্তে ভয়াবহ রকম করোনা ঝুঁকিতে পড়ল গোটা দেশ: টিআইবি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলছেন, ‘কোভিড-১৯ এর বিস্তার ঠেকাতে সরকার ছুটির মেয়াদ বাড়িয়ে দিল। আগামী দুই সপ্তাহ সময়কে স্বাস্থ্য বিশেষজ্ঞরা সবচেয়ে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করায় সরকার কর্তৃক সবাইকে

জরুরি প্রয়োজন ছাড়া ঘরে থাকতে বলা হচ্ছে। এমন মুহূর্তেও পোশাকশিল্প মালিকরা যেভাবে শ্রমিকদের তাদের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার অধিকার লঙ্ঘন করে চাপেরমুখে কর্মস্থলে ফিরতে বাধ্য করেছেন তা চরম অমানবিক।

রোববার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে সংস্থাটি বলছে, মালিকপক্ষের জাতীয় স্বার্থ পরিপন্থি এই অবিবেচনাপ্রসূত স্বার্থপর আচরণে লাখ লাখ শ্রমিক এবং কার্যত গোটা দেশই করোনাভাইরাস সংক্রমণ ছড়িয়ে পড়ার ভয়াবহ ঝুঁকিতে পড়েছে। মালিকদের হুমকিতে 'চাকরি বাঁচাতে' দূর-দূরান্ত থেকে লাখ লাখ শ্রমিক যেভাবে পায়ে হেঁটে কাজে যোগ দিতে বাধ্য হয়েছেন তাকে শ্রমিকের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার অধিকারের চূড়ান্ত লঙ্ঘন বলে অভিহিত করেছে টিআইবি।

টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলছেন, 'কোভিড-১৯ এর বিস্তার ঠেকাতে সরকার ছুটির মেয়াদ বাড়িয়ে দিল। আগামী দুই সপ্তাহ সময়কে স্বাস্থ্য বিশেষজ্ঞরা সবচেয়ে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করায় সরকার কর্তৃক সবাইকে জরুরি প্রয়োজন ছাড়া ঘরে থাকতে বলা হচ্ছে। বিশ্বজুড়ে যখন সব ধরনের কার্যক্রম স্থবির হয়ে গেছে, উৎপাদিত পণ্যও রপ্তানির সুযোগ নেই বললেই চলে, পণ্য বা উপাদান যেখানে পচনশীল কিংবা জরুরি প্রয়োজনীয় বিবেচিত হওয়ার সুযোগ নেই, সেই পরিস্থিতিতে কারখানা খুলে দেবার সিদ্ধান্তের মাধ্যমে শ্রমিকদের কর্মস্থলমুখী করে, তাদের এবং কার্যত পুরো দেশকে কাণ্ডজ্ঞানহীনভাবে ঝুঁকির মুখে ঠেলে দেয়াটা চরম স্বার্থপরতা ও ষড়যন্ত্রমূলক ছাড়া আর কী হতে পারে! এর দায় কারখানা মালিক থেকে শুরু করে

মালিকদের প্রতিনিধিত্বকারী সংগঠন বিজিএমইএ এবং বিকেএমইএ যেভাবেই ব্যাখ্যা করুক না কেন, কোনো অবস্থাতেই এড়াতে পারে না।'

এ খাতের নেতৃবৃন্দ শ্রমিকদের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার অধিকার লঙ্ঘন করে সাধারণ মানুষের স্বাস্থ্য ঝুঁকি ব্যাপক বৃদ্ধি করে জাতীয় স্বার্থের পরিপন্থি অবস্থান নিলেন। শ্রমিকদের কর্মস্থলে ফিরতে বাধ্য করা হলো, তারা অমানবিক পরিশ্রম করে পায়ে হেঁটে দূর-দূরান্ত থেকে ফিরলেন। তারপর তীব্র সমালোচনার মুখে প্রায় মধ্যরাতে মালিকদের সংগঠন বিভ্রান্ত আহ্বান জানালো কারখানা বন্ধ রাখার। এই যে শ্রমিকরা এত কষ্ট করে, এত ঝুঁকি নিয়ে ফিরলেন, তারা মধ্য রাতে কোথায় যাবেন সেটা কি একবারও ভেবেছেন মালিকপক্ষ? এদিকে আজও(রোববার) বেশ কিছু কারখানা খোলা রাখার খবর পাওয়া যাচ্ছে। আর কতোটা অমানবিক হবেন তারা? আমরা ধারণা করেছিলাম রানা প্লাজার মতো অমানবিকতার মুখোমুখী আর কখনও এদেশকে হতে হবেনা। কিন্তু তৈরি পোশাকশিল্প মালিকরা প্রমাণ করে দিলেন যে, তাঁদের নিজেদের স্বার্থের সামনে শুধু শ্রমিকই নয়, পুরো দেশের কল্যাণ ও নিরাপত্তার কোনো অর্থ বহন করে না। রানা প্লাজায় ঝুঁকি নির্ধারিত হওয়া সত্ত্বেও কর্মীদের কাজে যোগদানে বাধ্য করা হয়েছিলো, আজ করোনা-কোভিডের সর্বোচ্চ ঝুঁকি নিশ্চিত জেনেও তৈরি পোশাক মালিক ও তাদের সংগঠন বিজিএমইএ ও বিকেএমইএ একই কাজ করল!'

ড. জামান বলছেন, 'বিভিন্ন গণমাধ্যমে একাধিক পোশাকশিল্প মালিককে উদ্ধৃত করে খবর বেরিয়েছে, সরকারের ঘোষিত তহবিল, অনুদান না হয়ে সহজ শর্তে ঋণ হওয়ায়, মালিকপক্ষ এমন পরিস্থিতি সৃষ্টি করেছেন। শ্রমিকের জানমালের নিরাপত্তা তথা পুরো দেশকে এভাবে জিম্মি করে দরকষাকষির হাতিয়ার বানানোর এই ঘৃণ্য পদক্ষেপের যথেষ্ট সমালোচনা করার মতো ভাষাও খুঁজে পাচ্ছি না।'

তিনি বলেন, 'সংশ্লিষ্ট খাতের ও অন্যান্য মন্ত্রী এবং জনপ্রতিনিধিদের অনেকেই পোশাকশিল্প মালিক হওয়ার পরও তারা পরিস্থিতি নিয়ন্ত্রণে এবং শ্রমিকের স্বার্থ সুরক্ষায় কার্যত ব্যর্থ হয়েছেন। অবস্থাদৃষ্টে প্রশ্ন ওঠা স্বাভাবিক, সরকারের ভেতরে নানা স্বার্থান্বেষী মহল কি এই জাতীয় দুর্যোগের সুযোগ নিয়ে প্রকারান্তরে সরকারকেই জিম্মি করে অতিরিক্ত সুবিধা আদায়ে সক্রিয় রয়েছে?

সূত্র: দ্য বিজনেস স্ট্যান্ডার্ড

---

১২ বাংলাদেশি তাবলিগ সদস্যের সাথে মালাউনদের কঠোরতা

দিল্লির নিজামুদ্দিন মারকাজে অংশ নেওয়া তাবলিগ জামাতের সদস্য ১২ জন বাংলাদেশি নাগরিকের বিরুদ্ধে মামলা রুজু করেছে ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের মালাউন পুলিশ। তাদের বিরুদ্ধে ১৯৪৬ সালের ফরেনার্স অ্যাক্ট লঙ্ঘনের অভিযোগ করা হয়েছে।

বিবিসি হিন্দিকে জানিয়েছে, এই বাংলাদেশি নাগরিকরা দিল্লির তাবলিগ জামাতের সমাবেশে অংশ নেন। পরে সেখান থেকে উত্তরপ্রদেশের বিভিন্ন এলাকায় চিল্লায় বেরিয়েছিলেন তারা।

এই ১২জনের মধ্যে অন্তত দুজন ইতিমধ্যেই করোনাভাইরাস পজিটিভ হিসেবে শনাক্ত হয়েছেন, বাকিদেরও পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষা করা হচ্ছে।

শামলির পুলিশ প্রধান ভিনিত জয়সোয়াল বিবিসিকে জানিয়েছেন, পর্যটক ভিসা নিয়ে ভারতে প্রবেশ করার পর এই বিদেশি নাগরিকরা বেআইনিভাবে ধর্মীয় কর্মকান্ডে অংশ নিয়েছেন, এ কারণেই তাদের বিরুদ্ধে এফআইআর করা হয়েছে।

তিনি আরও জানান, যে দুজন বাংলাদেশি নাগরিক এর মধ্যেই করোনা পজিটিভ শনাক্ত হয়েছেন, তাদের এখন রাখা হয়েছে ঝিনঝিনা-র একটি স্বাস্থ্যকেন্দ্রের আইসোলেশন ওয়ার্ডে।

করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে তাবলিগের সদস্যরা 'অসহযোগিতা' করছেন বলে মিথ্যা অভিযোগ করে উত্তরপ্রদেশের যোগী আদিত্যনাথ সরকার ইতিমধ্যেই তাদের বিরুদ্ধে ন্যাশনাল সিকিওরিটি অ্যাক্টের মতো কড়া আইন প্রয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে।

তাবলিগ জামাতের বিরুদ্ধে রাজ্য সরকারের এই কঠোর নীতির অংশ হিসেবেই ১২ জন বাংলাদেশির বিরুদ্ধে পুলিশি পদক্ষেপ নেওয়া হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয় আগেই জানিয়েছে, যে বিদেশিরা পর্যটক ভিসা নিয়ে ভারতে ঢুকে মারকাজে অংশ নিয়েছেন – তাদের প্রত্যেককে কালো তালিকাভুক্ত করে ভারতে প্রবেশ চিরতরে বন্ধ করে দেওয়া হবে।

অথচ পর্যটক ভিসা নিয়ে ভারতে ঢুকে মারকাজে অংশ নেয়া দোষের কিছু নয়।

সূত্র: পুবের কলম

করোনাভাইরাসে মৃত্যুহারে ইতালির পরই বাংলাদেশের স্থান

বৈশ্বিক মহামারী করোনাভাইরাসে মৃত্যুহার সবচেয়ে বেশি ইতালিতে, আর এরপরই অবস্থান বাংলাদেশের।

করোনাভাইরাস নিয়ে নিয়মিত তথ্যদেয়া 'ওয়ার্ল্ডোমিটার' নামক ওয়েবসাইটের সর্বশেষ পরিসংখ্যানে এ চিত্র দেখা গেছে।

করোনাভাইরাসে বাংলাদেশে মৃত্যুর হার বর্তমানে ১১.৪৩% যা এখনও বিশ্বের অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি।

ওয়ার্ল্ডোমিটার বলছে চীনে করোনায় মৃত্যুর হার ৪.০৪%। বাংলাদেশের সামনে আছে কেবল মৃত্যুপুরী বনে যাওয়া ইতালি (১২.২৫%), যদিও পার্থক্য খুবই সামান্য। আরেক মৃত্যুপুরী স্পেনের হারও বাংলাদেশের চেয়ে অনেক কম (৯.৩৯%)। করোনার নতুন আবাস আমেরিকায় অনেকে আক্রান্ত হলেও মৃত্যুহার খুবই কম (২.৬৭%)।

এশিয়ার দুই দেশ দক্ষিণ কোরিয়া এবং মালয়েশিয়াতেও মৃত্যুহার যৎসামান্য, যথাক্রমে ১.৭৪ % ও ১.৫৯%। প্রতিবেশী ভারতে (২.৭৯%) তাদের থেকে কিছুটা বেশি হলেও পাকিস্তানে (১.৪৮%) তুলনামূলকভাবে অনেক কম।

অন্যদিকে দক্ষিণ এশিয়ার আরেক দেশ শ্রীলঙ্কায় মৃত্যুহার ৩.১৪%। সুতরাং বলা যায় বাংলাদেশে করোনায় আক্রান্তদের মিছিল দিন দিন যেমন বাড়ছে, তেমনি মৃত্যুহারও পাল্লা দিয়ে বেড়ে চলেছে।

এদিকে রবিবারে করোনা নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন প্রেস ব্রিফিংয় থেকে জানা গেছে, বাংলাদেশে করোনায় এ পর্যন্ত মৃত্যুবরণ করেছেন ৯ জন। আক্রান্ত হয়েছেন ৮৯ জন। এর মানে দেশে প্রতি ১০০ জন করোনা আক্রান্ত রোগীদের মধ্যে প্রায় ১১ জন মারা যাচ্ছেন।

তবে করোনায় আক্রান্তের সংখ্যা হিসাব নিকাশে ভুল হবার কারণেই এটা হচ্ছে বলে ধারণা করা হচ্ছে।

সূত্র: ইনসাফ ২৪

তাবলিগ নিয়ে অপপ্রচার ধর্মীয় বিদ্বেষ : দারুল উলুম দেওবন্দ

সম্প্রতি তাবলিগ জামাতের মার্কাজ দিল্লির নিযামুদ্দিনে তাবলিগ জামাতকে কেন্দ্র করে যে ইস্যু, তাবলিগ জামাতের সমাবেশে যোগ দেয়া বড় একটা অংশ করোনাভাইরাসে আক্রান্ত বলে যে প্রচার চালানো হচ্ছে সেটিকে ধর্মীয় বিদ্বেষ বলে আখ্যায়িত করেছে ভারতের প্রভাবশালী ধর্মীয় প্রতিষ্ঠান দারুল উলুম দেওবন্দ।

করোনাভাইরাসকে ধর্মীয় সহিংসতায় ব্যবহার করা অত্যন্ত নিন্দনীয় ও ঘৃণিত কাজ বলে মন্তব্য করে শনিবার (০৪ এপ্রিল) দেওবন্দ মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আবুল কাসেম নোমানী একটি বিবৃতি দেন।

দেওবন্দ মাদ্রাসার ওয়েবসাইটে প্রকাশিত ওই বিবৃতিতে বলা হয়, নিজামুদ্দিন মারকাজকে কেন্দ্র করে সম্প্রতি যে জলঘোলা পরিস্থিতির সৃষ্টি করা হয়েছে, এটি অবশ্যই নিন্দনীয়। বৈশ্বিক এই সঙ্কটকালেও কিছু নীতি ভ্রষ্ট মানুষ করোনাভাইরাসকে ধর্মীয় সহিংসতায় ব্যবহার করতে চাচ্ছেন; আমরা জোরালো ভাষায় এর নিন্দা ও প্রতিবাদ জানাই।

ভারতীয় প্রশাসনের কাছে আবেদন জানিয়ে বিবৃতিতে বলা হয়, আশা করছি সরকার বিষয়টি গুরুত্বের সঙ্গে যাচাই করবে এবং যারা করোনাভাইরাসকে ধর্মীয় বিরোধ ও সংঘাতে ব্যবহার করতে চাচ্ছে, তাদের ব্যাপারে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে।

'বিশেষত দেশ এবং দেশের বাইরের যারা করোনায় আক্রান্ত হয়েছেন, তাদের প্রতি আইনি ব্যবস্থার আগে মানবতার পরিচয় দেয়া হবে বলে আমরা আশা করছি'।

বিবৃতিতে তাবলিগ জামাতের যে সদস্যরা ১ মার্চের পরে দিল্লির নিজামুদ্দিন মারকাজে অবস্থান করেছিল, তাদের স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ করে নিজেদের স্বাস্থ্য পরীক্ষা করে নেয়ারও আহ্বান জানানো হয়।

নিজামুদ্দিনের ঘটনায় ভারতীয় মিডিয়া বিদ্বেষ ছড়াচ্ছে অভিযোগ করে দেওবন্দের প্রিন্সিপাল বলেন, আমরা এ জাতীয় বিদ্বেষ ছড়ানোর তীব্র নিন্দা জানাই। সরকারের কাছে আমরা দাবি জানাচ্ছি, এ জাতীয় বিদ্বেষ যে মিডিয়াগুলো ছড়িয়েছে, তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সূত্র: যুগান্তর

এবার করোনাভাইরাস থেকে বাঁচতে নিউইয়র্কে 'হিজাব-নিকাব' পরার নির্দেশ

কেউ ঘর বাইরে বের হলে তাদের স্কার্ফ দিয়ে মুখ ঢেকে (হিজাব-নিকাব) বের হওয়ার নির্দেশ দিয়েছেন নিউইয়র্ক সিটি মেয়র বিল ডি ব্লাজিও।

তিনি বলেছেন, ঘরে তৈরি স্কার্ফ (হিজাব-নিকাব) হলেও তা পরে বাইরে বের হতে হবে।

বৃহস্পতিবার (২ এপ্রিল) এক সংবাদ সম্মেলনে নিউইয়র্কের মেয়র বিল ডি ব্লাজিও একথা বলেন।

তিনি বলেন, ‘বাইরে বের হলে বা অন্য মানুষের কাছাকাছি গেলে মুখ কাপড়ে ঢেকে যাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। এটি একটি স্কার্ফ হতে পারে বা বাড়িতে তৈরি যেকোনো কিছু হতে পারে, যা দিয়ে মুখ পুরো ঢেকে রাখা যায়।’

বিল ডি ব্লাজিও সার্জিক্যাল মাস্ক বা অন্যান্য মেডিকেল-গ্রেডের মাস্ক ব্যবহার না করতে নিউইয়র্কের বাসিন্দাদের সতর্ক করে এ কথা বলেছেন।

তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, এমনিতেই এখন হাসপাতালগুলোতে এসব সরঞ্জামের ঘাটতি রয়েছে। সেখানে যারা সুস্থ থেকেও ব্যক্তিগত সুরক্ষায় সার্জিক্যাল বা ক্লিনিক্যাল মাস্ক ব্যবহার করছেন, তাদের কারণে হাসপাতালগুলোতে এসব অতি দরকারি সরঞ্জামের আরও সংকট সৃষ্টি হবে।

বিল ডি ব্লাজিও আরও বলেন, আমাদের স্বাস্থ্যসেবা কর্মী এবং প্রথম সারিতে থেকে যারা সরাসরি হাসপাতালে আছেন, এগুলো তাঁদের প্রয়োজন। এসব খুবই মূল্যবান, যা এই সময়ে অনেক কষ্ট করে সংগ্রহ করা আসা হয়েছে। তাই তিনি এসবের ব্যবহার সম্পর্কে একটু সচেতন হতে সবাইকে স্কার্ফ ব্যবহার করার পরামর্শ দিয়েছেন।

নিউইয়র্কের মেয়র বলেন, ৬ এপ্রিলের মধ্যে নিউইয়র্ক নগরীর হাসপাতালগুলো করোনাভাইরাস রোগীদের আসন্ন স্রোত সামলাতে প্রস্তুত হওয়ার জন্য এবং ৫ এপ্রিলের মধ্যে নগরীর হাসপাতালে ৩৩ লাখ এন ৯৫ মাস্ক, ২১ লাখ সার্জিক্যাল মাস্ক, এক লাখ গাউন ও ৪০০ ভেন্টিলেটর পাওয়া অবশ্যই দরকার। না হলে মানুষের সংক্রমণ ও মৃত্যু ঠেকানো সম্ভব হবে না।

এদিকে আমেরিকার সংক্রামক রোগ সোসাইটির কর্মকর্তা চিকিৎসক অ্যাঞ্জেলা হিউলেট বলেছেন, স্কার্ফ বা অন্য কোনো কিছু দিয়ে মুখ বন্ধ করা গেলে অন্যকে করোনাভাইরাস ছড়িয়ে দেওয়া থেকে রক্ষা করতে পারে। এ জন্য একটি স্কার্ফ রুমাল বা টিস্যু জাতীয় জিনিস এ ধরনের সংক্রমণ রোধে কাজ করবে।

এরপর শুক্রবার (৩এপ্রিল) একই কথা বলেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

তিনি বলেছেন, কাপড়ের ঘনত্বের বিচারে স্কার্ফ মাস্কের ভালো বিকল্প।

রিপোর্টঃ ইনসাফ২৪

করোনা নিয়ে সচেতন করতে গিয়ে সন্ত্রাসী আ.লীগ নেতার হাতে সাংবাদিক লাঞ্ছিত

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে করোনাভাইরাস থেকে রক্ষা পেতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে সচেতনতামূলক পোস্ট করায় নবীনগরের সলিমগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সন্ত্রাসী আওয়ামী লীগ নেতার হাতে প্রশাসনের কর্মকর্তাদের সামনে স্থানীয় এক সাংবাদিক লাঞ্ছিত হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় স্থানীয় সাংবাদিকদের মাঝে চরম ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে।
শনিবার (৪ এপ্রিল) সকালে সলিমগঞ্জ বাজারে ইউনিয়ন পরিষদের সামনে তরমুজের বাজার বসলে সেখানে লোকে লোকারন্য হয়ে যায়। এ নিয়ে ফেইসবুকে লাইভে আসেন দেশ সংবাদ অনলাইন পোর্টাল ও পল্লী টিভির (আইপি টিভি) স্থানীয় সাংবাদিক মুহাম্মাদ আক্তারুজ্জামান।

লাইভে এসে তিনি বলেন, সারাদেশ যখন করোনা আতঙ্ক নিয়ে প্রতিটি দিন পার করছে। নিজ নিজ ঘরে অবস্থান করার নির্দেশ দিয়েছে। অপ্রয়োজনে ঘর থেকে বের হতে নিষেধ করা হয়েছে। ৩ ফুট দূরত্ব বজায় রেখে প্রয়োজনীয় মালামাল ক্রয় করার পরামর্শ দেওয়া হয়েছে। এই ভয়াবহ পরিস্থিতির মধ্যে সলিমগঞ্জ ইউনিয়ন পরিষদের সামনে তরমুজের জমজমাট বাজার বসেছে। অতিরিক্ত জনসমাগম ঘটিয়ে তারা গুরুত্বপূর্ণ নির্দেশনা অমান্য করে ব্যবসা বানিজ্য করছেন। এই দৃশ্য কি চেয়ারম্যান সাহেবের নজরে আসে না? তিনি করোনা সচেতনতায় কি দায়িত্ব পালন করছেন? এই লাইভ দেখে তেলে বেগুনে জ্বলে উঠেন সলিমগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামীলীগ নেতা খোরশেদ আলম।

নির্যাতিত সাংবাদিক আক্তারুজ্জামান বলেন, দুপুরে সহকারী কমিশনার (ভূমি) ইকবাল হাসান ও নবীনগর থানার ওসি (তদন্ত) রুহুল আমিন সলিমগঞ্জ বাজারে আসেন। এই সংবাদ পেয়ে নিউজ সংগ্রহ করতে গেলে একই স্থানে উপস্থিত হন চেয়ারম্যান খোরশেদ আলম। সেখানে চেয়ারম্যান আমাকে দেখতে পেয়েই গালমন্দ ও কিল ঘুষি মারতে থাকেন। এক পর্যায়ে তিনি প্রাণে মেরে ফেলার হুমকি দেন।

রিপোর্টঃ ইনসাফ২৪

করোনার ত্রাণ আত্মসাতের অভিযোগ ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে

চট্টগ্রামের হাটহাজারী উপজেলার ৩ নম্বর মির্জাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল আবছারের বিরুদ্ধে দরিদ্রদের করোনা সহায়তার ত্রাণসামগ্রী আত্মসাতের অভিযোগ উঠেছে

উপজেলা প্রশাসন থেকে পাওয়া ত্রাণ এলাকায় ইউপি সদস্যদের না জানিয়ে আত্মসাতের অভিযোগ উঠেছে এ চেয়ারম্যানের বিরুদ্ধে। হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে গতকাল (৪ এপ্রিল) শনিবার এ বিষয়ে লিখিত অভিযোগ করেছেন ইউনিয়নের সাধারণ সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যরা।

অভিযোগ সূত্রে জানা গেছে, মির্জাপুর ইউনিয়ন পরিষদের মেম্বরদের কিছু না জানিয়ে একতরফা রেজুলেশন করে বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড যেমন, ওয়ান পার্সেন্টের কাজ, ইউনিয়ন পরিষদের নিজস্ব আয়ের কোনো হিসাবপত্র পরিষদের সাধারণ সদস্যদের না জানানো। নিজের ইচ্ছায় এলজিএসপি, এডিপিসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে আসছিল।

এরই ধরাবাহিকতায় বিদেশফেরত হোম কোয়ারেন্টিনে থাকা এবং হতদরিদ্রের তালিকা মেম্বরদের না জানিয়ে চেয়ারম্যান নিজের ইচ্ছামতো তালিকা করে। সরকার থেকে প্রাপ্ত ত্রাণ ইউপি ওয়ার্ড অনুযায়ী বিতরণ না করে নিজের ইচ্ছা মতো বিতরণ করা ইত্যাদি।

অভিযোগ প্রসঙ্গে বক্তব্য জানার জন্য মির্জাপুর ইউপি চেয়ারম্যান নুরুল আবছারের একাধিক নম্বরে যোগাযোগ করা হলেও মোবাইল বন্ধ থাকায় তার কোনো বক্তব্য পাওয়া যায়নি।

সূত্র:কালের কণ্ঠ

---

২৪ ঘণ্টায় ৪ মাসের বৃষ্টিতে বন্যায় তলিয়ে গেছে করোনায় 'মৃত্যুপুরী' স্পেন

প্রাণঘাতী করোনাভাইরাসের ভয়াবহতায় মৃত্যুপুরীতে পরিণত হয়েছে স্পেন। তার উপর নতুন সংকট। টানা বৃষ্টিতে বন্যা পরিস্থিতি তৈরি হল দেশের পূর্ব অংশে।

ইউরোপের দেশ স্পেনে ভয়ঙ্কর আক্রমণ চালাচ্ছে ভয়াল করোনা। এরই মধ্যে দেশটিতে প্রাণঘাতী এই ভাইরাসের মারা গেছে ১১ হাজার ৭৪৪ জন মানুষ। আক্রান্ত হয়েছেন ১ লাখ ২৪ হাজার ৭৩৬ জন। গোটা দেশ এখন করোনা মোকাবেলায় ব্যস্ত। দেশজুড়ে জারি হয়েছে লকডাউন। শোনা যাচ্ছে পরিস্থিতি এতটাই ভয়াবহ যে লকডাউনের সময়সীমা আরও বাড়ানো হবে। এই পরিস্থিতিতে দেশটির পূর্ব অংশে বন্যা পরিস্থিতিতে কার্যত ঘুম ছুটেছে প্রশাসনের।

সরকারি সূত্রে খবর, স্পেনে চারমাসে যত বৃষ্টি হয়, সেই একই পরিমাণ বৃষ্টি হয়েছে মাত্র ২৪ ঘণ্টায়। কাস্তেলোঁ প্রদেশের রাজধানী কাস্তেলোঁ দে লা প্লানায় প্রায় ১ লক্ষ ৭০ হাজার মানুষ বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে জানা গেছে।

স্পেনের আবহাওবিদরা জানিয়েছেন, বছরের এই সময় সাধারণত ৪২ মিলিমিটার মতো বৃষ্টিপাত হয়। কিন্তু ২৪ ঘণ্টায় (৩১ এপ্রিল থেকে ১ মার্চ) বৃষ্টিপাত হয়েছে ১৪৭ মিলিমিটার। তারপর থেকে হালকা ও মাঝারি বৃষ্টি তো চলছেই। ফলে পূর্ব স্পেন কার্যত বন্যায় তলিয়ে গেছে। বৃষ্টির জেরে স্পেনের ভ্যালেন্সিয়ার উপকূলের অবস্থাও বেশ খারাপ। ১৯৭৬ সালের পর, গত ৩০ বছরে ২৪ ঘণ্টায় এতটা বৃষ্টিপাত আর কোনও বছর হয়নি। ২৪ ঘণ্টা বা একদিনের হিসেবে গত কয়েক বছরে এটি রেকর্ড বৃষ্টি। যার জেরে স্পেনের আলমাসোরা বুরিয়ানা এবং ভিলাফ্র্যাঙ্কা শহর ভাসছে পানিতে।

তার উপর উত্তরাঞ্চলের ডেজার্ট ডি লেস পামেস পর্বতমালা থেকে প্রবল বেগে নেমে আসছে বৃষ্টির পানির ঢল। ফলে পরিস্থিতি হয়েছে আরও ভয়াবহ। বাড়িঘর, রাস্তাঘাট সবই প্রায় ডুবতে বসেছে। এলাকায় উদ্ধারকাজে নেমেছে দমকল বাহিনী। বন্যায় আটকে পড়া মানুষদের নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যাচ্ছেন তারা। এখনও চলছে উদ্ধারকাজ। তবে ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি।

সূত্র: ইনসাফ২৪

০৫ই এপ্রিল, ২০২০

দখলদার ইসরাইলি বাহিনীর হাতে ৬ নারী ও ৫৪ শিশুসহ ২৫০ জন ফিলিস্তিনি গ্রেফতার

সারা বিশ্ব এখন 'করোনা ভাইরাস' আতঙ্কে আতঙ্কিত। এমনকি ইসরায়েলেও ছড়িয়ে পড়েছে করোনা ভাইরাস। আর এই করোনা মহামারীর মধ্যেও থেমে নেই দখলদার ইসরায়েলের সন্ত্রাসী কার্যক্রম। গত মার্চ মাস ছিল করোনা ভাইরাস প্রাদুর্ভাবের হট-টাইম। আর এই মার্চ মাসেই দখলদার সেনাবাহিনী দখল করা ফিলিস্তিনি অঞ্চলগুলিতে অধিক আগ্রাসন ও গ্রেফতার চালিয়েছে। গত ৩ এপ্রিল প্রকাশিত এক প্রতিবেদনে মিডলইস্ট মনিটর জানিয়েছে, মার্চ মাসে গ্রেফতার করা হয়েছে ৫৪ নারী-শিশুসহ ২৫০ জন ফিলিস্তিনিকে।

গত বৃহস্পতিবার(২ এপ্রিল) ফিলিস্তিনের "প্রিজনার সেন্টার ফর স্টাডিজ" জানিয়েছে যে, মার্চ মাসে দখলদার বাহিনী ২৫০ জন ফিলিস্তিনি নাগরিককে গ্রেপ্তার করেছে। যাদের মধ্যে ৫৪ জন শিশু এবং ৬ জন মহিলা রয়েছে।

গত মাসে দখলদার বাহিনী গাজা উপত্যকা থেকে ৮ জন ফিলিস্তিনি মুসলিম নাগরিককে গ্রেপ্তার করেছিল। যাদের মধ্যে ৩ জন ছিলেন ব্যবসায়ী, যারা এরিজ এলাকা পারাপারের সময় গ্রেপ্তার হয়েছিল এবং গাজা উপত্যকার পূর্ব সীমান্ত অতিক্রম করার সময় আরও ৫ জন যুবককে গ্রেপ্তার করা হয়েছিল।

দখলদার সন্ত্রাসী রাষ্ট্রটি ফিলিস্তিনি মহিলাদের এবং অপ্রাপ্তবয়স্ক শিশুদের টার্গেট করে গ্রেপ্তার করেছে। যাদের বেশিরভাগই অধিকৃত জেরুজালেমের বাসিন্দা।

ফিলিস্তিনের প্রিজনার সেন্টার ফর স্টাডিজের মুখপাত্র ও গবেষক রিয়াদ আল-আশকার নিশ্চিত করেছেন যে, বিশ্বের এই ব্যাতিক্রমী পরিস্থিতিতে ফিলিস্তিনি নারী-শিশুদের অব্যাহত গ্রেপ্তার ফিলিস্তিনিদের জীবনকে মারাত্মকভাবে বিপন্ন করে তুলছে যা পুরো বিশ্বকে হতবাক করেছে ।

দখলদার জায়নবাদী কর্তৃপক্ষ কিছু বন্দীদের মুক্তি দিলেও তারা অসুস্থ, প্রবীণ, নারী ও শিশুদের গ্রেপ্তার অব্যাহত রেখেছে।

আল-আশকার বন্দীদের প্রতি দখলমূলক আচরণকে তাদের জীবনের জন্য একটি স্পষ্ট অবহেলা হিসেবে উল্লেখ করে বলেন, ইসরায়েল কর্তৃপক্ষ গত মাসে জেলখানায় করোনা ভাইরাস ছড়িয়ে পড়া রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অস্বীকৃতি জানিয়েছিল এবং এ মাসেও তা প্রত্যাখ্যান করেছে। বন্দীদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা দিতে অস্বীকার করা ছাড়াও যে সব বিদেশিদের গ্রেফতার করছে তাদেরকে কারাগারে আলাদা রাখার ব্যবস্থা না করে বন্দীদের একত্রে রাখছে। এর অর্থ হল শীঘ্রই কারাগারে করোনা ভাইরাস ছড়িয়ে পড়তে পারে।

তিনি আরও নিশ্চিত করেছেন, কারাপ্রশাসন বন্দীদের দুর্ভোগ বাড়ানোর উপায় হিসাবে জেলখানার ক্যান্টিন থেকে প্রয়োজনীয় কোন উপকরণ সাবান,টুথপেষ্ট, শেভিং ক্রিম ইত্যাদি ক্রয় করতে দিচ্ছেনা।

অপরদিকে ফিলিস্তিনিদের গ্রেপ্তারের জন্য প্রথমবারের মতো জারি করা ৪০ টি নতুন আইন সহ ৫ টি প্রশাসনিক আইন জারি করেছে দখলদার ইসরাইলি আদালত। বন্দীদের মধ্যে অনেকেই মুক্তি পাওয়ার পরপরই প্রশাসনিক আইন দ্বারা পুনরায় গ্রেপ্তার করা হচ্ছে।

"প্রিজনার সেন্টার ফর স্টাডিজ" সংস্থাটি দখলদার কর্তৃপক্ষের আগ্রাসন ও গ্রেপ্তার নীতি বন্ধ ও নারী-শিশু এবং অসুস্থ বৃদ্ধ বন্দীদের মুক্তির জন্য যথাযথ পদক্ষেপ নেবার জন্য আন্তর্জাতিক সংস্থাগুলোরপ্রতি জোর আহবান জানিয়েছে।

প্রণোদনা নাকি আল্লাহ সাথে যুদ্ধ ঘোষণা

আজ রোববার (০৫/০৪/২০২০) সকাল ১০টায় গণভবন থেকে প্রেস কনফারেন্স করে প্রধানমন্ত্রী শেইখ হাসিনা। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে দেশের সম্ভাব্য অর্থনৈতিক সংকট উত্তরণের জন্য নতুন করে ৬৭ হাজার ৭৫০ কোটি টাকার কথিত প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয় এই প্রেস কনফারেন্সে। কথিত প্রণোদনার আড়ালে মূলত মহান সৃষ্টিকর্তা আল্লাহ তায়ালার সাথে যুদ্ধ ঘোষণা করেছে হাসিনা সরকার। প্রণোদনার টাকার অংক বিশাল শোনা গেলেও এই অর্থ সরাসরি দরিদ্র মানুষকে দেয়া হবে না। পাঁচটি প্যাকেজ আকারে প্রণোদনার অর্থ প্রদান করা হবে । প্যাকেজের দিকে তাকালেই সেবার নামে প্রতারণার চিত্র পরিষ্কার উঠে আসবে । প্যাকেজে বলা হয়েছে,

প্যাকেজ-১: ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানগুলোর জন্য ওয়ার্কিং ক্যাপিটাল–সুবিধা দেওয়াঃ
ব্যাংকের মাধ্যমে ওয়ার্কিং ক্যাপিটাল দেওয়ার লক্ষ্যে ৩০ হাজার কোটি টাকার একটি ঋণের ব্যবস্থা প্রণয়ন করা হবে। ব্যাংক-ক্লায়েন্ট রিলেশনসের ভিত্তিতে বাণিজ্যিক ব্যাংকগুলোর সংশ্লিষ্ট শিল্প বা ব্যবসাপ্রতিষ্ঠানকে তাদের নিজস্ব তহবিল থেকে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ সুদভিত্তিক ঋণ দেওয়া।

এ ঋণের সুদের হার হবে ৯ শতাংশ। প্রদত্ত ঋণের সুদের অর্ধেক অর্থাৎ ৪ দশমিক ৫০ শতাংশ ঋণগ্রহীতা শিল্প বা ব্যবসাপ্রতিষ্ঠান পরিশোধ করবে । অবশিষ্ট ৪ দশমিক ৫০ শতাংশ সরকার ভর্তুকি হিসেবে সংশ্লিষ্ট ব্যাংককে দেবে।

প্যাকেজ-২: ক্ষুদ্র (কুটিরশিল্পসহ) ও মাঝারি শিল্পপ্রতিষ্ঠানগুলোর ওয়ার্কিং ক্যাপিটাল প্রদান: ব্যাংকের মাধ্যমে ওয়ার্কিং ক্যাপিটাল প্রদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার একটি ঋণব্যবস্থা প্রণয়ন করা হবে। ব্যাংক-ক্লায়েন্ট রিলেশনসের ভিত্তিতে বাণিজ্যিক ব্যাংকগুলো সংশ্লিষ্ট ক্ষুদ্র ও মাঝারি শিল্পপ্রতিষ্ঠানকে তাদের নিজস্ব তহবিল থেকে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ সুদভিত্তিক ঋণ দেবে।

এ ঋণে সুদের হারও হবে ৯ শতাংশ। ঋণের ৪ শতাংশ সুদ ঋণগ্রহীতা শিল্পপ্রতিষ্ঠান পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫ শতাংশ সরকার ভর্তুকি হিসাবে সংশ্লিষ্ট ব্যাংককে দেবে।

প্যাকেজ-৩: বাংলাদেশ ব্যাংক প্রবর্তিত এক্সপোর্ট ডেভেলপমেন্ট ফান্ডের (ইডিএফ) সুবিধা বাড়ানো:
ব্লক টু ব্লক এলসির আওতায় কাঁচামাল আমদানি–সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ইডিএফের বর্তমান আকার ৩ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার থেকে ৫ বিলিয়ন ডলারে উন্নীত করা হবে। ফলে ১ দশমিক ৫ বিলিয়ন ডলারের সমপরিমাণ অতিরিক্ত ১২ হাজার ৭৫০ কোটি টাকা ইডিএফ তহবিলে যুক্ত হবে। ইডিএফের বর্তমান সুদের হার LIBOR + ১.৫ শতাংশ থেকে ২ শতাংশ নির্ধারণ করা হবে।

প্যাকেজ-৪: প্রি-শিপমেন্ট ক্রেডিট রিফাইন্যান্স স্কিম নামে বাংলাদেশ ব্যাংক ৫ হাজার কোটি টাকার একটি নতুন সুদভিত্তিক ঋণ চালু করবে। এ ঋণসুবিধার সুদের হার হবে ৭ শতাংশ।

প্যাকেজ-৫: রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠানগুলোর শ্রমিক-কর্মচারীদের বেতন–ভাতা পরিশোধ করার জন্য পাঁচ হাজার কোটি টাকার একটি আপৎকালীন কথিত প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে শেইখ হাসিনা।

এভাবে পুরো প্যাকেজ জুড়েই সুদভিত্তিক ঋণের ছড়াছড়ি । সুদ একটি চরম মানবতাবিরোধী অপরাধ। আল্লাহর কাছে অত্যন্ত অপছন্দনীয় হারাম বিষয় ।মহামহিম আল্লাহর সাথে যুদ্ধ ঘোষণার নামান্তর । পবিত্র কুরআনুল কারীমে বর্ণিত হয়েছে,

"যদি তোমরা (সুদ) পরিত্যাগ না করো তবে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে যুদ্ধের জন্য প্রস্তুত হও।"(সূরা বাকারা- ২৭৯)

আবূ জুহাইফা রাযি. থেকে বর্ণিত,

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি সুদ খায় এবং যে ব্যক্তি সুদ দেয় উভয়ের উপরই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অভিসম্পাত করেছেন। সহীহ বুখারী; হা.নং ৫৯৬২)

করোনা ভাইরাসের আক্রমণে দেশবাসী যখন উদ্বিগ্ন , কর্মহীন , অসহায় । আর তখনই তাগুত সরকার জনগণকে সুদের জঘন্য পাপাচারে উৎসাহিত করছে । একদিকে অসহায় মানুষের উপর অন্যায় করের বোঝা চাপিয়ে দিয়ে জনগণের কষ্টার্জিত অর্থ লুণ্ঠন করছে আর অন্যদিকে সে অর্থ দিয়েই ঋণের নামে সুদ নেয়ার অপচেষ্টা চালাচ্ছে । সাধারণ মানুষের বাস্তবিক কোন উপকারের

লক্ষণ নেই আওয়ামীলীগ ঘোষিত এই প্রণোদনা প্যাকেজে । বরং আল্লাহর সাথে যুদ্ধের ঘোষণা দিয়ে, জনগনকে সুদ দিতে বাধ্য করে আরো ভয়ঙ্কর বিপদের মাঝে ফেলতে চাচ্ছে বাংলাদেশের অসহায় মানুষদের।

লেখক: রেদোয়ান সায়িদ, ইসলামী চিন্তাবিদ।

লকডাউনে দুই সপ্তাহ ফাঁকা, তবুও ঢাকার বাতাসের মান এখনো 'অস্বাস্থ্যকর'

মহামারি করোনাভাইরাস প্রাদুর্ভাবের কারণে প্রায় দুই সপ্তাহ ধরে বাংলাদেশের রাজধানী ঢাকার রাস্তাঘাট ফাঁকা থাকলেও এ শহরের বাতাসের মানের কোনো উন্নতি হয়নি।

বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় রোববার সকালে তৃতীয় খারাপ অবস্থানে রয়েছে ঢাকা। সকাল ৮টা ০৪ মিনিটে এয়ার কোয়ালিটি ইনডেক্সে (একিউআই) জনবহুল এ শহরের স্কোর ছিল ১৭৪। যার অর্থ ঢাকার বাতাসের মান এখনো 'অস্বাস্থ্যকর' পর্যায়ে রয়েছে। নয়া দিগন্ত

একিউআই স্কোর ১৫১ থেকে ২০০ হলে নগরবাসীর প্রত্যেকের স্বাস্থ্যের ওপর প্রভাব পড়তে পারে, বিশেষ করে শিশু, বৃদ্ধ ও রোগীরা স্বাস্থ্য ঝুঁকিতে পড়তে পারেন।

বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় থাইল্যান্ডের চিয়াং মাই ও চীনের শেনইয়াং যথাক্রমে ৩১৩ ও ২৪৪ একিউআই স্কোর নিয়ে প্রথম ও দ্বিতীয় খারাপ অবস্থানে রয়েছে।

প্রতিদিনের বাতাসের মান নিয়ে তৈরি করা একিউআই সূচক একটি নির্দিষ্ট শহরের বাতাস কতটুকু নির্মল বা দূষিত সে সম্পর্কে মানুষকে তথ্য দেয় এবং তাদের জন্য কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকি তৈরি হতে পারে তা জানায়।

একিউআই সূচকে ৫০ এর নিচে স্কোর থাকার অর্থ হলো বাতাসের মান ভালো। সূচকে ৫১ থেকে ১০০ স্কোরের মধ্যে থাকলে বাতাসের মান গ্রহণযোগ্য বলে ধরে নেয়া হয়। একিউআই স্কোর ১০১ থেকে ১৫০ হলে সাধারণ নগরবাসী বিশেষ করে শিশু, বয়স্ক ও অসুস্থ রোগীরা স্বাস্থ্যঝুঁকিতে পড়তে পারেন।

একিউআই স্কোর ২০১ থেকে ৩০০ হলে স্বাস্থ্য সতর্কতাসহ তা জরুরি অবস্থা হিসেবে বিবেচিত হয়। এ অবস্থায় শিশু, প্রবীণ এবং অসুস্থ রোগীদের বাড়ির ভেতরে এবং অন্যদের বাড়ির বাইরের কার্যক্রম সীমাবদ্ধ রাখার পরামর্শ দেয়া হয়ে থাকে। একিউআই স্কোর ৩০১ থেকে ৫০০ বা তারও

বেশি হলে বাতাসের মান ঝুঁকিপূর্ণ মনে করা হয়। এসময় স্বাস্থ্য সতর্কতাসহ প্রত্যেক নগরবাসীর জন্য জরুরি অবস্থা হিসেবে বিবেচিত হয়।

চিকিৎসার বেহাল দশা- করোনায় মৃত নারী, ডেথ সার্টিফিকেটে লেখা হলো ‘ব্রেন স্ট্রোক’!

নারায়ণগঞ্জের বন্দরের রসুলবাগে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী এক নারীর হাসপাতালের রিপোর্টে মৃত্যুর কারণ ব্রেন স্ট্রোক উল্লেখ করা হলেও পরবর্তীতে নমুনা পরীক্ষার রিপোর্টে কোভিড-১৯ পজিটিভ ধরা পড়েছে।

নারায়ণগঞ্জের বন্দর উপজেলার রসূলবাগ এলাকায় করোনায় মৃত নারীর ছেলে মোহাম্মদ পাভেল আক্ষেপ প্রকাশ করে গতকাল শনিবার মোবাইল ফোনে এ কথা জানান।

পরীক্ষার রিপোর্ট গতকাল শনিবার ইমোতে পাঠিয়ে মৃত নারীর ছেলে বলেন,‘ মা শুধু একটি কাশি দিয়েছিল। এক কাশির অপরাধে ঢামেকে ভর্তি নেওয়া হলো না। কুর্মিটোলায় যখন গেলাম কোনো ডাক্তার নেই। আড়াই থেকে তিন ঘণ্টা মায়ের চিকিৎসায় আকুতি মিনতি করেছি একটু ছুঁয়েও দেখেনি কেউ। মাকে ধরার জন্য সামান্য একটু হেক্সিসল চেয়েছিলাম তাও দেয়নি। ভর্তি নেওয়ার পর একজন ওয়ার্ডবয় বা নার্স এগিয়ে আসেনি রোগীকে খাটে তুলতে। তাই হুইল চেয়ারে বসেই আমার মা মারা যায়। মরে যাওয়ার পর ডাক্তারের অভাব নেই। মৃত্যুর পর মৃত্যু সনদ (ডেথ সার্টিফিকেটে) লেখা ছিল মৃত্যুর কারণ ব্রেন স্ট্রোক। কিন্তু মৃত্যুর দুদিন পর ধরা পড়ল করোনাভাইরাস।’

মৃত নারীর ছেলে আরও বলেন, ‘এবার আপনারাই বলেন, ব্রেন স্ট্রোক করে মারা যাওয়া মাকে কি জানাজা দেবো না?’

ওই সময় তিনি ইমোতে করোনায় মৃত মা পুতুল বেগমের (৫০) ডেথ সার্টিফিকেটের কপি সরবরাহ করে বলেন, ‘দেখেন কুর্মিটোলা থেকেই আমার মা যে ব্রেন স্ট্রোকে মারা গেছে তা লিখে দিয়েছে।’

তিনি ভীতি প্রকাশ করে বলেন, ‘আমাদের বাড়িসহ এলাকার ১০০ পরিবারকে লকডাউন করা হয়েছে। বাড়ির সামনে এসে রাতের আঁধারে চিৎকার করে কে বা কারা প্রতিদিন হুমকি দিয়ে বলছে, তোদের একটা একটা করে মেরে ফেলব। কারণ আমরা নাকি করোনায় মৃত আমার

মায়ের জানাজা দিয়েছি। কিন্তু আমরা তো আমার মাকে করোনা রোগী হিসেবে জানাজা দেই নাই। দিয়েছি ব্রেন স্ট্রোকের রোগী নির্ণয় করে।'

কারোনায় মৃত মা পুতুলের চিকিৎসা ও অসুস্থতার বর্ণনা দিয়ে পাভেল বলেন, 'আমি শহরের ১ নম্বর রেলগেট এলাকায় কসমেটিক দোকান নিউ কদমরসূল স্টোরে চাকরি করি। আমার মা পুতুল দীর্ঘদিন ধরে নানা রোগে ভুগছিল। গত ২৯ মার্চ মায়ের শ্বাসকষ্ট শুরু হয়। প্রথমে আমরা তাকে নারায়ণগঞ্জ খানপুর হাসপাতালে নিয়ে গেলে সেখানে কোনো চিকিৎসা হয়নি। পরে আমাদের পরিচিতি থাকায় শহরের ভিক্টোরিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যাই। সেখানে আমাদের পরিচিত থাকায় ডাক্তার কিছু টেস্ট দেয়। পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাতাপাতালে নিয়ে যাই। সেখানে রাতে ডিউটিরত ডাক্তার আমার মাকে বাইরে রেখে আমার সঙ্গে কথা বলে। ওই সময় তিনি আমার মায়ের রোগের কথা শুনে ভর্তি নেওয়ার প্রস্তুতি নেয়। কিন্তু একটি কাশি সব উলট পালট করে দেয়। বাইরে থাকা রোগী আমার মা একটি কাশি দেওয়ার সঙ্গে সঙ্গে ডাক্তার বলে দেয় ওনাকে ভর্তি নেওয়া যাবে না। তাকে কুর্মিটোলায় নিয়ে যান।'

'আমরা কি করব ভেবে না পেয়ে মাকে ফের নারায়ণগঞ্জ নিয়ে আসি। কিন্তু মায়ের অবস্থা আরও খারাপ হয়ে যায়। ৩০ মার্চ দুপুরের দিকে নারায়ণগঞ্জের সকল ক্লিনিক ও হাসপাতালে যোগাযোগ করি কিন্তু কোথাও ডাক্তার নেই। পরে দুপুর ১টায় কুর্মিটোলা নিয়ে যাই। সেখানে হাসপাতালে নেওয়ার পর নার্সরা কেউ ছুঁয়েও দেখে নাই রোগীকে। সেখানে কোনো ডাক্তার ছিল না। আমি যখন মায়ের কথা বলি নার্সরা নিজেদের মধ্যে কথা বলছিল আর হাসছিল। পরে আমি চিৎকার করলে তারা ভর্তি নেয় কুর্মিটোলার বি ওয়ার্ড ৪৭ নম্বর বেডে। কিন্তু মায়ের ওজন খুব ভারী ছিল। অন্তত ৯০ কেজি হবে। আমি মাকে ধরার জন্য একটু হেক্সিসল দিতে বললে নার্সরা বলে দেয়, এগুলো সরকারি দেওয়া যাবে না। মায়ের ওয়ার্ডে মাকে বেডে শুয়াতে আমি ও আমার স্ত্রী অনুমতি পাই। দুজন মিলে মাকে আর বেডে তুলতে পারছিলাম না', বলেন পাভেল।

তিনি বলেন, 'নার্সদের ডাকলাম কেউ কাছে আসেনি। ওই সময় পাশের বেডে আরেক রোগীর সঙ্গে আসা এক যুবক বলল, আমি এখানে পাঁচ দিনেও কোনো ডাক্তার দেখি নাই। পরে আমি বাইরে গিয়ে অনেক প্রতিবাদ করি। পরেই একটি অক্সিজেন সিলিন্ডার নিয়ে আসে নার্সরা। কিন্তু অক্সিজেন সরবরাহ পাইপে কোনো মাস্ক লাগানো ছিল না। বাধ্য হয়ে মাকে শুধু পাইপ দিয়ে অক্সিজেন দেই। ধীরে ধীরে মায়ের শরীর ঠান্ডা হয়ে যায়। এক পর্যায়ে মা মারা যায়।'

নিহত নারীর ছেলে বলেন, 'মায়ের চিকিৎসার অবহেলা দেখে অনেক কাকুতি-মিনতি করেছি আমার কুর্মিটোলা দরকার নাই। আমার মাকে ছেড়ে দেন চলে যাব। কিন্তু নার্সরা তখন বলছিল এখানে থাকলে ১৪ দিন পর ছাড়া আর বের হতে পারবেন না। মারা যাওয়ার পর ডাক্তারের

অভাব নাই। চারদিক দিয়ে মায়ের লাশ ঘিরে ধরলো ডাক্তাররা। এই পরীক্ষা, সেই পরীক্ষা করল। কিন্তু ততক্ষণে তো মা আর নাই।'

পাভেল বলেন, 'মায়ের নাক দিয়ে রক্ত বের হইছিল। জিজ্ঞেস করাতে ডাক্তার বলেন, ব্রেন স্ট্রোক করে মারা গেছে। করোনার কথা বলেও নাই। ডেথ সার্টিফিকেটেও ব্রেন স্ট্রোকের কথা লেখা আছে। পরে লাশ কুর্মিটোলা থেকে ডাক্তার আমাদেরকে বুঝিয়ে দিয়েছে। আমরা লাশ নিয়ে যেহেতু মা করোনায় মারা যায় নাই সেহেতু স্বাভাবিকভাবে জানাজা সম্পন্ন করেছি। কিন্তু আমরা যদি জানতাম মা করোনায় মারা গেছে তাহলে তো সতর্কতা নিয়ে লাশ দাফন করতাম।'

তিনি ডেথ সার্টিফিকেটের কপি ইমোতে সরবরাহ করে বলেন, 'এখন এলাকার মানুষজন আমাদের ওপর ক্ষিপ্ত। অনেকেই ভুল বুঝছে। এমনকি বাড়ির বাইরে এসে নানাভাবে চিৎকার করে বলে যাচ্ছে তোদের সব কয়টাকে একটা একটা করে মেরে ফেলব।'

তিনি আরও বলেন, 'আমাদের বাড়ির আশে পাশে প্রায় ১০০ পরিবারকে লকডাউন করা হয়েছে। কিন্তু অনেকের বাসায় খাদ্য নাই। অনেক সমস্যা চলছে। আমার পাশের বাড়ির লালন মিয়া ও ডলি বেগমসহ অনেকেই অভিযোগ করেছেন যে, কোথা থেকে কেউ খাবার দিয়ে যাচ্ছে না। তারা বেরও হতে পারছে না।'

ভারতে মুসলিম নির্যাতনের নয়া ছক আঁকছে হিন্দুরা!

ভারতে মুসলিমদের উপর নির্যাতনের নয়া ছক আঁকছে হিন্দুরা। একদিকে নানা ধরণের মিথ্যা অজুহাতে মুসলিম বিদ্বেষ উস্কে দেওয়া হচ্ছে, অন্যদিকে মুসলিমদেরকে নিঃশেষ করে দেওয়ার পরিকল্পনা নিয়ে মাঠে নেমেছে হিন্দুরা। সম্প্রতি ভারতের তাবলিগ জামাআতের নিজামুদ্দিন মারকাজে লকডাউনের কারণে আটকে পড়া মুসলিমদের নিয়ে ব্যাপক মিথ্যাচার ও বিদ্বেষ ছড়াচ্ছে ভারতীয় সন্ত্রাসী হিন্দুগোষ্ঠী। তারা এখন করোনাভাইরাসের ছড়িয়ে পড়ার দায় চাপাচ্ছে মুসলিমদের উপর। আর, এ মিথ্যাচারের মাধ্যমে সারা ভারতজুড়েই এখন মুসলিমদের বিরুদ্ধে হিন্দুদের সন্ত্রাসী কার্যকলাপ অব্যাহত রয়েছে। মুসলিমদেরকে বয়কট করার ঘোষণাও দিচ্ছে হিন্দুরা। হিন্দুদের এরকম নিকৃষ্ট আচরণের শিকার হয়ে সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করে বিষয়টি নজরে আনেন একজন ভারতীয় মুসলিম। মুফাসসির মল্লিক নামের একজন ভারতীয় হিন্দুদের নিকৃষ্ট আচরণের শিকার হন। তিনি জানান, তার বাড়ির পাম্প খারাপ হয়ে গিয়েছিল। এটি ঠিক করার জন্য দু'জন হিন্দু মিস্ত্রিকে ফোন করেছিলেন। মুখের উপর দু'জনেই জানিয়ে

দিয়েছে, নিজামুদ্দিন ঘটনার কারণে তারা কোনো মুসলিম এলাকায় ঢুকবে না। এর আগে, ভারতের রাজস্থানে এক গর্ভবতী মুসলিম মহিলাকে কেবল মুসলিম হওয়ার কারণে চিকিৎসা দেয়নি হিন্দু চিকিৎসক। পরে রাস্তায় এম্বুলেন্সের মধ্যেই সন্তান প্রসব করেন ঐ মহিলা। কিন্তু, সন্তানটি মারা যায়। এভাবে মুসলিমদের বয়কট করার পরিকল্পনা বাস্তবায়নের চেষ্টা চালাচ্ছে হিন্দুরা।

ইকুয়েডরের রাস্তায় পড়ে আছে করোনায় মৃতদের লাশ

ইকুয়েডরের পশ্চিমাঞ্চলীয় শহর গুয়ায়াকিলে করোনা ভাইরাসে মৃতের সংখ্যা হু হু করে বেড়ে চলেছে। জনশূন্য রাস্তাঘাটে পড়ে রয়েছে মানুষের মরদেহ। কিছু মানুষ রাস্তা দিয়ে হেঁটে গেলেও কেউ এগিয়ে যাচ্ছে না মৃতদেহের দিকে।

দেশটির কর্তৃপক্ষ বিভিন্ন স্থানে পড়ে থাকা এসব মরদেহ সংগ্রহ করছে। গতকাল মার্কিন সংবাদমাধ্যম সিএনএনে প্রকাশিত এক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা যায়। সিএনএনের তথ্য অনুযায়ী, জনবহুল শহর গুয়ায়াকিলের হাসপাতালগুলোতে অসুস্থ রোগীদের জন্য কোনো শয্যা খালি নেই। মর্গ কিংবা কবরস্থানেও জায়গা হচ্ছে না।

সেখানকার অনেক বাসিন্দা জানিয়েছেন, মরদেহ রাস্তায় ফেলে রাখা ছাড়া তাদের কোনো উপায় নেই। হাসপাতালে জায়গা না পাওয়ায় অনেকে বিনা চিকিৎসায় বাড়িতেই মারা যাচ্ছেন। শহরটিতে ঠিক কতজন করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন- তার কোনো সঠিক তথ্যও নেই।

৩০ মার্চ বার্তা সংস্থা রয়টার্সে প্রকাশিত একটি ভিডিওতে ফার্নান্দো এসপানা নামে এক ব্যক্তিকে বলতে দেখা গেছে, আমাদের পরিবারে একজন সদস্য অসুস্থ হওয়ায় আমরা পাঁচ দিন ধরে কর্তৃপক্ষের জন্য অপেক্ষা করছি। আমরা ৯১১-এ কল করতে করতে ক্লান্ত হয়ে পড়েছি। তারা কেবল আমাদের অপেক্ষা করার জন্য বলছেন, কিন্তু কেউ আসছেন না।

দেশটির কর্তৃপক্ষ জানিয়েছে, ২৩ থেকে ৩০ মার্চের মধ্যে শহরটির বিভিন্ন বাড়ি থেকে ৩০০টি মরদেহ উদ্ধার করা হয়েছে। এদিকে ইকুয়েডরের ন্যাশনাল সার্ভিস অব রিস্ক অ্যান্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট বিভাগ জানিয়েছে, শুক্রবার পর্যন্ত দেশটিতে ৩ হাজার ৩৬৮ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন, মারা গেছেন ১৪৫ জন। এর মধ্যে ১০২ জনই গুয়ায়িকি প্রদেশের, যেখানে গুয়ায়াকিল শহরটির অবস্থান।

বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন, করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে এ মাসে শুধু গুয়ায়াকিল শহরেই ২ হাজার ৫০০ থেকে ৩ হাজার ৫০০ জনের মৃত্যু হতে পারে।

ভারতে মুসলিম হওয়ায় গর্ভবতী মহিলাকে চিকিৎসা দিলো না হিন্দু ডাক্তার

মুসলিম হওয়ায় একজন গর্ভবতী মহিলাকে ভর্তি নেয়নি ভারতের রাজস্থানের একটি সরকারি হাসপাতালের এক মালাউন চিকিৎসক। হাসপাতাল থেকে বেরিয়ে অন্য হাসপাতালে যাওয়ার পথে অ্যাম্বুলেন্সের মধ্যেই সন্তান প্রসব করেন ওই মহিলা। তবে শিশুটি বাঁচেনি বলে জানিয়েছে ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়া টুডে।

মহিলার স্বামী ইরফান খান বলেন, "আমার স্ত্রী গর্ভবতী ছিল। ওর প্রসব যন্ত্রণা শুরু হয়েছিল। সিক্রি থেকে জেলা সদরে অবস্থিত জানানা হাসপাতালে রেফার করা হয়েছিল তাঁকে। কিন্তু সেখানের ডাক্তাররা বললো, আমাদের জয়পুর যাওয়া উচিত কারণ আমরা মুসলিম। আমি যখন আমার স্ত্রীকে অ্যাম্বুলেন্সে নিয়ে যাচ্ছিলাম, তখন সে আমাদের সন্তানের জন্ম দেয় কিন্তু শিশুটি মারা যায়। আমার সন্তানের মৃত্যুর জন্য আমি প্রশাসনকে দায়ী করি।"

এর আগে ভারতে করোনাভাইরাস ছড়িয়ে পড়ার জন্য হিংসাত্মকভাবে মুসলিমদেরকে দায়ী করে ভারতের মুশরিক হিন্দুরা। এবার, এক গর্ভবতী মুসলিম মহিলাকে কেবল মুসলিম হওয়ার কারণে চিকিৎসা দেয়নি হিন্দু ডাক্তাররা। এভাবে ভারতে প্রতিনিয়তই ইসলাম ও মুসলিমবিদ্বেষ প্রকাশ পাচ্ছে।

মোবাইল নেটওয়ার্ক থেকে ছড়ায় করোনা! ব্রিটেনে ছড়ালো নতুন গুজব

ব্রিটেনে ইন্টারনেটের ফাইভজি প্রযুক্তি থেকে করোনাভাইরাস ছড়ায় বলে আশঙ্কা থেকে টেলিকম স্থাপনায় হামলার ঘটনা ঘটেছে। মিডিয়ার ভাষায়, এই ষড়যন্ত্র তত্ত্বে বিশ্বাস করে দেশটিতে সম্প্রতি মোবাইল ফোনের তিনটি সংযোগ টাওয়ারে আগুন দেয়া হয়েছে। যে ঘটনায় তদন্ত চলছে বলে গার্ডিয়ান ও রয়টার্সের বরাতে জানিয়েছে সময় নিউজ।

লিভারপুলের মেয়র জো আন্ডারসন বলেন, এই অদ্ভুত তত্ত্ব নিয়ে আমার কাছে হুমকি এসেছে। সামাজিকমাধ্যমগুলোতে তা আরও গতি পাচ্ছে।

শুক্রবার জরুরি সার্ভিসকে ফোনে জানানো হয় যে রাত ১১টার কিছু আগে একটি ফাইভজি মাস্তুলে আগুন লেগেছে। পুলিশও এই ঘটনা নিশ্চিত করেছে।

বৃহস্পতিবার মিডিয়া রেগুলেটর অফকম জানায়, এই ভুল ষড়যন্ত্র তত্ত্ব কারা প্রচার করেছে, তা পর্যবেক্ষণ করা হচ্ছে। যদিও হোয়াটসঅ্যাপ, ফেসবুক, টুইটার ও নেক্সডোরের মতো সামাজিকমাধ্যমগুলোতে তা ইতোমধ্যেই ছড়িয়ে পড়েছে।

ডাউনিং স্ট্রিটের সংবাদ সম্মেলনে শনিবার মাইকেল গভ বলেন, বিপজ্জনক অর্থহীন তত্ত্ব প্রচার করা হয়েছে। আর এই ভুয়া খবরের নিন্দা জানিয়েছেন এনএইচএস ইংল্যান্ডের জাতীয় চিকিৎসা পরিচালক অধ্যাপক স্টিভ পাওয়েস।

তিনি বলেন, আমি খুবই ক্ষুব্ধ ও বিরক্ত। জরুরি স্বাস্থ্যসেবার প্রয়োজনীয় অবকাঠামোতে হামলা চালানো হয়েছে। এটা সত্যিই বাজে কাজ।

লিভারপুলের ঘটনার কয়েক ঘণ্টা আগেই এই অদ্ভুত তত্ত্ব উড়িয়ে দিয়ে আন্ডারসন বলেন, সব বৈজ্ঞানিক ও সরকারি পরামর্শে দেখা গেছে যে প্রযুক্তি মানুষের জন্য ক্ষতিকর না!

রয়টার্সের খবরে বলা হয়েছে, সম্প্রতি মোবাইল ফোনের মাস্তুল ভাঙচুর ও উত্তর ইংল্যান্ডের মার্সিসাইড এবং মধ্য ইংল্যান্ডের বার্মিংহামে টেলিকম কর্মীদের হয়রানি করা হয়েছে। এমন এক সময় এই সংযোগ ক্ষতিগ্রস্ত করা হয়েছে, যখন লোকজনের কাছে এটির প্রয়োজন খুবই বেশি।

বার্মিংহামে ব্রিটেনের সবচেয়ে বড় টেলিকম কোম্পানি বিটির মালিকানাধীন একটি নেটওয়ার্ক টাওয়ারে অগ্নিসংযোগ করা হয়েছে। এখান থেকে লোকজনকে টুজি, ত্রিজি ও ফোরজি সেবা দেয়া হচ্ছিল। এখনো ফাইফজির সক্ষমতা অর্জন করেনি সেটি।

এভাবে, আল্লাহ তা'য়ালা করোনাভাইরাসের মতো ক্ষুদ্র এক বাহিনীর মাধ্যমে ইসলামবিদ্বেষী কথিত জ্ঞানীগোষ্ঠীর জ্ঞান ও শক্তির স্বরূপ উন্মোচন করছেন।

করোনা ভাইরাসের কারণে ‘শিগগিরই ব্যাংক লুটপাট, কর্মী ছাঁটাই শুরু হবে’

করোনাভাইরাসের কারণে বিশ্ব অর্থনীতি মন্দার মুখে পড়েছে। এ ক্ষতি পুষিয়ে নিতে উন্নয়নশীল দেশগুলোর আড়াই ট্রিলিয়ন ডলারের প্রয়োজন পড়বে।

এমনটাই জানিয়েছেন আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ প্রধান ক্রিস্টালিনা জর্জিয়েভা। তিনি বলেন, এ মন্দা ২০০৯ সালের চেয়েও বিপদজনক। আর এ ক্ষতি থেকে ঘুড়ে দাঁড়াতে সময় লাগবে ২০২১ সাল পর্যন্ত।

তবে বিশ্ব অর্থনীতি হঠাৎ যেভাবে অচল হয়ে গেছে, তাতে খুব শিগগিরই ব্যাংক লুটপাট আর কর্মী ছাঁটাই শুরু হবে। ঝুঁকি বুঝতে পেরে অনেক দেশই মুদ্রানীতি ও বাজেটে পরিবর্তন আনতে শুরু করেছে। এ ভাইরাস সংক্রমণের প্রভাবে চীনের প্রবৃদ্ধি কমবে বলেও জানিয়েছেন আইএমএফ প্রধান ক্রিস্টালিনা জর্জিয়েভা।

তিনি বলেন, আমরা উন্নয়নশীল অর্থনীতির দেশগুলো থেকে অনেক আর্থিক সহায়তার অনুরোধ পাচ্ছি। এখন পর্যন্ত ৮০টি দেশ অর্থ সহায়তা চেয়েছে। ভাইরাস ছড়িয়ে পড়ায় অর্থনীতি স্থবির হয়ে গেছে, অর্থের লেনদেন কমেছে, রফতানিও কমেছে। এ স্থবিরতাকে স্বাভবিক অবস্থায় ফেরাতে অনেক অর্থের প্রয়োজন। যুক্তরাষ্ট্রের উদ্যোগগুলো বেশ ভালো। এদিকে প্রাণঘাতী করোনাভাইরাসে এখন পর্যন্ত মৃতের সংখ্যা ৩০ হাজার ছাড়িয়েছে। মহামারি এ ভাইরাসে আক্রান্ত হয়েছেন সাড়ে ৬ লাখের বেশি মানুষ। আক্রান্তের দিক দিয়ে শীর্ষে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। শুধু ইতালিতেই ১০ হাজারের বেশি মানুষ মারা গেছেন। স্পেনে সেই সংখ্যাটা ৫ হাজারের বেশি। ওয়ার্ল্ডওমিটারে এ তথ্য প্রকাশ করেছে।

সূত্র: সময় নিউজ/ বিডি জার্নাল

ঝুঁকি শুধু গার্মেন্টসকর্মীরা নেবে কেন? ওরা কি করোনাজয়ী?

ঢাকা আর চট্টগ্রামে ফিরছে গার্মেন্টসকর্মীরা। দলে দলে, বাসে বা ট্রাকে মুরগিবোঝাই হয়ে এমনকি পায়ে হেঁটে। ফিরছেন তৈরি পোশাক কারখানার শ্রমিকেরা। শনি বা রোববার থেকে যে খুলে গেছে কারখানা। ফিরতেই হবে।

সারা দুনিয়ার সব ভাল ভাল জায়গা লকডাউন হচ্ছে, চলাফেরা নিষিদ্ধ করা হচ্ছে, স্কুল কলেজ সব বন্ধ করে দিয়েছে আমাদের কিছুই হচ্ছে না! স্কুল বন্ধ, অফিস বন্ধ এমনকি বাইরে বেরোলে ডাণ্ডা বা কান ধরানো সবই করা হলো একে একে। ঘোষণা হল দুই সপ্তাহের বন্ধ। ঘরে থাকুন, বাইরে বের হবেন না। সোশ্যাল ডিসট্যান্সিং করুন।

সেই বন্ধে চলে যাওয়ার সময়ও আমার আপনার আদরের ফেসবুকে দারুণ ঘৃণা কুড়িয়েছিল ওরা। সরকার দুই সপ্তাহের ঘোষণা করলো কী করলো না হুড়মুড়িয়ে ছুটি কাটাতে চলে যাচ্ছে ওরা। দেখেন কীভাবে চলে যাচ্ছে।

হ্যালো। জ্বি আপনাকেই বলছি। ওরা চলে যাবে না তো কী করবে? গাদাগাদির ১০ ফুট বাই ১০ ফুট ঘরে থেকে শতেক জনে এক বাথরুম আর শদুয়েক জনের রান্নাঘরে কোয়ারান্টাইন বা আইসোলেশন হবে? কী ভাবি আসলে আমরা? নাকি আমরা জানিই না যে, এই খেটে খাওয়া মানুষগুলো ঢাকায় প্রপার ঘরে থাকে না?

ওরা চলে যায় কারণ এই শহরে ওদের ঘর নেই, আছে মাথা গোঁজার একটু ঠাঁই। ওরা ফিরে আসে কারণ ওদের শুধু বাঁচলেই হবে না বাঁচাতে হবে মুল্যবান চাকুরিখানাও। পেতে হবে ঘাম আর শ্রমের দাম।

এই দেখেন, করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে সরকারের নির্দেশে আর সব কিছু ১১ এপ্রিল পর্যন্ত বন্ধ, শুধু খুলে যাচ্ছে তৈরি পোশাকের কারখানা। আজও দেখলাম বড়সাহেবরা আমাদের বলছেন আমরা যেন কাজ ছাড়া বাইরে না যাই, তিন চারদিন আগেই দেখেছি কড়াকড়ি আরোপ করছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ আর সেনাবাহিনী হচ্ছে কঠোর। কারণ এই দুই সপ্তাহ নাকি সবচেয়ে বেশি আশঙ্কার। গার্মেন্টসকর্মীদের কী আক্রান্ত ভয় নেই, ওরা কী করোনাজয়ী? বিজিএমইএ সভাপতি ড. রুবানা হক বলেছেন, যথাযথ ব্যবস্থা নিয়েই যাদের অর্ডার আছে তারা কারখানা খোলা রাখতে পারবেন। কী এই যথাযথ ব্যবস্থা? এই যথাযথ ব্যবস্থা আর কোনো ক্ষেত্রে নেওয়া গেল না কেন? নাকি ওরা আমাদের জন্য টাকা আনে সেই টাকায় আমাদের ফ্লাইওভার হয় স্যাটেলাইট হয় বলে ওদের কাজ করেই যেতে হবে?

সরকারের যদি এই কারখানাগুলো চালু রাখতেই হতো তাহলে আমাদের এটাও দেখাতে হতো যে মালিকেরা তাদের স্বাস্থ্যের সুরক্ষা নিশ্চিত করতে পেরেছেন? আর তা নিশ্চিত না করতে পারলে ওদের সঙ্গে সংহতি রেখে খুলে দেওয়া উচিত ছিল অফিস আদালত ব্যাংক বীমা বাজার স্কুল সবকিছু। ঝুঁকি শুধু ওরা নেবে কেন? ওদের কী অপরাধ?

বাংলাদেশে মারাত্মক স্বাস্থ্য ঝুঁকিতে সোয়া ৪ কোটি মানুষ!

বাংলাদেশে করোনা ভাইরাসের সংক্রমণ ধরা পড়ার পর অনেক বেসরকারি হাসপাতালে নিয়মিত চিকিৎসা সেবা মিলছে না বলে অভিযোগ পাওয়া যাচ্ছে।

এদিকে, সম্প্রতি চিকিৎসা সেবা না মেলায় প্রাণ হারিয়েছেন একজন স্কুল শিক্ষিকা। তিনি কিডনি, ফুসফুসে পানি জমা, নিউমোনিয়াসহ বিভিন্ন শারীরিক সমস্যায় ভুগছিলেন। ঢাকার একটি বেসরকারি হাসপাতালে তিনি নিয়মিত চিকিৎসা নিতেন। কিন্তু গত বুধবার তার ভর্তি নেয়নি সেই হাসাপাতাল কর্তৃপক্ষ। এরপর আরো কয়েকটি হাসপাতালে চেষ্টা করেও তার স্বজনরা চিকিৎসা পেতে ব্যর্থ হন। সেদিন রাত ১০টার দিকে মগবাজারের রাশমনো হাসপাতালের জরুরি বিভাগে মারা যান তিনি। তার মেয়ে মাসুদা পারভীন চম্পা দাবি করেছেন, তার মায়ের করোনাভাইরাস সংক্রমণের কোনো লক্ষণ ছিল না। তারপরও আতঙ্কের কারণেই হাসপাতালগুলো চিকিৎসা দেয়নি।

অধ্যাপক মোস্তফা বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুযায়ী বাংলাদেশে পাঁচ থেকে ছয় লাখ ক্যান্সারের রোগী রয়েছেন। প্রতি বছর ৫০ হাজার থেকে ৬০ হাজার মানুষ ক্যান্সারে মারা যান। তার মতে, ক্যান্সার প্রতিদিনই ছড়াতে থাকে, যার চিকিৎসা না হলে ভয়াবহ বিপর্যয় ঘটে যেতে পারে।

কিডনি ফাউন্ডেশনের হিসেবে বাংলাদেশে প্রায় আড়াই কোটি থেকে তিন কোটি মানুষ কিডনি সমস্যায় আক্রান্ত। প্রতি বছর ৪০ হাজার রোগীর কিডনি অকার্যকর হয়, প্রায় ৩০ হাজার মানুষ মারা যান বছরে। ডায়বেটিসে আক্রান্তদের মধ্যে ১১ ভাগ মানুষ কিডনি সমস্যায় ভুগছেন। দেশে উচ্চ রক্তচাপের রোগী আছেন তিন কোটি। এসব রোগীদেরও কিডনি সমস্যা দেখা দেওয়ার সম্ভবনা বেশি।

ইন্টারন্যাশনাল ডায়বেটিসে ফেডারেশনের তথ্য অনুযায়ী বাংলাদেশে ৮৪ লাখ মানুষ ডায়াবেটিসে আক্রান্ত। তবে দেশের ডায়বেটিক সমিতির জরিপ অনুযায়ী এই সংখ্যা দ্বিগুণ। তাদের হিসেবে শতকরা ৮ ভাগ মানুষ ডায়াবেটিসে আক্রান্ত। সেই হিসেবে ১৬ কোটি মানুষের দেশে সংখ্যাটি দাঁড়ায় এক কোটি ২৮ লাখে।

অধ্যাপক মোস্তফা বলেন, কিডনি, ক্যান্সার বা ডায়বেটিসে আক্রান্তদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে। এ কারণে করোনা ভাইরাসের সংক্রমণ হলে এ ধরনের রোগীদের মৃত্যু ঝুঁকি বেশি থাকে। তারা নিয়মিত চিকিৎসা না পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেন তিনি। বলেন, প্রতি বছর এই সময়ে অনেকের জ্বর, সর্দি, কাশি, গলা ব্যথা হয়। ক্যান্সার, ডায়াবেটিস বা কিডনি সমস্যায় আক্রান্ত রোগীদেরও জ্বর, সর্দি, কাশি হতে পারে। তাই বলে তাকে সেবা না দেওয়া অমানবিক।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া বলেন, ‘বেসরকারি হাসপাতালগুলোর এই ধরনের আচরণ খুবই অন্যায়।

সূত্র: ডয়চে ভেলে

চিকিৎসার পরিবর্তে তাবলিগের লোকদের গুলি করে মারা উচিত : মালাউন রাজ ঠাকরে

ভারতের 'মহারাষ্ট্র নবনির্মাণ সেনা' (এমএনএস) প্রধান মালাউন রাজ ঠাকরে তাবলিগ জামাতের লোকদের চিকিৎসার পরিবর্তে তাদের গুলি করে মারা উচিত বলে বিতর্কিত মন্তব্য করেছেন। তিনি গত (শনিবার) এ সংক্রান্ত মন্তব্য করেন।

দিল্লির নিজামুদ্দিনে তাবলিগ জামাতের মারকাজে এক কর্মসূচি থেকে করোনা ছড়িয়ে পড়ার অভিযোগকে কেন্দ্র দেশজুড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তীব্র বিতর্ক ও মুসলিম বিদ্বেষী অপপ্রচারের মধ্যে এমএনএস প্রধানের ওই মন্তব্য প্রকাশ্যে এল।

রাজ ঠাকরে নিজামুদ্দিনের মারকাজের সঙ্গে সংশ্লিষ্ট তাবলিগ জামাতের সদস্যদের সম্পর্কে বলেন, 'আমি মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের সাথে এ বিষয়ে কথা বলেছি। এ ধরনের লোকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি করা হয়েছে। মারকাজের সাথে জড়িত এই জাতীয় লোকের কাজ সহ্য করার মতো নয়। সেজন্য, তাদের চিকিৎসা করার দরকার নেই, বরং তাদের গুলি করে মারা উচিত।

রাজ ঠাকরে আরও বলেন, দেশ এখন ভয়ঙ্কর সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। এরকম অবস্থায় ওরা ধর্মটাকেই বড় করে দেখছে। এর মধ্যে যদি কোনও ষড়যন্ত্র থাকে তাহলে তাবলিগ জামাতে থাকা লোকজনকে পেটানো উচিত। এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে সেই ভিডিও ভাইরাল করা উচিত।

সূত্র: পার্সটুডে

সৌদি আরবের বর্বর ক্ষেপণাস্ত্র হামলায় ইয়েমেনে পুরো পরিবার নিহত

দারিদ্র্যপীড়িত ইয়ামানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় সা'দা প্রদেশ সৌদি আরবের বর্বর ক্ষেপণাস্ত্র হামলায় পুরো একটি পরিবার ধ্বংস হয়ে গেছে। ইয়ামানের আরবি ভাষার আল-মাসিরা টেলিভিশন নেটওয়ার্ক গতকাল (শনিবার) জানিয়েছে, ওই পরিবারের একজন বাবা, গর্ভবতী মা এবং দুই শিশু ক্ষেপণাস্ত্র হামলায় মারা গেছে।

সা'দা প্রদেশ সৌদি সীমান্তের কাছে অবস্থিত এবং সেখানে প্রায় প্রতিদিনই সৌদি আরব রকেট হামলা এবং গোলা বর্ষণ করে থাকে। সৌদি আরবের গোলাবর্ষণে সেখানে বহুসংখ্যক বেসামরিক নাগরিক এ পর্যন্ত হতাহত হয়েছে। এছাড়া, সরকারি ও বেসরকারি বহু সম্পত্তি ধ্বংস হয়ে গেছে।

সারা বিশ্ব যখন করোনাভাইরাসের মহামারীর বিরুদ্ধে লড়াই করছে তখন সৌদি আরব দারিদ্র্যপীড়িত ইয়ামানের ওপর এই বর্বর হামলা চালালো।

এখন পর্যন্ত ইয়ামানে করোনাভাইরাসের রোগী পাওয়া যায় নি তবে যেকোনো মুহূর্তে যুদ্ধপীড়িত এই দেশটিতে তা মহামারী আকারে ছড়িয়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

গত ছয় বছরের সৌদি আগ্রাসনের কারণে ইয়েমেন ধ্বংসস্তূপে পরিণত হয়েছে এবং সেখানকার হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এ অবস্থায় করোনাভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়লে সেখানে তা থামানো খুব কঠিন হয়ে দাঁড়াবে।

সূত্র: পার্সটুডে

০৪ঠা এপ্রিল, ২০২০

৯ দিন অনাহারে-অর্ধাহারে রিকশাচালক সিরাজ

চট্টগ্রামের চন্দনাইশ সদরের মীর বাড়ি এলাকার মৃত লালুমিয়ার বড় ছেলে প্রতিবন্ধী মোহাম্মদ সিরাজুল ইসলাম (৬০) গত সাত মাস আগে ঋণ নিয়ে একটি অটোরিকশা ক্রয় করেন। কিস্তির টাকা এখনো শেষ হয়নি। করোনাভাইরাসের সংক্রমণের হাত থেকে রেহাই পাওয়ার জন্য সরকার সকল যান-পরিবহন বন্ধ রেখেছে। তার জন্য গত ৯ দিন ধরে রিকশা চালাতে পারেনি প্রতিবন্ধী সিরাজ।

সরকার খেটে খাওয়া ও রিকশাচালক শ্রমিকদের জন্য জনপ্রতিনিধিদের মাধ্যমে ত্রাণ পৌঁছানোর কথা বললেও সরেজমিনে তার চিত্র অন্যরকমই। এ রকম শত হতাভাগার কপালে জোটেনি এক মুঠো চাল। এ রকম চন্দনাইশের শত শত রিকশাচালক, দিনমজুর, মধ্যবিত্ত পরিবার না খেয়ে অর্ধাহারে জীবন যাপন করছে বলে একাধিক সূত্রে জানা যায়।

রিপোর্টঃ কালের কণ্ঠের

চাঁদাবাজির বিরুদ্ধে বলায় শিক্ষার্থীকে পেটালেন ইউপি সদস্য

বগুড়ার ধুনট উপজেলায় চাঁদাবাজির প্রতিবাদ করায় এক শিক্ষার্থীকে মারপিটের অভিযোগ উঠেছে ইউপি সদস্য ও তার লোকজনের বিরুদ্ধে।

কালের কণ্ঠের সূত্রে জানা যায়, উপজেলার ধেরুয়াহাটি গ্রামের জুয়েল সরকার মথুরাপুর ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ডের সদস্য। তিনি এলাকায় নছিমন-করিমন, ভটভটি, ট্রলি ও রিকশা-ভ্যানচালকদের কাছ থেকে অবৈধভাবে চাঁদা আদায় করেন। অবৈধভাবে চাঁদা আদায়ের প্রতিবাদ করে ধেরুয়াহটি গ্রামের আল মাহমুদের ছেলে বগুড়া আদর্শ কলেজের শিক্ষার্থী জাকির হোসেন তার ফেসবুক ওয়ালে একটি পোস্ট দেয়। এতে ক্ষুব্ধ হয়ে ৩১ মার্চ সন্ধ্যায় জুয়েল সরকার ও তার লোকজন জাকির হোসেনকে পিটিয়ে জখম করে।

শিক্ষার্থীকে পেটানোর ঘটনায় থানায় অভিযোগ দেওয়ায় বৃহস্পতিবার ওই শিক্ষার্থী ও তার পরিবারের লোকজনকে মোবাইল ফোনে হুমকি দেয় জুয়েল সরকার। এ ঘটনায় শিক্ষার্থী জাকির হোসেনের বাবা আল মাহমুদ বাদী হয়ে জুয়েল সরকারসহ তিনজনের বিরুদ্ধে শুক্রবার থানায় আরো একটি অভিযোগ দায়ের করেছেন।

ইউপি সদস্য জুয়েল সরকার বলেন, আমার বিরুদ্ধে চাঁদা আদায়ের মিথ্যা অভিযোগের ঘটনায় তাদের সাথে কথাকাটাকটি হয়েছে। তাদেরকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়নি। পূর্ব বিরোধের জের ধরে আমার বিরুদ্ধে থানায় মিথ্যা অভিযোগ দিয়েছে।

মৃতদেহ পোড়ানোর চেয়ে কবর দেওয়া উত্তম: বিশ্ব স্বাস্থ্য সংস্থা

মহামারিতে গণহারে মানুষ মারা গেলে লাশ পুড়িয়ে ফেলার চেয়ে কবর দেওয়া উত্তম বলে মত দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। তবে মৃতদেহ সৎকারের ক্ষেত্রে ধর্ম ও সামাজিক রীতিনীতি মান্য করারও আহ্বান জানানো হয়েছে। সংস্থাটির নিজস্ব ওয়েবসাইটে ‘রিস্কস পোজড বাই ডেড বডিস আফটার ডিজাস্টারস’ শিরোনামে প্রকাশিত নির্দেশনায় এমনটা বলা হয়েছে।

এই নির্দেশনায় আরও বলা হয়, সাধারণ মানুষ বিশ্বাস করে করোনাভাইরাসে মৃত ব্যক্তি থেকে করোনা সংক্রমণ ছড়িয়ে পড়ে। তবে এর কোনো প্রমাণ মেলেনি। এমনকি প্রাকৃতিক কোনো বিপর্যয়ের পর কোনো লাশের শরীর মহামারি রোগ সৃষ্টি করে এমন কোনো প্রমাণও পাওয়া যায়নি। কারণ মহামারিতে মারা যাওয়ার পর মানুষের শরীরে ওই এজেন্টের বেশিরভাগই দীর্ঘ সময় জীবিত থাকে না। তবে লাশের সঙ্গে সংস্পর্শ অব্যাহত রাখলে যক্ষ্মা বা রক্তবাহিত ভাইরাসের সংক্রমণ ঘটতে পারে। লাশ থেকে এক্ষেত্রে স্বাস্থ্যগত কিছু ঝুঁকি থাকে। যেমন কেউ যদি কলেরা বা রক্তপ্রদাহজনিত জ্বরে (হেমোরেজিক ফিভার) মারা যান, তাহলে এটা ঘটতে পারে। রিপোর্টঃ আমাদের সময়

বিশ্ব স্বাস্থ্য সংস্থা আরও জানিয়েছে, যেসব মানুষ নিয়মিত মৃতদেহ দাফন বা এর দাফন প্রক্রিয়ার সঙ্গে যুক্ত থাকেন তাদের যক্ষ্মা, রক্তবাহিত ভাইরাস (যেমন হেপাটাইটিস-বি, সি এবং এইচআইভি) এবং গ্যাস্ট্রোইনটেস্টাইনাল (যেমন কলেরা, ই-কোলি, হেপাটাইটিস-এ, রোটাভাইরাস ডায়রিয়া, সালমানেলোসিস, শিগেলোসিস এবং টাইফয়েড/প্যারাটাইফয়েড জ্বরে) সংক্রমিত হওয়ার ঝুঁকি থাকতে পারে।

এ ক্ষেত্রে বেশকিছু পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। তাতে বলা হয়েছে, যখন গণহারে মানুষ মারা যায় এবং মৃতদের আর শনাক্ত করা সম্ভব হয় না তখন লাশ পুড়িয়ে ফেলার চেয়ে কবর দেওয়া উত্তম। জনস্বার্থের জন্য গণকবর কোনো সুপারিশকৃত বিষয় নয়।

এতে প্রচলিত সামাজিক গুরুত্বপূর্ণ আদর্শগুলো লঙ্ঘিত হতে পারে। লাশের অন্ত্যেষ্টিক্রিয়ার সময় পারিবারিক প্রয়োজন ও সামাজিক রীতির প্রতি শ্রদ্ধা দেখানো উচিত।

করোনার কারণে বাংলাদেশি হজকর্মী নিয়োগ প্রক্রিয়া স্থগিত

বৈশ্বিক মহামারি করোনাভাইরাসের কারণে ২০২০ চলতি বছরে হজ মৌসুমে মক্কা, মদিনা মনোয়ারা এবং জেদ্দার জন্য স্থানীয়ভাবে অস্থায়ী বাংলাদেশি হজকর্মী নিয়োগ পরীক্ষা সাময়িক স্থগিত করেছে জেদ্দা বাংলাদেশ হজ অফিস।

আজ শনিবার মক্কা বাংলাদেশ হজ অফিসের কাউন্সিলর মোহাম্মদ মাকসুদুর রহমান দৈনিক আমাদের সময়কে এ খবর নিশ্চিত করেন।

মাকসুদুর রহমান বলেন, 'করোনাভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতি বিবেচনা ও কারফিউর কারণে যেসব প্রবাসী বাংলাদেশিরা আবেদন করেছিলেন তাদের সাক্ষাৎকার নির্ধারিত তারিখে গ্রহণ করা যাচ্ছে না। তাই বাংলাদেশ থেকে হজকর্মী নিয়োগ প্রক্রিয়া আপাতত স্থগিত করা হলো।'

আগামীতে পরিস্থিতি স্বাভাবিক হলে সাক্ষাৎকারের তারিখ ও সময় পুনঃনির্ধারণ করা হবে। সংশ্লিষ্ট সবাইকে তা বিজ্ঞপ্তি ও মোবাইলে এসএমএস করে জানিয়ে দেওয়া হবে বলেও জানান মাকসুদুর রহমান।

এদিকে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সৌদি আরবে গতকাল শুক্রবার পর্যন্ত চার বাংলাদেশির মৃত্যু হয়েছে। এ ছাড়া দেশটিতে মোট মৃত্যুর সংখ্যা ২৫। সুস্থ হয়ে উঠেছেন ৩৫১ জন ও আক্রান্ত আছেন ২ হাজার ৩৯ জন।

সময়সীমা বাড়লো গণপরিবহন বন্ধের

করোনাভাইরাসের মহামারির পরিস্থিতি মোকাবিলায় দেশব্যাপী চলমান গণপরিবহন বন্ধের সিদ্ধান্ত আগামী শনিবার (১১ এপ্রিল) পর্যন্ত বাড়ানো হয়েছে।

আজ শনিবার সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপপ্রধান (তথ্য কর্মকর্তা) মো. আবু নাছের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা যায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, করোনা পরিস্থিতি মোকাবিলায় দেশব্যাপী চলমান গণপরিবহন বন্ধের সিদ্ধান্ত আগামী ১১ এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হলো। তবে পণ্য পরিবহন, জরুরি সেবা, জ্বালানি, ঔষধ, পচনশীল ও ত্রাণবাহী পরিবহন এ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে। পণ্যবাহী যানবাহনে যাত্রী পরিবহন করা যাবে না।

এর আগে, করোনাভাইরাসের বিস্তাররোধে ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সারা দেশে গণপরিবহন বন্ধের ঘোষণা দেয়া হয়।

জোর করে মুসলিমদের মৃতদেহ পুড়িয়ে দিচ্ছে শ্রীলঙ্কা

কেউ করোনা আক্রান্ত হয়ে মারা গেলে তার মৃতদেহ কবর দেওয়ার পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার এই পরামর্শ উপেক্ষা করে করোনায় মারা যাওয়া সকল মৃতদেহ পুড়িয়ে ফেলছে দ্বীপ রাষ্ট্র শ্রীলঙ্কা।

শ্রীলঙ্কায় করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন পাঁচজন যার মধ্যে দুজন মুসলিম ধর্মাবলম্বী। ইসলামিক দাফনের রীতি লঙ্ঘন করে জোর করে তাদের মরদেহ পুড়িয়ে সৎকার করেছে শ্রীলঙ্কা সরকার।

মৃতদেহ সৎকারে মুসলিম রীতি না মেনে এমনকি মরদেহ ধৌত করতেও দেওয়া হয়নি বলে সংবাদ প্রকাশ করেছে কাতারের সংবাদভিত্তিক টেলিভিশন চ্যানেল আল জাজিরা।

জানা গেছে, গত বুধবার কলম্বোর বাসিন্দা ৭৩ বছর বয়সী বিসরুল হাফি মোহাম্মদ জুনুস নামে এক ব্যক্তি করোনায় আক্রান্ত হয়ে মারা যান। এর পরের দিন তার দেহ পুড়িয়ে দেওয়া হয়।

বিসরুল হাফির ছেলে ফয়েজ জুনুস জানান, এক সপ্তাহ আগে তার বাবার করোনা ধরা পড়ে। তার কিডনির সমস্যাও ছিল। করোনা সংক্রমণের ভয়ে তারা তার বাবার জানাজার নামাজ আদায় করতে পারেননি।

তিনি বলেন, 'আমার বাবার মরদেহ পুলিশ পাহারায় নিয়ে যাওয়া হয় এবং শ্মশানে নিয়ে গিয়ে পুড়িয়ে দেওয়া হয়। যদি দাফনের বিকল্প থাকে তবে সরকারের ব্যবস্থা করা উচিত। কিন্তু পুড়িয়ে দেওয়াই একমাত্র বিকল্প নয়, আমরা ইসলামিক পদ্ধতি অনুসারে আমাদের প্রিয়জনকে কবর দিতে চাই।'

শ্রীলঙ্কার স্বাস্থ্য মন্ত্রণালয় গত মঙ্গলবার কোভিড-১৯ সংক্রান্ত নির্দেশিকা জারি করে জানিয়েছে, করোনায় আক্রান্ত হয়ে মারা যাওয়া মানুষের দেহগুলো পুড়িয়ে দেওয়া হবে। সেখানে আরও বলা হয়, মরদেহগুলো ধৌতও করা হবে না। একটি সিলযুক্ত ব্যাগ এবং একটি কফিনে রেখে পুড়িয়ে দেওয়া হবে।

সফটওয়্যার সল্যুশন কোম্পানি ডারাক্সের পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট ওয়ার্ল্ডোমিটারের তথ্য অনুযায়ী, শ্রীলঙ্কায় প্রাণঘাতী এ ভাইরাসে আক্রান্ত হয়েছে ১৫৯ জন আর মৃত্যু হয়েছে ৫ জনের।

বিশ্বের ২০৫টি দেশ ও দুটি প্রমোদতরীর ১১ লাখ ১৭ হাজার ৮৬০ জন আক্রান্ত হয়েছে প্রাণঘাতী এই ভাইরাসে। মৃত্যুবরণ করেছে ৫৯ হাজার ২০৩ জন। এ ছাড়া এই ভাইরাসে সুস্থ হয়েছে প্রায় ২ লাখ ২৮ হাজার ৯৯০ জন।

সরকারের অব্যবস্থাপনায় ঢাকায় ফিরতে পথে-ঘাটে পোশাকশ্রমিকদের ঢল

বেসরকারি ও গার্মেন্টসকর্মীদের ঢাকায় ফিরতে দৌলতদিয়া ঘাটে প্রচণ্ড ভিড় চলছে আজ শনিবার দুপুর থেকেই। এতে সামাজিক দূরত্ব মানতে পারছে না তারা। ফলে করোনাভাইরাস ঝুঁকি মাথায় নিয়ে অসংখ্য মানুষ শনিবার দৌলতদিয়া ফেলি ঘাটে এসে ভিড় করেছে পদ্মা পাড়ি দেয়ার জন্য। লঞ্চ ও অন্য ট্রলার পারাপার বন্ধ থাকায় শত শত মানুষ গাদাগাদি করে ফেরিতে পার হচ্ছে।

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার কর্মমুখী মানুষ দৌলতদিয়া- পাটুরিয়া নৌ-পথ পাড়ি দিয়ে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ছুটছেন। গণপরিবহন বন্ধ থাকায় ফরিদপুর-দৌলতদিয়া মহাসড়কে পায়ে হেঁটে, ভ্যান-ট্রলি এবং পিকআপ ভ্যানে করে নিজ নিজ গন্তব্যে ছুটছেন পোশাকশ্রমিকরা। শনিবার সকাল ১০টার দিকে এমন চিত্র দেখা যায় খুলনা-দৌলতদিয়া মহাসড়কে।

বিআইডব্লিউটিসি'র দৌলতদিয়া ঘাট ম্যানেজার আব্দুল্লা রনি জানান, দৌলতদিয়া-পাটুরিয়া নৌপথে এখন ১৩টি ফেরি চলাচল করছে। তবে আজ শনিবার থেকে গাড়ির চেয়ে মানুষই বেশি পার হচ্ছে। ফেরির সংখ্যা প্রয়োজনের তুলনায় কম থাকায় একটা ফেরিঘাটে ভিড়ার সাথে সাথেই তাতে ওঠার জন্য মানুষ হুমড়ি খেয়ে পড়ছে। করোনা ছুটি শেষ হওয়ায় বেসরকারি চাকরিজীবি ও গার্মেন্টসকর্মী নারী-পুরুষ এক সাথে প্রত্যেক ফেরিতেই ভিড় করে পার হচ্ছে।

সরেজমিনে দেখা যায়, খুলনা,ফরিদপুর-দৌলতদিয়া মহাসড়কের বিভিন্ন বাসট্যান্ডে ঢাকামুখী যাত্রীরা কেউ হেঁটে যাচ্ছেন আবার যাদের অর্থনৈতিক অবস্থা কিছুটা ভালো তারা ভ্যান বা পিকআপে করে ছুটে চলছেন ঢাকার দিকে। অতি কষ্ট করে দৌলতদিয়া ঘাট পর্যন্ত আসতে এলাকা ভিত্তিক প্রতিজনের ভাড়া ৩০০ থেকে ৫০০ টাকা লেগেছে। ভাড়া যেখানে ২ শ' থেকে আড়াই শ' টাকা আর সেখানে এক স্টপেজ থেকে অন্য স্টপেজে যাওয়ার জন্য ভাড়া গুণতে হচ্ছে এক শ' টাকা। তবুও অতিরিক্ত টাকা দিয়েই যাচ্ছেন পোশাকশ্রমিকরা।

ঢাকার মহাখালির পোশাক কারখানার শ্রমিক গোলেজান বিবি জানান, কারখানা খুলে গেছে তাই যাচ্ছি। আজ কারখানায় উপস্থিত না হতে পারলে যে কয়েক দিন ছুটি পাইছি সে কয়েক দিন অনুপস্থিত দেখাবে কর্তৃপক্ষ। যার কারণে অতিরিক্ত টাকা দিয়েই কারখানায় যাচ্ছি। মহাসড়কে মানুষের ঢল হলেও ওই ঢলেই তাদেরও ভেসে গেলেও কারখানায় শনিবারের মধ্যে যেতেই হবে। সাইদুল নামে আরো এক পোশাক শ্রমিক বলেন, আমি গাজীপুরের একটি পোশাক কারখানায়

কাজ করি, কুষ্টিয়া থেকে দৌলতদিয়া ঘাট পর্যন্ত আসতে তার লেগেছে সাড়ে তিন শ' টাকা পথে যে ভাড়া তার চেয়ে পাঁচ-সাত গুণ ভাড়া চাচ্ছে পিক-আপ ভ্যানের চালকরা, আমার কাছে এত টাকা নাই তাই বাধ্য হয়েই মোবাইল কম দামে বিক্রি করে দিয়ে যাচ্ছি।

গোয়ালন্দ ঘাট থারার অফিসার ইনচার্জ মোঃ আশিকুর রহমান বলেন, দক্ষিণাঞ্চলের সব মহাসড়কে আঞ্চলিক গণপরিবহন বন্ধ রয়েছে। এছাড়া কাটা গাড়িও বন্ধ আছে এবং এই মহাসড়কের বিভিন্ন স্থানে পুলিশের চেকপোস্ট বসানো হয়েছে। গতকাল থেকে পোশাক কারখানার শ্রমিকরা দৌলতদিয়া-পাটুরিয়া নৌ-পথ পারি দিয়ে তাদের নিজ নিজ গন্তব্যে যাচ্ছে বলে জানান এই পুলিশ কর্মকর্তা।

আল্লাহর ক্ষমা পাওয়ার ৪টি শর্ত

وَ اِنِّیۡ لَغَفَّارٌ لِّمَنۡ تَابَ وَ اٰمَنَ وَ عَمِلَ صَالِحًا ثُمَّ اهۡتَدٰی ﴿۸۲﴾

"এবং আমি অবশ্যই ক্ষমাশীল তার প্রতি যে তাওবা করে, ঈমান আনে, নেক আমল করে ও সৎ পথে অবিচল থাকে।" [১]

আমরা সবাই-ই পাপী। জীবনটা ডুবে আছে পাপাচারে। জেনে, না জেনে, বুঝে, না বুঝে করে চলেছি অসংখ্য পাপ। অপরদিকে মহান আল্লাহ হলেন ক্ষমাশীল, পরম দয়ালু। আমরা যদি তাঁর দিকে এক বিঘত এগিয়ে যাই, তিনি আমাদের দিকে এগিয়ে আসবেন এক হাত, আমরা তাঁর দিকে যদি হেঁটে হেঁটে যাই, তিনি আমাদের দিকে দৌড়ে দৌড়ে আসবেন [২]। তিনি তো বলেছেন তাঁর রহমত থেকে নিরাশ না হতে [৩]। তাই আমরা তাঁর রহমতের আশায় আছি - নিশ্চয় তিনি আমাদেরকে ক্ষমা করবেন।

তবে মহান রবের ক্ষমা পাওয়ার কিছু শর্ত আছে। আলোচনার শুরুতে বর্ণিত আয়াতে আল্লাহ রব্বুল আলামীন ক্ষমা পাওয়ার ৪টি শর্ত উল্লেখ করেছেন।

১. তাওবা করা।

২. ঈমান আনা।

৩. নেক আমল করা।

৪. সৎ পথে অবিচল থাকা।

চলুন, আজ এ ৪টি শর্ত নিয়ে সংক্ষেপে খানিকটা আলোচনা করি।

◆ তাওবা করা :

আমাদের পাপের কোনো শেষ নেই। পাপের ফলাফল নির্ঘাত 'জাহান্নাম'। তবে কোনো পাপীও উত্তম হতে পারে, যদি সে তাওবা করে ফিরে আসে [৪]। আল্লাহর ক্ষমা পাওয়ার প্রথম শর্তই হচ্ছে তাওবা করে ফিরে আসা। সব ধরনের গুনাহ থেকে তাওবা করতে হবে - শিরক, কুফর, কবীরা, সগীরা। গুনাহের সাথে সম্পর্ক ছিন্ন করতে হবে। তাওবা করার পর আর ফিরে যাওয়া যাবে না সেসব পাপাচারে। যদিও তাওবা আমাদের জন্যেই, আমাদের পাপমুক্তির জন্যেই, তবে আমাদের তাওবায় মহান রব প্রচণ্ড খুশি হন [৫]। সুতরাং দেখা যাচ্ছে তাওবার মাধ্যমে একই সাথে দু'টি লাভ - আল্লাহর ক্ষমা লাভ এবং তাঁর সন্তুষ্টি অর্জন।

◆ ঈমান আনা :

ঈমান - মানবজীবনের সবচেয়ে দামি সম্পদ। ঈমানের এক যাররা নিয়ে যদি কেউ মৃত্যুবরণ করে, তবুও সে দশ দুনিয়ার সমান জান্নাত লাভ করবে [৬]। অথচ এ দামি সম্পদটি নিয়ে আজকাল আমরা বড্ড উদাসীন। নিজ ঈমানের পরিচর্যার প্রতি কোনো মনোযোগ নেই। জন্মসূত্রে ঈমান পেয়েছি, এ ঈমান কখনোই নষ্ট হবে না - এমন একটা ধ্যানধারণা কাজ করে আমাদের ভেতর। তাইতো যে মুখে 'আল্লাহু আকবার' বলি, সে মুখেই কুফুরি আইনের পক্ষে 'হ্যাঁ' ভোট দিই ; তাইতো যে হাতে মাসজিদে দান করি, সে হাতেই আবার হোলি খেলি হিন্দুদের সাথে ; তাইতো নামাজে 'সূরা কাফিরুন' পড়ে কুফর-শিরকের সাথে সম্পর্ক ছিন্নের স্পষ্ট ঘোষণা দিই, নামাজ শেষে অসাম্প্রদায়িকতার বুলি আওড়িয়ে পূজা অনুষ্ঠানে শুভেচ্ছাও জ্ঞাপন করি। আল্লাহ আমাদেরকে ক্ষমা করুন। এ জাতীয় ঈমান আদৌ আমাদের কাজে আসবে কিনা, তা সংশয়ের বিষয়। আল্লাহ আমাদেরকে প্রকৃত মুমিন হিসেবে কবুল করে নিন।

◆ নেক আমল :

ঈমান কেবল মুখে স্বীকৃতির নামই নয়, বরং কাজে পরিণত করারও বিষয়। আল্লাহ আমাদের ওপর রহম করেছেন - ছোট্ট ছোট্ট আমলেও রয়েছে অশেষ প্রতিদান। আলহামদুলিল্লাহ। একটি নমুনা দেখি চলুন। আপনি কেবল ১ বার পড়লেন, "সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম", আপনার ১০টি গুনাহ মুছে ফেলা হলো, ১০টি সাওয়াব লিখা হলো, ১০টি রহমত আপনার ওপর বর্ষিত হলো, আপনার ১০টি মর্যাদা উন্নীত হলো [৭]। এত সহজ আমলেও যদি থাকে এত বিশাল

প্রতিদান, তাহলে ইসলামের সর্বোচ্চ শেখর হিসেবে যে আমলের কথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলে গিয়েছেন, তাতে কী পরিমাণ প্রতিদান থাকতে পারে একবার ভাবুন তো। সে আমলটি হচ্ছে 'জিহাদ ফী সাবিলিল্লাহ' [৮]।

◆ সৎ পথে অবিচল থাকা :

ঈমান এনেছেন, ঈমানের ঘোষণা দিয়েছেন, ঈমানী দায়িত্ব (নেক আমল) পালনের চেষ্টা করে যাচ্ছেন, অথচ আপনার ওপর অত্যাচারের স্টিমরোলার চালানো হবে না, তা আসলে সম্ভব নয়। প্রায় সকল নবী-রাসূলকেই (আলাইহিমুস সালাম) বরণ করতে হয়েছে অকথ্য নির্যাতন। এ নির্যাতন আপনার জন্যে রবের পক্ষ থেকে পরীক্ষা। "ঈমান এনেছি" বললেই রব আপনাকে ছেড়ে দেবে না, বরং আপনার কথার প্রমাণও নেবেন [৯]। তাই এমতাবস্থায় সবরের সাথে হক পথে অটল থাকা আবশ্যক। কেননা আল্লাহ তো সবরকারীদের সাথেই থাকেন [১০]।

ওপরের ৪টি গুণ যদি আমাদের মাঝে থাকে, আমরা যদি এ ৪টি শর্ত পূরণ করতে পারি, তাহলে আমরা মহান রব্বুল আলামীনের ক্ষমা আশা করতে পারি ইনশাআল্লাহ। আল্লাহ আমাদের সবাইকে ক্ষমা করে দিক। আমীন।

পাদটীকা :

১. সূরা ত্বহা,২০: ৮২

২. সহীহ বুখারী : ৭৪০৫

৩. সূরা যুমার ৩৯:৫৩

৪. জামেউত তিরমিজি : ২৪৯৯

৫. সহীহ মুসলিম : ২৭৪৭

৬. সহীহ মুসলিম : ৩৪৯

৭. জামেউত তিরমিজি : ৪৮৫, সুনানে নাসায়ী : ১২৯৭

৮. জামেউত তিরমিজি : ২৬১৬

৯. সূরা আনকাবুত : ০২, ০৩

১০. সূরা বাকারা : ১৫৩

লেখক: আব্দুল্লাহ আবু উসামা, ইসলামী চিন্তাবিদ।

সরকারের দায়িত্ব অবহেলায় মারাত্মক মৃত্যু ঝুঁকিতে দেশবাসী

করোনা ভাইরাসের কারণে সারা পৃথিবীর মতো বাংলাদেশের মানুষের জীবনযাত্রাও স্থবির হয়ে পড়েছে । সারাদেশে চলছে অঘোষিত লকডাউন । ব্যাপক দুর্নীতিগ্রস্ত বাংলাদেশ সরকারের প্রথম থেকেই অদায়িত্বশীল আচরণের কারণে চরম মূল্য দিতে হচ্ছে বাংলাদেশের আপামর জনসাধারণকে । স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেয়া তথ্য অনুযায়ী এ পর্যন্ত ছয় ব্যক্তি করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন । কিন্তু অনেকের আশংকা পর্যাপ্ত পরীক্ষার কারণে করোনা ভাইরাসে আক্রান্তের ও আক্রান্ত হয়ে মৃত্যুর প্রকৃত সংখ্যা নির্ণয় করা সম্ভব হচ্ছে না ।

গত ২ এপ্রিল বৃহস্পতিবার দৈনিক যুগান্তরের রিপোর্টে বলা হয়েছে , "ঢাকাসহ দেশের ১৪ জেলায় মঙ্গলবার বিকাল থেকে বুধবার রাত ১২টা পর্যন্ত জ্বর, সর্দি, কাশি ও শ্বাসকষ্টসহ নানা রোগে ১৯ জনের মৃত্যু হয়েছে। করোনাভাইরাসে তাদের মৃত্যু হয়েছে কি না, তা নিশ্চিত হতে তাদের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউটে (আইইডিসিআর) পাঠানো হয়েছে। মারা যাওয়া ব্যক্তিদের বাড়ি লকডাউন করে পরিবারের সদস্য ও স্বজনদের হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে।"

এভাবে নিয়মিত গতিতে করোনা ভাইরাসে আক্রান্ত সন্দেহে মৃত্যুর সংবাদ পাওয়া যাচ্ছে । করোনা ভাইরাসের আক্রমণ থেকে পরিস্থিতি উন্নয়নে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গুলোর

একটি হচ্ছে পর্যাপ্ত টেস্টের ব্যবস্থা করা এবং আক্রান্তদের আইসোলেশনে রেখে নিবিড় চিকিৎসার সুযোগ নিশ্চিত করা । কিন্তু জনগণের সম্পদ আত্মসাৎকারী সরকারের নূন্যতম চিকিৎসা তো দূরে থাক টেস্টের ব্যবস্থা করতেও ব্যর্থ হচ্ছে । টেস্টের জন্য পর্যাপ্ত কিটও সংগ্রহ করতে পারেনি এই দুর্নীতিবাজ সরকার ।

করোনা ভাইরাসের সংক্রমণ থেকে পরিত্রাণ পেতে বেশি বেশি নমুনা পরীক্ষা করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কারণ যত বেশি টেস্ট করা হবে ততই উঠে আসবে আসল চিত্র। কিন্তু বাংলাদেশে বিপুল পরিমাণ জনগোষ্ঠীর বিপরীতে পরীক্ষা করার হার বিশ্বের মধ্যে সবচেয়ে কম।

আইইডিসিআরের তথ্য অনুযায়ী, ১৬ কোটিরও বেশি জনসংখ্যার এই দেশে গতকাল পর্যন্ত প্রতি ১০ লাখে পরীক্ষা হয়েছে ১০ জনের। পৃথিবীর মধ্যে নমুনা পরীক্ষার হার এটাই সর্বনিম্ন।

বাংলাদেশে যেখানে করোনা আক্রান্তের লক্ষণ দেখা গেলে টেস্ট না করে ঘরে থাকতে পরামর্শ দেয়া হচ্ছে বিশ্বের অপরাপর সচেতন দেশসমূহ একজন ব্যক্তিকে দুইবার টেস্ট করছে । অপরদিকে দিকে চিকিৎসকদের নিরাপত্তার জন্য চিকিৎসকদের পিপিই দিতে ব্যর্থ হলেও দূর্নীতিবাজ সরকারি কর্মকর্তারা ঠিকই পিপিই দখল করে নিয়েছে । এদিকে চিকিৎসকরা কেউ কেউ মৃত্যু ঝুঁকি নিয়ে চিকিৎসা দিলেও অনেক হোম করেনটাইনে চলে যেতে বাধ্য হচ্ছেন । যার ফলে চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছেন সাধারণ মানুষ ।

নানা জরিপে উঠে আসছে দেশে করোনা ভাইরাস ব্যাপক ছড়িয়ে পড়ার কথা । তাই ইতিমধ্যে দেশছাড়া শুরু করেছেন কূটনীতিকরা । যৌক্তিক কারণে ধারণা করা হয় এ দেশে করোনা ভাইরাস ছড়িয়েছে প্রবাসীদের মাধ্যমে । করোনা ভাইরাসে আক্রান্ত দেশগুলো থেকে আগত প্রবাসীদের কোয়ারেন্টাইনে রাখার কোনো ব্যবস্থা নেয়নি সরকার । কমিউনিটি পর্যায়ে ভাইরাস ছড়ানোর সুযোগ করে দেবার পর তড়িঘড়ি করে সারাদেশ লকডাইন করে। মুজিববর্ষের শিরকী আয়োজনে শত শত কোটি টাকার বাজেট ও আয়োজনে কোনো ঘাটতি না থাকলেও চিকিৎসা ব্যবস্থার সব কিছুতেই ঘটতি ও ত্রুটি দেখা যাচ্ছে । যা জনগনের কষ্টের টাকার নিয়ে জনগণের সাথে তামাশা ছাড়া আর কিছু নয় ।
এভাবে অদক্ষতার পরিচয় দিতে থাকলে বিশ্লেষকরা মনে করেন মৃতের সংখ্যা অনেক বাড়তে পারে । যা দেশের প্রতিটি মানুষের জন্য বিপদজনক ।

লেখক: রেদোয়ান সায়িদ, ইসলামী চিন্তাবিদ।

ভারতে করোনা হেল্পলাইন নম্বরে বারবার ফোন করেও উত্তর মিলছে না, বাড়ছে ক্ষোভ

ভারতে করোনা আক্রান্তের সংখ্যা ২০০০ ছাড়িয়েছে। যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ যাতে কোনও রকম সমস্যায় না পরে তার জন্য চালু করা হয়েছে হেল্পলাইন নম্বর। দেশের প্রতিটি রাজ্যে চালু হয়েছে করোনাভাইরাস হেল্পলাইন নম্বর। কিন্তু সেই নম্বর যদি কাজই না করে তাহলে জরুরী অবস্থায় কিভাবে পরিষেবা পাবে সাধারণ মানুষ! ঠিক এই রকমই কিছু সমস্যার কথা সংবাদ মাধ্যমের সঙ্গে শেয়ার করেছেন বিভিন্ন রাজ্যের মানুষ।

দিল্লির অঙ্কুর তিওয়ারি নামের এক ব্যক্তি জানিয়েছেন, কিছুদিন ধরে তিনি অসুস্থ বোধ করছিলেন। করোনাভাইরাসের কিছু উপসর্গ দেখা গিয়েছিল তাঁর শরীরে। জ্বর হয়েছিল, ক্লান্তি ভাব ছিল, এছাড়া শ্বাসকষ্টের সমস্যাও দেখা দিয়েছিল তাঁর। সেই সময় তিনি করোনাভাইরাস হেল্পলাইনে বার বার ফোন করেন পরামর্শ নেওয়ার জন্য। বারবারই নম্বর ব্যস্ত পান তিনি। কখনও অপারেটরের তরফে উত্তর আসে, নম্বরের কোনও অস্তিত্ব নেই। অনেক চেষ্টা করেও শেষমেশ হেল্পলাইন নম্বর থেকে কোনও সাহায্য পাননি তিনি। বাধ্য হয় বাড়ির কাছাকাছি এক চিকিৎসককে দেখিয়ে তিনি জানতে পারেন, করোনায় আক্রান্ত হননি তিনি।

অঙ্কুর তিওয়ারির মতো একই অভিযোগ করেছেন অনেকেই। হেল্পলাইন নম্বরে ফোন করে করোনাভাইরাস সম্পর্কিত কোনও পরিষেবা পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ করছ্েন বহু মানুষ। এই প্রসঙ্গে দিল্লির একজন সাংবাদিক জানিয়েছেন, তাঁর পাশের কলোনিতে করোনাভাইরাসের সংক্রমণ দেখা গিয়েছিল। তাই তিনি বারবার হেলপ্লাইন নম্বরে ফোন করেও কোনও সাহায্য পাননি। এমনকি তিনি দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে টুইট করেও জানিয়েছিলেন সমস্যার কথা। কিন্তু তার সেই টুইট গ্রাহ্য হয়নি। কিন্তু দিল্লির স্বাস্থ্যমন্ত্রক দ্বারা করোনাভাইরাসের বুলেটিনে জানানো হয়েছে, ১৯ থেকে ২৫ মার্চের মধ্যে প্রায় ২৮৭টি ফোন তারা পেয়েছেন।

শুধু যে দিল্লিতে বসবাসকারী সাধারণ মানুষই এই সমস্যার সম্মুখীন হয়েছেন তা নয়। দেশের বিভিন্ন রাজ্যের সাধারণ মানুষ এই সমস্যার সম্মুখীন হয়েছেন বলে জানা যাচ্ছে। যেমন মুম্বইয়ে বসবাসকারী একজন জানিয়েছেন, তাঁর মায়ের শরীরে করোনাভাইরাসের কিছু উপসর্গ দেখা দিয়েছিল। শরীরে ব্যাথা, কাশি, বুকে ব্যাথা, জ্বরের মতো উপসর্গ ছিল। সেই সময় তিনি মহারাষ্ট্রের করোনা হেল্পলাইন নম্বরে ফোন করে কোনও উত্তর পাননি। এরপর তিনি বাধ্য হয়ে তাঁর মাকে নিয়ে বাড়ির কাছাকাছি একটি ক্লিনিকে যান। এছাড়াও হরিয়ানা থেকে একজন জানিয়েছেন, তিনি হেল্পলাইন নম্বরের থেকে কোন উত্তর না পেয়ে হরিয়ানার স্বাস্থ্যমন্ত্রীকে টুইট করেছিলেন। কিন্তু কোনও উত্তর মেলেনি।

সূত্র: জি নিউজ

ভারতে লকডাউনে চাকরি গেল ১০ হাজার শিক্ষকের

করোনার জেরে গোটা দেশ লকডাউন। ক্ষতিগ্রস্ত হচ্ছে দেশের অর্থনৈতিক ব্যবস্থা। লকডাউন ঘোষনার পর থেকে উপার্জন নেই দেশের খেটে খাওয়া দিনমজুরদের। এই টানাপোড়নের মধ্যেই এবার চাকরি যাচ্ছে ত্রিপুরার কয়েক হাজার শিক্ষক—শিক্ষিকার। মাথায় হাত বাম আমলে চাকরি পাওয়া ১০ হাজার শিক্ষকের। কী করে চলবে দিন, বুঝতে পারছেন না তাঁরা। ২০১৪ সালে ত্রিপুরার তৎকালীন মুখ্যমন্ত্রী মানিক সরকারের আমলে নিযুক্ত হন এই ১০ হাজার শিক্ষক। নিয়োগে বেনিয়মের অভিযোগ তুলে ত্রিপুরা হাইকোর্ট ও সুপ্রিম কোর্টে দায়ের হয়েছিল মামলা। যার জেরে এবার চাকরি হারানোর পরিস্থিতি তৈরি হয়েছে ওই শিক্ষকদের।

ওই শিক্ষকদের চাকরিতে বহাল রাখতে বাম সরকার ১৩ হাজার শিক্ষাকর্মীর পদ তৈরি করে তাদের নিযুক্ত করেছিল। কাজ হারানোর আশঙ্কায় থাকা শিক্ষকদের পাশে দাঁড়িয়ে ঢালাও প্রতিশ্রুতি দেয় তৎকালীন বিরোধী শিবির বিজেপি। কিন্তু সরকার বদলের পর এই লকডাউনের সংকটে তাঁদের চাকরিতে না রাখার কথা টুইট করে ঘোষনা করে দিলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। যার জেরে প্রশ্ন উঠছে তা হলে কি প্রতিশ্রুতি ছিল স্রেফ ভোট নেওয়ার কৌশল! অ্যাডহক ভিত্তিতে এতদিন চাকরিতে বহাল ছিলেন এই শিক্ষকরা। কিন্তু দেশব্যাপী এই চরম সংকটের মাঝেই এককালীন ৩৫,০০০ টাকা দিয়ে তাঁদের চাকরি থেকে বরখাস্ত করা হল।

সূত্র: জি নিউজ

মালাউনদের নতুন চক্রান্ত: দিল্লিতে করোনার জন্য মুসলিমদেরকে দোষারোপ

নয়াদিল্লির নিজামুদ্দিন মসজিদে এক অনুষ্ঠান থেকে বেরোনো কয়েকজনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হওয়ার পর বিষয়টিকে ঘিরে সংখ্যালঘু মুসলিমদের ওপর দোষ চাপাতে ভারতীয় মালাউন সরকার উঠে-পড়ে লেগেছে।

গত ১ এপ্রিল ভারতীয় সংবাদমাধ্যম জানায়, লকডাউন ঘোষণার আগে নিজামুদ্দিন মসজিদে ১৩ থেকে ১৫ মার্চ অনুষ্ঠিত তাবলিগের ওই অনুষ্ঠানে অংশ নেয়া অন্তত ১৩৪ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত করা হয়েছে। বিশ্বের বেশ কয়েকটি দেশের অনেক নাগরিক ও ভারতের বিভিন্ন প্রান্তের কয়েক হাজার মানুষ পাঁচটি ট্রেনে ভ্রমণ করে ওই তাবলিগে অংশ নেন।

এরপর থেকে ভারত সরকার নিজামুদ্দিন মসজিদের ওই জমায়েতকে করোনা সংক্রমণের ‘হটস্পট’ হিসেবে চিহ্নিত করে আসছে। যদিও ভারতে করোনা এসেছে জানুয়ারিতেই। কিন্তু উগ্র হিন্দুত্ববাদী মতাদর্শে বিশ্বাসী বিজেপি সরকার এজন্য ধর্মীয় প্রচারকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দেয়। তাদের এই দোষ চাপানোর কাণ্ডে উসকানি দেয় ভারতীয় কিছু সংবাদমাধ্যমও। কিছু সংবাদমাধ্যমে ফলাও করে বলা হয়, করোনাভাইরাসের এই পরিস্থিতিতে তারা জমায়েত হলেন কেন?

অথচ ১৬ মার্চ বিজেপির সম-আদর্শের একটি হিন্দু ধর্মীয় সংগঠন দিল্লিতেই গোমূত্র পার্টি করে, যেখানে কয়েকশ লোক অংশ নেন। ১৯ মার্চ পর্যন্ত খোলা ছিল তিরুপতি মন্দির। যেখানে প্রতিদিন অন্তত ৪০ হাজার দর্শনার্থী যান। এমনকি লকডাউন ঘোষণা হয়ে যাওয়ার পরেও খোলা ছিল কাশ্মীরের বৈষ্ণদেবী মন্দির, যেখানে শত শত পূণ্যার্থীর যাতায়াত ছিল, এবং সেখানে এখনো আটকা পড়েছেন ৫০০ পূণ্যার্থী।

এখানেই শেষ নয়, মার্চের গোড়ায় ইটালি এবং জার্মানি ঘুরে দেশে ফিরেছিলেন এক শিখ ধর্মগুরু। বিমানবন্দরে তাঁর কোনও রকম পরীক্ষা হয়নি। পাঞ্জাবে গিয়ে ডজনখানেক গ্রামে ঘুরে তিনি ধর্মপ্রচার করেছেন। দিন দশেক আগে তাঁর মৃত্যুর পরে জানা যায়, সেই গুরুও করোনা আক্রান্ত ছিলেন। আশঙ্কা, ওই গুরুর সংস্পর্শে এসে অন্তত ১৫ হাজার মানুষ আক্রান্ত হতে পারেন। এখনও পর্যন্ত ওই সমস্ত গ্রামের অন্তত কয়েকশ ব্যক্তির শরীরে করোনার জীবাণু মিলেছে।

আর সব চেয়ে আশ্চর্যের ঘটনাটি তো ঘটিয়েছেন খোদ উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। নরেন্দ্র মোদী লকডাউনের ঘোষণা করার কয়েক ঘণ্টার মধ্যে অযোধ্যায় রামলালা যাত্রা করেন সপার্ষদ যোগী। এ সব অন্যায় নয়? অপরাধ নয়?

মালাউনদের গোমূত্রের পার্টিতে জড়ো হয়েছিলেন ২০০ ভক্ত। সেটিও দিল্লি সরকারের নির্দেশিকা লঙ্ঘন করে অনুষ্ঠিত হয়েছিল। এই সব আচরণই বুঝিয়ে দিচ্ছে, কারা বেপরোয়া। এসব জমায়েতের ব্যাপারে সরকারও উচ্চবাচ্য করেনি, উসকানি দেয়া সেই সংবাদমাধ্যমগুলোও কিছু বলেনি।

বিদেশ থেকে আসা নাগরিকদের ১৪ দিন আলাদা করে রাখা যেত। অথবা অন্য কোনও ব্যবস্থা নেওয়া যেত। অন্ততপক্ষে হাতে ছাপ দিয়ে তাঁদের নিজেদের বাড়িতেই কোয়ারান্টিনে রাখা যেত এবং তাঁদের প্রত্যেকের করোনা পরীক্ষা করা উচিত ছিল। তিনি কেন এটা করলেন না?

বিমানবন্দরে থার্মাল স্ক্রিনিং এর ব্যবস্থা ছিল। সেটা জ্বর মাপার জন্য। লোকেদের অভিজ্ঞতা বলছে, সবাইকে ওই স্ক্রিনিং এর মধ্যে দিয়ে যেতে হয়নি। এমনও অভিযোগ উঠছে, নামার আগে অনেক যাত্রী প্যারাসিটামল খেয়ে নিয়েছিলেন, যাতে পরীক্ষা করেও জ্বর পাওয়া না যায়। আর বাধ্যতামূলকভাবে কোয়ারান্টিনে পাঠানো হয়নি বলে গায়িকা কণিকা কাপুরের মতো বেশ্যা অনেকেই পার্টি করেছেন, অনুষ্ঠান করেছেন, লোকের সঙ্গে ঢালাও দেখা করেছেন। কলকাতায় যুগ্ম সচিব পর্যায়ের অফিসারের ছেলে হাসপাতালে না গিয়ে সারাদিন শপিং মলে ঘুরেছেন। তাঁদের ব্যাপারেও কোন ব্যাবস্থা নেয় নি কেন?

২ মার্চ থেকে ভারতে সংসদের অধিবেশন শুরু হয়। লকডাউন ঘোষণার আগের দিন পর্যন্ত তা চলেছে। মধ্যপ্রদেশে কংগ্রেসের দলছুট বিধায়কদের পদত্যাগ করিয়ে সেখানে ক্ষমতা দখলের পরিকল্পনা রূপায়ণ হয়েছে এরই মধ্যে। অর্থাৎ, এমন একটা ভাব দেখানো হয়েছে, যেন করোনা হচ্ছে তো কী হয়েছে, আমরা ঠিক থাকব। সামাজিক মাধ্যমে কেউ করোনা রুখতে গোবরস্নানের ভিডিও আপলোড করেছেন, কোনও বিজেপি বিধায়ক গোমূত্র পানের পরামর্শ দিয়েছেন। তাঁদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। তাঁদের নিন্দা বা সতর্ক পর্যন্ত করা হয়নি।

চীনের করোনা পরিস্থিতি দেখে এবং সেই রোগ বিশ্বের অন্যত্র ছড়াচ্ছে দেখেও সেই ধরনের কোন ব্যবস্থা করোনা প্রতিরোধের ক্ষেত্রে দেখা যায়নি। বরং এমন কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যা অবাক করার মতো।

অথচ, চীনে নভেম্বরের মাঝামাঝি থেকেই করোনার প্রকোপ শুরু হয়েছে। জানুয়ারির মাঝামাঝি থেকে তা রীতিমতো বড় আকার নিয়েছে। ৩০ জানুয়ারি ভারতে প্রথম একজন করোনায় আক্রান্ত হয়েছেন। চীনের মতো দেশ করোনা সামলাতে কী রকম নাজেহাল হচ্ছে, উহান লকডাউন করে দিতে হচ্ছে, মাস্ক, স্যানিটাইজার উধাও হয়ে যাচ্ছে, চিকিৎসকরা আক্রান্ত হচ্ছেন, পরিকাঠামোর অভাব তীব্রভাবে অনুভূত হচ্ছে-- সে সবই ততদিনে জানা হয়ে গিয়েছে। এটাও বোঝা গিয়েছে, করোনা চীনে সীমাবদ্ধ থাকবে না। গোটা বিশ্বে ছড়াবে।

তবুও সরকারের গাফিলতি বলুন, অদূরদর্শিতা বলুন, ঠিক সময়ে ব্যবস্থা না নেওয়ার উদাহরণ বলুন, সেটা হয়েছে ফেব্রুয়ারিতেই। অন্য দেশ থেকে যে সব বিদেশি ও স্বদেশি দেশে ঢুকেছেন, তাঁদের যদি সেই সময় থেকেই ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারান্টাইনে পাঠিয়ে দেওয়া হতো, তা হলে এতদিনে হয়তো করোনাকে নিয়ন্ত্রণ করা সম্ভব হতো। অন্তত ১ মার্চ থেকে এই ব্যবস্থা নিলেও এরকম পরিস্থিতিতে পড়তে হতো না। *খবর-ডয়চে ভেলে*

শুধু নিজামুদ্দিন মসজিদের জমায়েতের ওপরই করোনা ছড়িয়ে পড়ার সব দায় চাপাতে এখন সবাই উঠে-পড়ে লেগেছে। নাগরিক সমাজের অনেকে এটাকে 'ইসলামফোবিয়া'র চূড়ান্ত রূপ বলেও আখ্যা দিচ্ছেন।

তাবলিগের ঘটনা প্রচার পাওয়ার সঙ্গে সঙ্গেই কোনও কোনও মহল থেকে একটি সম্প্রদায়ের দিকে আঙুল তোলা শুরু হয়েছে। প্রচারের কৌশলে বোঝানোর চেষ্টা চলছে, ভারতে কেবল একটি সম্প্রদায়ই করোনা ছড়ানোর জন্য দায়ী। বাকিরা ধোয়া তুলসি পাতা। গুজরাটে রীতিমতো লিফলেট বিলি করে প্রচার করা হচ্ছে, নিজামুদ্দিনের ঘটনা আসলে একটি সংগঠিত 'সন্ত্রাসবাদী' চক্রান্ত।

গল্পের গরু মগ ডালেও চড়তে পারে। সমস্যা হল, ইদানীং ভারতীয় সমাজ, গণমাধ্যম এবং রাজনীতি ওই মগডালের গরুকে নিয়েই রাতদিন বিতর্ক করে যায়। তারা প্রশ্ন করে না, কী ভাবে ওই শিখ ধর্মগুরু বিমানবন্দর থেকে কোনও পরীক্ষা ছাড়াই বেরিয়ে পড়েন? তখন কোথায় ছিল প্রশাসন? কী ভাবে তাবলিগের জমায়েতে আসতে পারলেন বিদেশি অভ্যাগতরা? কেন তাঁদের বিমানবন্দরেই আটকে দেওয়া হল না? কী ভাবে ঘটল তালিকায় দেওয়া আর সব ঘটনা? কোথায় ছিল পুলিশ, প্রশাসন, সরকার? কোথায় ছিল আইনের শাসন?

তাতে বেজায় ক্ষুব্ধ হয়েছেন যুক্তরাষ্ট্রের ধর্মীয় স্বাধীনতা বিষয়ক অ্যাম্বাসেডর অ্যাট লার্জ স্যাম ব্রাউনব্যাক। তিনি 'দোষারোপের খেলা বন্ধ করে' করোনা থেকে রক্ষা পেতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়েছেন নয়াদিল্লির প্রতি।

গত বৃহস্পতিবার (২ এপ্রিল) ব্রাউনব্যাক বলেন, 'ভারতে কয়েকদিনে করোনার সংক্রমণ বৃদ্ধি পাওয়ার জন্য কোনো মুসলিম সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে সরকারের দায়ী করা উচিৎ নয়। আমরা জানি এই ভাইরাসের প্রকৃত উৎসস্থল ঠিক কোথায়? গোটা পৃথিবী এখন করোনাভাইরাসে স্তব্ধ। সেখানে কেবল মুসলিম সম্প্রদায়ের ওপর দোষ চাপিয়ে যে খেলা চলছে তা বন্ধ হওয়া প্রয়োজন। সরকারের প্রয়োজন এই নোংরা খেলার বিরুদ্ধে একটা কড়া পদক্ষেপ নেয়া।'

স্যাম ব্রাউনব্যাক ভারত সরকার ও তাদের অনুসারী সংবাদমাধ্যমের এমন অবস্থানে ক্ষোভ প্রকাশ করে বলেন, কোনো রকম দোষারোপের খেলায় না গিয়ে ভারতের উচিত পরিস্থিতি উত্তরণে সঠিক উপায় বের করা।

তিনি সব ধর্মাবলম্বীদের উদ্দেশে বলেন, সামাজিক দূরত্ব বজায় রেখে নিজেদের মত করে ধর্মীয় আচার পালন করুন এবং শান্তি বজায় রাখুন।

সূত্র- ইসলাম টাইমস/ ডয়চে ভেলে

হাতে কাজ নেই, কেউ তো খাবার দেয়না, আমরা খাব কী?

হাতে কাজ নেই, ঘর থেকে বেরোনো নেই , আমরা দিনমজুর কাজ না করলে পেটে ভাত যায়না, এম,পি, চেয়ারম্যান মেম্বার কেউই এক ছটাক চাউল দেইনি আমরা এখন কিভাবে বাঁচবো? যুবকণ্ঠের এ প্রতিবেদককে কথাগুলি বলছিলেন বাংলাদেশের সবচেয়ে দারিদ্রতমজেলা কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়নের চন্ডিপুর গ্রামের কাঠমিস্ত্রি মোফাছ মিয়া।

এই অভিযোগ ওই গ্রামের কাঠ মিস্ত্রি ও দিনমজুর তাজাম,মোকছেদ,ওয়াচ,আজিজুল,সাইদুল মানিক ও মোত্তালেবের ঘরে বেশ কিছুদিন থেকে বন্দি থাকলেও তাদের কাঠে পৌঁছায়নি সরকারী বা বেসরকারী কোন খাদ্য সহায়তা।

আপরদিকে ওই ইউনিয়নের ইউনিয়ন পরিষদের কোল ঘেষে বসবাস করা দিনমজুর দরিদ্র রোকেয়া,মমিনা,ফিরোজা,জবেদা,ভারতী রানিও এখন সরকারী বেসরকারী কোন সহায়তা পাননি বলে জানান।

এছাড়া ওই ইউনিয়নের তেলিপাড়া গ্রামের সুরজা,আকুল,জলিল,আজিজুল,মেহেরবান,মানিকসহ কেউই এখনও কোন ত্রাণ সহায়তা পাননি বলে জানান।

সুরজা বেগম এ প্রতিবেদককে কান্নায় ভেঙ্গে পড়ে বলেন, দিন আনি দিন খাই। গত ১০/১৫ দিন থেকে একপ্রকার খেয়ে না খেয়ে বাড়িতে পড়ে আছি। তিনি সরকার ও বিত্তবানদের কাছে খাদ্য সহায়তা চেয়েছেন।

এখন তাদের প্রাণের দাবী তারা দ্রুত সরকারী বা বিত্তবানদের কাছ থেকে খাদ্য সামগ্রি সাহায্য চান।

করোনার কারণে বিশেষ করে গ্রামের প্রতিটা মানুষ চরম কষ্টে। বিশেষ করে বেশি কষ্টে আছে খেটে খাওয়া দিনমজুরসহ বয়বৃদ্ধরা।

এ প্রতিবেদক তার নিজের গ্রাম কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলার চন্ডিপুরের ২০০ টি পরিবারের প্রায় প্রতিটি ঘরে গিয়ে মানুষগুলোর অসহায়ত্ব দেখেছে। অনেকের কান্নাও দেখেছে। এখন এই অসহায় মানুষগুলোর জরুরি খাদ্য সামগ্রি দরকার।

এ ব্যাপারে কথা হলে ওই ইউনিয়নের চন্ডিপুরের মেম্বার(ইউ,পি সদস্য) মুকুল মিয়া বলেন, বরাদ্ব অল্প তাই সকলকে দেয়া সম্ভব হয়নি।

প্রতিবেদকের বক্তব্য: আমি নিজে আমার গ্রাম কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ চন্ডিপুরে প্রায় প্রতিটি ঘরে গিয়ে মানুষগুলোর অসহায়ত্ব দেখেছি। অনেকের কান্নাও দেখেছি।

বিশেষ শিশুগুলো অনেক অনেক কষ্টে! তাদের কান্না দেখে নিজেও কেঁদেছি। বলবার কিছু নেই। পেট কি আর লকডাউন বা ঘরে থাকা বোঝে? আমি আজ আমার গ্রামের যতটা বাড়ি ঘুরেছি কেউই এখন পযন্ত সরকারী বা বেসরকারী কোন সহায়তা পাননি!

সূত্র : যুবকণ্ঠ

০৩রা এপ্রিল, ২০২০

দুই লাখ কওমি শিক্ষকদের নিয়ে ভাববার কেউ আছে কি?

করোনাভাইরাসের কারণে বর্তমানে আমরা খুবই নাজুক সময় পার করছি। চোখে না দেখা করোনাভাইরাসের সামনে গোটা পৃথিবী আজ অসহায়। এক দিকে মানুষ গণহারে মৃত্যু বরণ করছে। অপর দিকে ঘনীভূত হচ্ছে অর্থনৈতিক সংকট। অন্য সব সেক্টরের মত কওমি মাদরাসাগুলোও এই সংকট থেকে মুক্ত নয়। লকডাউনের সময়কাল এখনো শেষ হয়নি। অথচ, এরই মধ্যে বিভিন্ন মাদরাসা থেকে অর্থ সংকটের কথা সামনে আসছে। শিক্ষকদের বেতন হচ্ছে না, মাদরাসায় বাড়ি ভাড়া দেয়া যাচ্ছে না। মাদরাসা শিক্ষকদের বেতন এমনিতেই কম, তাও যদি না পায় তাহলে কীভাবে চলবে তাঁদের?

এখন সারাবিশ্বে একটা ভয়াবহ অবস্থা বিরাজ করছে, সঙ্গত কারণেই বাংলাদেশের কওমি মাদরাসাগুলো বন্ধ ঘোষণা করা হয়েছে। এমনিতেই মাদরাসাগুলো শাবানের ১৫ তারিখের পর বন্ধ ঘোষণা করা হতো। কিন্তু এবার করোনার কারণে কোনো পরীক্ষা নেওয়া হয়নি। অনেকটা তড়িঘড়ি করে মাদরাসাগুলো বন্ধ করতে সরকারের পক্ষ থেকে বাধ্য করা হয়েছে। পরে আবার বন্ধের মেয়াদ বাড়িয়েছে। সামনের দিনগুলোতে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। আপাতত রমজানের আগে আর খোলার কোনো সম্ভাবনা নেই। এখন দুই লাখ মাদরাসা শিক্ষকের কী

হবে? দুই লাখ মাদরাসা শিক্ষদের খোঁজ খবর নেওয়ার মত কেউ আছে কি? দেশের মাদরাসাগুলোর একাডেমিক বছর শুরু হয় শাওয়াল থেকে, শেষ হয় শাবান মাসে। তারপর রমজানের জন্য একমাস বন্ধ হয়। এই সময়ে পুরো বছরের বকেয়া বেতন পরিশোধ করার একটা ব্যাপার থাকে। কিছু কিছু প্রতিষ্ঠান বেতন পরিশোধ করে দেয়। যারা পারে না, তারা কিছু দেয় কিছু বাকি থাকে। এখন যে দুইমাস আগে মাদরাসা বন্ধ হয়ে গেল, এই অবস্থায় বাংলাদেশের দুই লক্ষাধিক কওমি উস্তাদের কী হবে? এই অবস্থায় যে প্রশ্নগুলো স্বাভাবিকভাবে শিক্ষকদের পক্ষ থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে উঠানো হয়েছে, তা হলো-
১. তাঁরা কি রজব এবং শাবান মাসের বেতন পাবেন?
২. যাদের কয়েক মাসের বেতন বাকি, তাঁদের কী অবস্থা?
৩. এ বিষয়ে মাদরাসা কর্তৃপক্ষের কি কোনো চিন্তা-ভাবনা আছে?
৪. মাদরাসাগুলোরও কি সেই সামর্থ্য আছে? যদি না থাকে, তাহলে তাদের কী করা উচিত?
৫. এ ব্যাপারে আমাদের বোর্ডগুলোর কি কোনো মাথাব্যথা আছে, কিংবা কোনো দিক-নির্দেশনা?
৬. এমন ঘোরতর দুর্দিনে এই দুই লক্ষাধিক উস্তাদ যদি তাদের বেতন না পান, তাহলে তাদের পরিবার চলবে কী দিয়ে?
৭. কওমি মাদরাসা শিক্ষার যেহেতু এখন সরকারী স্বীকৃতি হয়েছে, তাই এক্ষেত্রে সরকারী প্রতিষ্ঠানের মতো বন্ধ থাকাকালীন সময়েও বেতন পাবেন কিনা? সরকার তো কারণে-অকারণে কত জায়গায় লক্ষ কোটি টাকা ব্যয় করছে, মাদরাসার শিক্ষকদের ক্ষেত্রে কোন ভূমিকা রাখবে কি না?

‘প্রত্যক্ষ অভিজ্ঞতার সাথে আইইডিসিআরের তথ্যের মিল নেই’

দেশে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃতের প্রকৃত হিসাব প্রকাশের দাবি জানিয়েছেন দেশের ৮৫ জন বিশিষ্ট নাগরিক। তারা বলেছেন, আইইডিসিআরের দেওয়া তথ্যর সঙ্গে মানুষের প্রত্যক্ষ অভিজ্ঞতার মিল নেই।

আজ বৃহস্পতিবার এক যৌথ বিবৃতির মাধ্যমে সরকারের প্রতি এ আহ্বান জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, গত ৮ মার্চ সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) ঘোষণা দিয়ে দেশে করোনাভাইরাস সংক্রমণের কথা নিশ্চিত করে। এরপর প্রতিষ্ঠানটির দেওয়া তথ্যে মানুষের মনে বিভিন্ন প্রশ্ন ও সন্দেহ জাগতে শুরু করেছে। এর কারণ আইইডিসিআরের দেওয়া তথ্যে সঙ্গে মানুষের প্রত্যক্ষ অভিজ্ঞতার মিল নেই। গণমাধ্যমের

প্রতিবেদনগুলোর সঙ্গে ব্রিফিংয়ে প্রদত্ত তথ্যের পার্থক্য চোখে পড়ার মতো উদ্বেগজনক। ব্রিফ্রিংটিতে তথ্য যাচাই ও ব্যাখ্যা চাওয়ার কোনো সুযোগ নেই; যা স্বচ্ছতা ও জবাবদিহিকে ক্ষুণ্ন করছে।

বিবৃতি বলা হয়, দেশে দুর্যোগে মানুষের মৃত্যু ও ক্ষয়ক্ষতি নিয়ে সরকারি এবং সরকারবহির্ভূত মহলের হিসাবের মধ্যে ব্যাপক গরমিল পাওয়া যায়। বর্তমানে করোনাভাইরাস সংক্রমণের সময়ও এমন সম্ভাব্য গরমিল, ব্যাখ্যার ভিন্নতা এবং রোগের উপসর্গকে মৃত্যুর কারণ হিসেবে উপস্থাপন করার প্রবণতা দেখা যাচ্ছে। এমনকি একাধিক ক্ষেত্রে হাসপাতালগুলোতে রোগীকে ফিরিয়ে দেওয়ার গুরুতর ঘটনায় উদ্বিগ্ন ও নিরাপত্তাহীন পরিস্থিতি তৈরি করেছে।

দেশের বিশিষ্ট নাগরিকদের দেওয়া ওই বিবৃতিতে আরও বলা হয়, করোনাভাইরাস থেকে সংক্রমণ এবং মৃত্যুর যে হিসাব দেওয়া হচ্ছে, প্রকৃত হিসাব তার থেকে অধিক হওয়ার সম্ভাবনা থাকতে পারে। একই সঙ্গে আক্রান্ত মানুষের চিকিৎসা প্রদানে দুর্বলতায় মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

অবিলম্বে সব মৃত্যুর কারণ ও প্রকৃত সংখ্যা স্বচ্ছভাবে জনগণের কাছে প্রকাশ করারও দাবি জানানো হয় বিবৃতিতে।

সূত্র: আমাদের সময়।

ফিলিস্তিনের ৮৫ শতাংশ এলাকা দখল করে নিয়েছে সন্ত্রাসী ইসরায়েল

ফিলিস্তিনের কেন্দ্রীয় পরিসংখ্যান ব্যুরো(পিসিবিএস) নিশ্চিত করেছে যে,ঐতিহাসিক ফিলিস্তিনের মোট ভূমির প্রায় ৮০-শতাংশ জায়গা বিশ্ব সন্ত্রাসী ইসরাইল দখলকরে নিয়েছে। অবৈধ রাষ্ট্রের কঠোর বিধিনিষেধের মাঝে ফিলিস্তিনিরা মাত্র ১৫-শতাংশ নিয়ন্ত্রণ করে।

৩০ মার্চ ফিলিস্তিনের ভূমি দিবস উপলক্ষে পিসিবিএস একটি প্রতিবেদনে এই বিবরণী প্রকাশ করেছেন। এতে উল্লেখ করেছে যে,বিদেশ থেকে আগত ইহুদি অভিবাসীরা এখন অবৈধ রাষ্ট্রের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ।
সূত্র - মিডলইস্ট মনিটর।

প্রতিবেদন অনুযায়ী, ২০১৯ সালের শেষ নাগাদ সেখানে ১ কোটি ৩০ লাখ ফিলিস্তিনি ছিল। এর মধ্যে ৫০ লাখ অধিকৃত ফিলিস্তিনি অঞ্চলে বাস করছে। ১৯৪৮ সালের পর থেকে দখলকৃত অঞ্চলগুলিতে ১৫ লাখ ৫৭ হাজার ফিলিস্তিনি ইসরায়েলের নাগরিক হিসেবে বসবাস করছে। আর সমগ্র আরব ও বিশ্বের অন্যান্য দেশগুলিতে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে প্রায় ৭ লাখ ২৭ হাজার ফিলিস্তিনি।

প্রতিবেদনে আরও বলা হয়েছে যে ইসরায়েলি দখলদার কর্তৃপক্ষ অঞ্চলটির নিয়ন্ত্রণ আরও জোরদার করার জন্য ফিলিস্তিনের পশ্চিম তীরের অসলো বিভাগকে এ, বি এবং সি অঞ্চলে ব্যবহার করেছে। দখলকৃত জমির ৭৬ শতাংশ আয়তনের সি অঞ্চলটি ইসরায়েল প্রতিরক্ষা ও প্রশাসনিক কাজে ব্যবহার করছে।

পিসিবিএস উল্লেখ করে যে সন্ত্রাসী ইসরায়েল ফিলিস্তিনিদের ২৫১টি আবাসিক ভবন সহ দখলকৃত পশ্চিম তীরে ৬৭৮টি সুযোগ-সুবিধা ধ্বংস করেছে। ইসরায়েল ফিলিস্তিনের শহর ও গ্রামগুলির প্রবেশপথে ৬০০ সামরিক চৌকি এবং ব্যারিকেড স্থাপন করেছে ফলে শহর ও গ্রামগুলি দখলকৃত পশ্চিম তীরের মতো হয়ে যাচ্ছে।

ফিলিস্তিনিদের দখলকৃত পশ্চিম তীরে নির্দিষ্ট কিছু রাস্তা ছাড়া অন্যান্য রাস্তা ব্যবহার করতে বাধা দিচ্ছে যাতে ইহুদি বসতি স্থাপনকারীদের বিনামূল্যে রাস্তা ব্যবহার করতে পারে যা আন্তর্জাতিক আইনে অবৈধ। হেব্রনের সাতটি রাস্তা কেবল ইহুদিদের মধ্যেই সীমাবদ্ধ অথচ এই রাস্তাগুলো শুধুমাত্র ফিলিস্তিনিদের ছিল।

দুর্দিনে শ্রমজীবী পরিবার; ঘরে ক্ষুধা বাইরে করোনা

ঝালকাঠি শহরের দরিদ্রপ্রবণ চরাঞ্চলে করোনা পরিস্থিতিতে কর্মহীন হয়েছে পড়েছে অসংখ্য শ্রমজীবী পরিবার। বিভিন্ন স্থানে মাস্ক কিংবা সাবান-পানি বিতরণের কর্মসূচি চললেও এসব পরিবারের জন্য জোটেনি নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী। ফলে দরিদ্রতা নেমে এসেছে এসব পরিবারে। হতাশায় এখন তাদের দিন কাটছে।

জেলা শহরের সুগন্ধা নদীপাড়ের নতুনচর, কলাবাগান ও কাঠপট্টিতে অসংখ্য শ্রমজীবী পরিবারের বসবাস। তারা প্রায় সবাই দিন আনেন দিন খান। কিন্তু করোনার এ সংকট সময়ে গত ২৫ মার্চ থেকে বেকার হয়ে পড়েছেন তারা। কাজকর্ম বন্ধ হয়ে যাওয়ায় অনেকের ঘরেই নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী শেষ হয়ে গেছে।

মহামারী করোনাভাইরাসে চাকরি হারিয়েছে ১ কোটি আমেরিকান

চীনের উহান থেকে উৎপত্তি করোনাভাইরাস ইতোমধ্যে ২ শতাধিক দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে। বিশ্বব্যাপী ১০ লাখের বেশি মানুষ আক্রান্ত হয়েছে এই ভাইরাসে। মৃত্যু হয়েছে ৫২ হাজারের বেশি মানুষের।

এদিকে, করোনাভাইরাসের কারণে এখন সবচেয়ে বিপর্যস্ত দেশ যুক্তরাষ্ট্র। বাংলাদেশ প্রতিদিন

করোনাভাইরাস আঘাত হানার পর দ্রুতই ছড়িয়ে পড়ে দেশটিতে। যুক্তরাষ্ট্রে ২ লাখেরও বেশি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে। মৃতের সংখ্যা ছাড়িয়ে গেছে ৫ হাজারেরও বেশি।

তবে, করোনার কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ যুক্তরাষ্ট্রের অর্থনীতি। ব্যাপকহারে করোনা ছড়িয়ে পড়ার ফলে পুরো দেশ এখন লকডাউন। এর ফলে দেশটিতে চাকরিহীন কিংবা কর্মহীন হয়ে পড়েছেন ১ কোটিরও বেশি মানুষ।

বৃটিশ দৈনিক দ্য ডেইলি মেইলের অনলাইন ভার্সনে প্রকাশিত একটি রিপোর্টে জানানো হচ্ছে, দলে দলে মানুষ চাকরি হারাচ্ছেন কিংবা কর্মহীন হয়ে পড়ছেন।

সবচেয়ে শঙ্কার বিষয় হচ্ছে, চাকরিহীন কিংবা কর্মহীন হওয়ার হার গত সপ্তাহের তুলনায় এই সপ্তাহে দ্বিগুন বৃদ্ধি পেয়েছে।

২১ মার্চ পর্যন্ত শেষ হওয়া সপ্তাহের হিসাব প্রকাশ করে ইউএস ডিপার্টমেন্ট অব লেবার। সেখানে দেখা যাচ্ছে ৩.৩ মিলিয়ন (৩৩ লাখ) মানুষ চাকরিহীন অবস্থায় সহযোগিতার জন্য সরকারের কাছে আবেদন জমা দিয়েছে।

কিন্তু পরের সপ্তাহেই সেই আবেদনের পরিমাণ বেড়েছে দ্বিগুন। অর্থাৎ ২৮ মার্চ শেষ হওয়া সপ্তাহের হিসেবে দেখা যাচ্ছে- মাত্র সাতদিনের ব্যবধানে এই আবেদনকারীর পরিমাণ দাঁড়িয়েছে ৬.৬ মিলিয়ন তথা ৬৬ লাখ মানুষ। সব মিলিয়ে দুই সপ্তাহেই চাকরিহীন কিংবা কর্মহীন হয়েছেন প্রায় ১ কোটি।

ভারতে করোনা আক্রান্তের সংখ্যা ২ হাজারের অধিক, মৃত ৫৩

ভারতে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২৩৫ জন। এ নিয়ে দেশটিতে করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ২০৬৯ জনে। আর মৃতের সংখ্যা ৫৩।

ভারতীয় গণমাধ্যম এনডিটিভির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

এ ছাড়া ১৫১ জন রোগটি থেকে সেরে উঠেছেন বলে খবরে বলা হয়েছে। এর আগে ভারতে বুধবার একদিনেই ৪৩৭ ব্যক্তি করোনাভাইরাসে আক্রান্ত হন। সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছেন তামিলনাড়ুতে।

করোনার ত্রাণের চালও চুরি সন্ত্রাসী আ.লীগ নেতার!

নওগাঁর রাণীনগরে আয়াত আলী (৬০) নামে এক আওয়ামী লীগ নেতার বাড়ি থেকে সরকারি ত্রাণের ১৩৮ বস্তা চাল এবং ২০০ পিস খালি বস্তা উদ্ধার করা হয়েছে। বস্তাগুলোতে প্রায় সাড়ে পাঁচ মেট্রিক টন চাল রয়েছে। বৃহস্পতিবার (২ এপ্রিল) রাতে তার গ্রামের বাড়ি থেকে এসব চাল উদ্ধার করা হয়।

আয়াত আলী কালিগ্রাম ইউনিয়নের রাতোয়াল গ্রামের শৈলগাড়িয়া পাড়ার আয়েন উদ্দিনের ছেলে এবং ইউনিয়ন আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য।

রাণীনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আল মামুন বলেন, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে আয়াত আলীর বাড়িতে অভিযান চালিয়ে প্রায় সাড়ে পাঁচ মেট্রিক টন সরকারি ত্রাণের চাল এবং সরকারি ত্রাণের চালের ২০০ পিস খালি বস্তা উদ্ধার করা হয়েছে। তবে আয়াত আলী বাড়িতে না থাকায় তাকে আটক করা সম্ভব হয়নি।

সূত্র: বাংলা ট্রিবিউন

হাসপাতালগুলো ভর্তি না নিলে মানুষ যাবে কোথায়?

খুলনা মহানগরীর খালিশপুরের স্কুলছাত্র রিফাত লিভার সিরোসিসে আক্রান্ত। গত ৩১ মার্চ দুপুরে তার শারীরিক অবস্থা খারাপ হওয়ায় খুলনা মেডিক্যাল কলেজসহ একে একে চারটি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে নেওয়া হয়।কিন্তু চার প্রতিষ্ঠানের কোথাও ভর্তি হতে পেরে রিফাত সন্ধ্যায় মারা যায়।

রিফাতের নানা কলিমুদ্দীন জানিয়েছেন, রিফাতকে মঙ্গলবার বেলা আড়াইটার দিকে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক নেই বলে ভর্তি নেওয়া হয়নি, এরপর খালিশপুর ক্লিনিকে গেলে সেখানেও চিকিৎসক না থাকায় ভর্তি নেওয়া হয়নি। এরপর সার্জিক্যাল হাসপাতাল এবং পরে ময়লাপোতা হাসপাতালে রিফাতকে নিয়ে যাওয়া হয়, কিন্তু কিশোর রিফাতকে কোথাও ভর্তি নেওয়া হয়নি। বাধ্য হয়ে তাকে বাড়িতে ফিরিয়ে আনা হয়, সন্ধ্যায় চিকিৎসার অভাবে সে মারা যায়।

চট্টগ্রামের রাঙ্গুনিয়ার ১৬ বছরের সানজিদা ইসলাম সুমাইয়া সর্দি, কাশি ও জ্বরে ভুগছিল গত এক সপ্তাহ ধরে। ২৬ মার্চ তার শ্বাসকষ্ট হওয়াতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়, সেখানে চিকিৎসক ওষুধ দিয়ে হোম কোয়ারেন্টিনে থাকার কথা বলেন। সেদিন সন্ধ্যাতেই অবস্থা গুরুতর হলে প্রথমে চট্টগ্রামের এক বেসরকারি হাসপাতালে নেওয়া হয় তাকে। সেখান থেকে সুমাইয়াকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করানোর জন্য বলা হয়। কিন্তু, পরে তাকে করোনাভাইরাসে আক্রান্ত সন্দেহ করে চট্টগ্রাম জেনারেল হাসপাতালে নিয়ে যেতে বলা হয়। তবে রাতে সে হাসপাতালের সেবা বন্ধ থাকার কারণে শুক্রবার সকালে সুমাইয়াকে চট্টগ্রাম সংক্রামক ব্যাধি হাসপাতালে নেওয়া হয়। সেখানকার চিকিৎসকরা চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের রেফারেন্স ছাড়া করোনাভাইরাসের টেস্ট করতে অস্বীকৃতি জানান। এত জটিলতার পর তার যে পরীক্ষা করা হয় তাতে দেখা গেছে, সুমাইয়া করোনাভাইরাসে আক্রান্ত নয়।

গণমাধ্যমে প্রতিদিন এভাবেই উঠে সংবাদ আসছে জ্বর-হাঁচি-কাশি- শ্বাসকষ্টের রোগীদের নিয়ে নানা বেদনাদায়ক খবর। এমন রোগীদের সহজেই ভর্তি নিচ্ছে না সরকারি-বেসরকারি হাসপাতালগুলো। চিকিৎসা দেওয়ার চেয়ে আতঙ্কেই এসব রোগীকে ভর্তি নিতে চাইছে না হাসপাতালগুলো। প্রকাশিত খবর অনুযায়ী, একজন মুক্তিযোদ্ধা কে নিয়ে ১৬ ঘণ্টা ধরে ছয় হাসপাতালে ঘুরেছে এক অ্যাম্বুলেনন্স। কিন্তু, কোনও হাসপাতালে ঠাঁই না হওয়ায় শেষ অবধি ওই অ্যাম্বুলেন্সের ভেতরেই বিনা চিকিৎসায় মারা যান সেই মুক্তিযোদ্ধা।

এসবের পরিপ্রেক্ষিতে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে দেশের চিকিৎসা ব্যবস্থা ভেঙে পড়েছে কীনা সে প্রশ্ন তুলেছেন সংশ্লিষ্টরা। তারা বলছেন, হাসপাতাল, ডাক্তার সব থাকা সত্ত্বেও মানুষ চিকিৎসা না পেয়ে মারা যাবে, এটা কোনোভাবেই কাম্য হতে পারে না। বাংলাদেশের মতো একটি দেশে সরকারি হাসপাতাল থেকে মানুষ ভর্তি হতে না পেরে মারা যাচ্ছে—এটা অবশ্যই একটি অ্যালার্মিং বিষয়।

সরকারি হাসপাতালগুলোতে রোগী ভর্তি না নেওয়া বিষয়ে জানতে চাইলে স্বাস্থ্য অধিদফতরের স্বাস্থ্যসেবা বিভাগের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ বাংলা ট্রিবিউনকে বলেন,

কোনও হাসপাতাল যদি কাউকে সন্দেহজনক মনে করে তখন সে হাসপাতাল থেকেই নমুনা সংগ্রহ করবে। যদি রোগী পজিটিভ হন তাহলে তাকে "করোনা হাসপাতালে" পাঠানো হবে, আর যদি না হয় তাহলে সেখানেই তাকে চিকিৎসা সেবা দিতে হবে।

কিন্তু সর্দি, কাশি দেখলেই হাসপাতালগুলো রোগী ফেরত দিচ্ছে, চিকিৎসা না পেয়ে রোগীরা মারা যাচ্ছেন এমন অভিযোগ জানালে তিনি বলেন, এখন থেকে নেবে- সে নির্দেশনা দেওয়া হয়েছে।

বিভিন্ন হাসপাতাল থেকে রোগী ফিরিয়ে দেওয়া হচ্ছে এ বিষয়ে আপনাদের পক্ষ থেকে কোনও পদক্ষেপ নেওয়া হবে কিনা জানতে চাইলে তিনি বলেন, কেউ কিছু সাসপেক্ট করলে স্বাস্থ্য অধিদফতর, আইইডিসিআরসহ অন্যান্য হটলাইনগুলোতে কল করবে, আমরা প্রতিকার করবো। কিন্তু একটি বিষয় গুরুত্ব দিয়ে দেখতে হবে, তা হচ্ছে, এই মুহূর্তে চিকিৎসকদের শাস্তি দিয়ে যদি তাকে কাজ থেকে বিরত করা হয় তাহলে ডাক্তারের সংখ্যা কমে যাবে। কাজেই তাদের মোটিভেট করাটাই প্রধান অস্ত্র, তবে একদিনে এটা পরিবর্তন হবে তা নয়, সবাইকে সচেতন হতে হবে।

এদিকে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ও বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের কার্যকরী কমিটির সদস্য ডা. মুশতাক হোসেন বাংলা ট্রিবিউনকে বলেন, চিকিৎসক-নার্সসহ অন্যান্য স্বাস্থ্যসেবা যারা দিচ্ছেন তাদের ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে পারলেই কেবল এ সমস্যার সমাধান হবে। একইসঙ্গে যারা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ রয়েছে তাদের উচিত হবে প্রতিটি সেকশনের সবার কাজ সুনির্দিষ্টভাবে ভাগ করে দেওয়া। দরকার হলে যেসব হাসপাতালে টেস্ট হচ্ছে সেখানে পাঠাবে অথবা সেসব সেন্টার থেকে এসে স্যাম্পল নিয়ে যেতে হবে। এভাবে করলে চিকিৎসা নিয়ে যে অনিশ্চয়তা হচ্ছে সেটা কেটে যাবে। কিন্তু এ অবস্থার শেষ হতে হবে—এর কোনও বিকল্প নেই।

সূত্র: বাংলা ট্রিবিউন

ত্রাণ লুটপাটের সংবাদ প্রচার করায় সাংবাদিককে ব্যাট দিয়ে পিটিয়ে আহত করল চেয়ারম্যান!

হবিগঞ্জের নবীগঞ্জে নিম্ন আয়ের মানুষের মাঝে সরকারী ত্রাণ বিতরণে অনিয়ম ও লুটপাটের সংবাদ প্রচার করায় সন্ত্রাসী নিয়ে সাংবাদিক শাহ সুলতান আহমেদকে ক্রিকেট খেলার ব্যাট দিয়ে পেটালেন ইউপি চেয়ারম্যান মুহিবুর রহমান হারুন ও তার লোকজন। এসময় তাকে বাঁচাতে গিয়ে হামলার শিকার হন সাংবাদিক এম মুজিবুর রহমান ও বুলবুল আহমেদ।

বুধবার বিকেলে আউশকান্দি এলাকায় এ ঘটনা ঘটে। আউশকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহিবুর রহমান হারুনের নেতৃত্বে অস্ত্র-শস্ত্র সহকারে একদল সন্ত্রাসী দৈনিক প্রতিদিনের সংবাদের প্রতিনিধি ও নবীগঞ্জ সাংবাদিক ফোরামের সাবেক সভাপতি শাহ সুলতান আহমেদ উপর এ হামলা চালায়। এসময় ইউপি চেয়ারম্যান মুহিবুর রহমান হারুনও ক্রিকেট খেলার ব্যাট দিয়ে সাংবাদিককে পিটিয়ে রক্তাক্ত করেন।

এসময় তাকে উদ্ধার করতে গিয়ে সাংবাদিক মুজিবুর রহমান, সাংবাদিক বুলবুল আহমেদসহ আরো ৫ জন আহত হন।

স্থানীয়রা জানান, সম্প্রতি সরকারী ত্রাণ বিতরন করেন ইউপি চেয়ারম্যান মুহিবুর রহমান হারুন। কিন্তু ১০ কেজি চাল দেয়ার কথা থাকলেও তিনি দেন ৫ কেজি করে। এনিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে 'আসুন অসহায় দিনমজুরদের মনের কথা শুনি' শিরোনামে এক লাইভে সাধারণ মানুষের বক্তব্যসহ অনিয়মের বিষয়টি তুলে ধরেন সাংবাদিক সুলতান। এরপর ২০/২৫ জন সন্ত্রাসী নিয়ে অস্ত্র সহকারে আউশকান্দি বাজারে শাহ সুলতান আহমেদের উপর সন্ত্রাসী হামলা চালায়।

এসময় ইউপি চেয়ারম্যান মুহিবুর রহমান হারুনও ক্রিকেট খেলার ব্যাট দিয়ে পিটিয়ে আহত করেন সুলতানকে। এ খবর পেয়ে তাকে উদ্ধার করতে গেয়ে দৈনিক আমার সংবাদের প্রতিনিধি মুজিবুর রহমান, চ্যানলে এস এর প্রতনিধি বুলবুল আহমেদসহ অরো ৫ জন আহত হয়েছেন।

স্থানীয় লোকজন শাহ সুলতানকে উদ্ধার করে আশংকাজনক অবস্থায় নবীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন।

সূত্র: *প্যাসেনজার নিউজ*

করোনাভাইরাস : বিশ্বের জন্য সতর্কতামূলক পরীক্ষা

করোনা ভাইরাস সমগ্র মানব জাতির জন্য একটি বৈশ্বিক চ্যালেঞ্জে রুপ নিয়েছে। ভাইরাসটি মাত্র ৩ মাস আগে আবিষ্কার হয়েছে। অথচ এতো অল্প সময়ের মধ্যেই ভাইরাসটি এতো দ্রুত সব মহাদেশে ছড়িয়ে পড়েছে যে, তা শুধু বৈশ্বিক অর্থনীতি, স্বাস্থ্যখাত এবং সামাজিক জীবনকেই গ্রাস করেনি বরং অন্য সকল বিষয়কে এমনভাবে আক্রান্ত করেছে যা আধুনিক বিশ্ব আগে

দেখেনি। যেই প্রাণী—আল্লাহ মাফ করুন—সবচেয়ে বুদ্ধিমান ও ক্ষমতাশীল হিসেবে নিজেকে চিনতো, সে এখন এমন এক সৃষ্টির মাধ্যমে বিপর্যস্ত হয়ে পরেছে যাকে এমনকি খালি চোখেই দেখা যায় না।

এই পৃথিবীতে মানবসভ্যতার এক দীর্ঘ ইতিহাস রয়েছে। কিন্তু, বিগত কয়েক শতাব্দি কিছু ব্যতিক্রমী বৈশিষ্টের অধিকারী। কারণ এসময়ের মধ্যে মানুষ তার জীবনের সর্বস্তরে নিত্য নতুন বৈজ্ঞানিক আবিষ্কারের প্রভাবে অভূতপূর্ব অগ্রগতি করেছে। এসব আবিষ্কার ও অগ্রগতি মানবজাতির উপরে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার বিশেষ রহমত, এ কারণে আল্লাহ তা'য়ালার শুকরিয়া আদায়ের পরিমাণ বাড়িয়ে দেয়া দরকার ছিল। যাইহোক, মানুষ সৃষ্টিগতভাবেই দুর্বল হওয়ার কারণে তার নফস সব সময় আল্লাহর বিধানের বিরোধিতার দিকে যেতে চায়, তার উপর এসব অগ্রগতির ফলে ধর্মের বিরুদ্ধে তাদের এই যুদ্ধ চরম মাত্রায় পৌঁছায় এবং ধর্মনিরপেক্ষতা ও নাস্তিক্যবাদের ব্যাপক প্রসার লাভ করে।

এমনকি আগাগোড়া রক্ষণশীল দেশ আফগানিস্তানেও বিশ্বের অন্যান্য দেশের সহযোগিতায় নাস্তিক্যবাদের ব্যাপক প্রচার প্রসার হয়। এখানকার নতুন প্রজন্মকে তাদের ধর্মীয় রীতিনীতির পরিবর্তে ধর্মনিরপেক্ষ মতবাদে দীক্ষিত করার জন্য মিডিয়া, সামাজিক ও এরকম বহু উদ্যোগের মাধ্যমে ক্রমাগত প্রচারণা চালানো হয়। আর ফলাফলস্বরূপ, নবপ্রজন্মের প্রায় সবার উপর ধর্মনিরপেক্ষতার নেতিবাচক প্রভাব পড়ে। যাদের অন্তর আগে থেকেই রোগাক্রান্ত ছিল, তারা এই মতবাদকেই সত্য ও সঠিক পথ হিসেবে মেনে নেয়। ফলে দিনের পর দিন আল্লাহর বিরোধিতাও গাণিতিক হারে বৃদ্ধি পেতে থাকে।

কিন্তু আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা তাঁর এক ক্ষুদ্র বস্তুর মাধ্যমে তাঁর ক্ষমতার এক ঝলক প্রকাশ করলেন, যার কারণে একদম চরমপন্থী নাস্তিকরাও শেষ সম্বল হিসেবে ধর্মের ছায়াতলে আশ্রয় নিয়েছে।

যদিও বাহ্যিক দৃষ্টিতে করোনা ভাইরাসকে একটি রোগ হিসেবেই দেখা যাচ্ছে, কিন্তু আমাদের এটা মনে রাখতে হবে যে এটা মানব জাতির উদ্দেশ্যে একটি জরুরী বার্তা প্রদান করছে। আর সেই বার্তাটি হচ্ছে– মানবজাতি অমর নয় বরং তার ধ্বংস অবশ্যম্ভাবী, মানুষ শক্তিশালী নয় বরং দুর্বল; আর, সমস্ত ক্ষমতার প্রকৃত মালিক একমাত্র আমাদের রব আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার, যিনি এই মহাজগত সৃষ্টি করেছেন এবং এর সমস্ত কিছুই তাঁর নিয়ন্ত্রণে।

বর্তমানের এই পরীক্ষা আমাদের জানিয়ে দিচ্ছে যে, মানুষ আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা এবং তাঁর মনোনীত দ্বীন থেকে অনেক দূরে সরে গেছে। আর, অবশ্যই অতি দ্রুত তাদেরকে এ

নাফরমানি থেকে ফিরে আসতে হবে এবং আল্লাহর অনুগত বান্দা হিসেবে তাঁর মনোনিত দ্বীনের অনুসরণ করতে হবে।

যারা দ্বীন থেকে দূরে সরে আছে তারা এই ভাইরাসকে পরীক্ষা হিসেবে গ্রহণ করে নিজের অবস্থা সম্পর্কে চিন্তা করবে এবং নিজের অবস্থার পরিবর্তন করবে। একইসাথে, সাধারণ মুসলিমদেরকেও নিজেদের গুনাহের জন্য তওবা করে আল্লাহর দিকে ফিরে আসতে হবে এবং আল্লাহর সাথে করা চুক্তি নবায়ন করে দ্বীনের রজ্জু শক্ত করে আঁকড়ে ধরতে হবে। করোনা ভাইরাস যদিও একটা মহামারী ও বিপর্যয়, একই সাথে তা আমাদের জন্য দৃষ্টান্তমূলক শিক্ষা ও সতর্ককারী পরীক্ষা।

ইসলামী ইমারত আফগানিস্তানের অফিসিয়াল সাইট থেকে অনূদিত ।

২রা এপ্রিল, ২০২০

করোনায় সস্ত্রীক আক্রান্ত ইসরাইলের স্বাস্থ্যমন্ত্রী

ইসরাইলের স্বাস্থ্যমন্ত্রী ইয়াকোভ লিটজম্যান ও তার স্ত্রী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তাদের আইসোলেশনে রাখা হয়েছে।

বুধবার দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করেছে। খবর আনাদোলু ও আলজাজিরার।

ইসরাইলের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, ৭১ বছর বয়সী ইসরাইলের স্বাস্থ্যমন্ত্রী ইয়াকোভ লিটজম্যান ও তার স্ত্রীর করোনা পজিটিভ ধরা পড়েছে। তাদের দেহে কোভিড-১৯ পজিটিভ শনাক্তের পরই আইসোলেশনে রেখে চিকিৎসা দেয়া শুরু হয়েছে।

উল্লেখ্য, ইসরাইল সরকারের সবচেয়ে প্রবীণ মন্ত্রী ও রাজনীতিবিদদের একজন ইয়াকোভ লিটজম্যান।

করোনা পরিস্থিতির পর তিনি বাড়িতে বসেই সরকারি কাজকর্ম করছিলেন। এর পরও আক্রান্ত হলেন তিনি। তিনি কীভাবে সংক্রমিত হলেন সে বিষয়ে এখনও বিস্তারিত জানা যায়নি।

এদিকে করোনাভাইরাস এড়াতে ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু কোয়ারেন্টিনে রয়েছেন।

সোমবার ইসরাইলি দৈনিক হারেৎজ জানিয়েছে, সম্প্রতি নেতানিয়াহুর ঘনিষ্ঠ এক উপদেষ্টা করোনাভাইরাসে আক্রান্ত হলে তিনি কোয়ারেন্টিনে যাওয়ার সিদ্ধান্ত নেন। প্রসঙ্গত ইসরাইলে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা এখন ৬ হাজার ৯২ জন। মৃত্যুর সংখ্যা ২৬ জন। তবে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২৪১ জন। দৈনিক হারেৎজ জানিয়েছে, দেশটিতে প্রতিদিনই করোনা রোগীর সংখ্যা বেড়েই চলেছে।

যুক্তরাষ্ট্রে "টেস্টিং কিটের অভাবে বেড়েছে আক্রান্তের সংখ্যা

করোনাভাইরাস সংক্রমণের সংখ্যার বিবেচনায় তালিকার শীর্ষে এখন যুক্তরাষ্ট্র, এবং এই পরিস্থিতির জন্য বিশেষজ্ঞরা সরকারের প্রস্তুতির অভাবকেই দায়ী করছেন।।

নিউইয়র্ক থেকে একজন বাংলাদেশী বংশোদ্ভূত ডাক্তার ফেরদৌস খন্দকার বিবিসি বাংলাকে বলছিলেন, মার্কিন কর্তৃপক্ষ টেস্টিং কিট বাজারে আনতে এত দেরি করেছে যে, করোনাভাইরাস আক্রান্ত অসংখ্য লোক টেস্ট করাতে না পেরে দিনের পর দিন বাড়িতে বসে থেকেছেন। ফলে আক্রান্তের সংখ্যা বেড়েছে।

ডা. খন্দকার নিউইয়র্কের অভিবাসী-প্রধান কুইন্স এলাকার এলমহার্স্ট হাসপাতালের একজন চিকিৎসক এবং ২৫ বছর ধরে তিনি আমেরিকায় ডাক্তারি করছেন। পাশাপাশি তার একটি আউটপেশেন্ট মেডিক্যাল সেন্টারও রযেছে।

"আউটপেশেন্ট সেন্টারগুলোতে যেহেতু আমরা টেস্ট করাতে পারছি না - তাই আক্রান্ত লোকেরা ১০-১২দিন ধরে বাড়িতে বসে আছে এবং তা অন্যদের মধ্যে ছড়াচ্ছে" - বিবিসি বাংলার শাকিল আনোয়ারকে বলেন ডা. খন্দকার।

আমেরিকায় করোনাভাইরাসে মৃতের সংখ্যা এখন চার হাজার ছাড়িয়ে গেছে, এবং যে মাত্রায় সেখানে করেনাভাইরাস ছড়াচ্ছে, তাতে আশঙ্কা করা হচ্ছে শুধু যুক্তরাষ্ট্রেই মৃতের সংখ্যা দুই লাখে গিয়ে দাঁড়াতে পারে।

সবচেয়ে ভয়াবহ অবস্থা দাঁড়িয়েছে নিউইয়র্ক রাজ্যে, বিশেষ করে এ রাজ্যের অন্তর্গত নিউইয়র্ক সিটিতে। সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী যেখানে মৃতের সংখ্যা নয়শ' ছাড়িয়ে গেছে।

ডা. খন্দকার বলছিলেন, "নিউইয়র্কের ৭০ শতাংশ লোকই মনে হচ্ছে আক্রান্ত হয়ে গেছে। গত বছর এই সময়ে আমরা সর্দি-কাশির রোগী পেয়েছি ১০-১২ শতাংশ। এবার দেখছি হাসপাতালে ৮০ শতাংশ লোকই এসব লক্ষণের কথা জানাতে ফোন করছে।"

"আমার আউটপেশেন্ট হেলথ সেন্টারে চারজন অপারেটর আছে। সেখানে এত ফোন আসছে যে তারা সামাল দিতে পারছে না। প্রতিদিন কমপক্ষে আশিজন করে লোক ফোন করছে। সবাই বলছে, আমার সর্দি, আমার কাশি, আমার শ্বাসকষ্ট - আমার কী হবে, আমি কী করবো?"

"আমি যে এলমহার্স্ট হাসপাতালে কাজ করি সেটা নিউইয়র্কের কুইন্স এলাকায়। সেখানে এখন যত রোগী ভর্তি আছে তার ৯৫ শতাংশই হচ্ছে করোনাভাইরাস আক্রান্ত। প্রচুর রোগী মারা যাচ্ছে সেখানে। এই হাসপাতালটির চারপাশে প্রায় ১০ মাইল ব্যাসার্ধের এলাকার অধিকাংশই অত্যন্ত ঘনবসতিপূর্ণ। বেশির ভাগ অভিবাসী সম্প্রদায়ের। তাদের জীবনযাপন বা চলাফেরা অতটা স্বাস্থ্যসম্মত নয়। সেই কারণে এই মানুষগুলোই বেশি আক্রান্ত হচ্ছে।"

কিন্তু কী করে নিউইয়র্কের মতো একটা আধুনিক শহরে এমন অবস্থা তৈরি হতে পারলো?

ডাক্তার খন্দকার বলছিলেন, "আসলে করোনাভাইরাস 'টেস্টিং কিট' সময়মতো আসে নি। আসছে, আসবে করতে করতে এক মাস দেরি করে ফেলেছে। এটা হলো এক নম্বর কারণ। দু

নম্বর কারণ, এই টেস্টিং কিট যখন এলো, তখনও এটা পাওয়া যাচ্ছে শুধু মাত্র হাসপাতালগুলোতে। মেডিক্যাল সেন্টারগুলোতে নয়। সে জন্য আক্রান্তদের যে টেস্ট করা হবে, তারপর চিকিৎসা হবে - সেটা করাই যাচ্ছে না। "

তিনি বলছেন,"সাধারণ জ্বর-সর্দি-কাশি তিন থেকে পাঁচদিনে ভালো হয়ে যায় কিন্তু এই ভাইরাস থাকে ১০ থেকে ১২ দিন। সবাই বাসায় বসে থেকে ভালো হবার চেষ্টা করছে কিন্তু যে সাবধানতাগুলো অবলম্বন করতে হয়, তা কেউ করছে না। যেহেতু টেস্ট করা যাচ্ছে না - তাই সবাই ভাবছে তার সাধারণ সর্দিকাশি হয়েছে।"

"তারা যদি জানতে পারতো যে তাদের করোনাভাইরাস সংক্রমণ হয়েছে তাহলে তারা ফুল কোয়ারেন্টিনে যেতে পারতো কিন্তু সেটা হচ্ছে না।"

এজন্য আামি সরকারকেই দায়ী করবো। প্রথমেই যদি তারা লক্ষ লক্ষ ডায়াগনস্টিক কিট দিয়ে দিতো, তাহলে পরিস্থিতি এমন হতো না। সরকার প্রথম দিকে ব্যাপারটা পাত্তাই দেয় নি। তার পরও কিট আনতে আনতে তিন সপ্তাহ দেরি করে ফেলেছে।

এ অবস্থায় ডাক্তাররা তাহলে কতটা ঝুঁকি নিয়ে কাজ করছেন?

জবাবে ডাক্তার খন্দকার বলেন, "হাসপাতালগুলোর অবস্থা সত্যি খুব খারাপ। একটি সার্জিক্যাল মাস্ক আমরা ৫ সেকেন্ড ব্যবহার করে ফেলে দিই, এটাই স্বাভাবিক। কিন্তু এখন সেই মাস্ক আমাদের পুরো এক দিন পরে থাকতে হচ্ছে। এর চেয়ে উন্নত যে মাস্ক - তা অনেককে সাতদিন ধরে ব্যবহার করতে হচ্ছে। আর পিপিই অর্থাৎ সংক্রমণ প্রতিরোধী অন্যান্য সরঞ্জামের কথা বাদই দিলাম। "

"বাংলাদেশী ডাক্তার আমরা যারা আছি - তাদের ৯০ ভাগ ইতোমধ্যেই সংক্রমিত হয়ে হাসপাতালে ভর্তি হয়ে বেরিয়ে এসেছেন। "

বাংলাদেশী বংশোদ্ভূত কতজন এ পর্যন্ত করোনাভাইরাসে মারা গেছেন?

ডা. খন্দকার বলেন, "এখন পর্যন্ত ৩০ জনের কথা শোনা যাচ্ছে, কিন্তু আমরা তাদের কথাই জানতে পারছি যাদের কথা মিডিয়ায় এসেছে সাথে আমার ধারণা আরো ২৫-৩০ জন আছে। সব মিলিয়ে মৃতের সংখ্যা ৫০এর বেশি হবে। "

আমি প্রথম দিকে খুব ভয়ে ছিলাম যে, আমার এত প্রিয় এই শহরে এমন একটা ঘটনা ঘটছে কিন্তু আমরা কিছু করতে পারছি না। অনেক পরিচিত রোগী হাসপাতালে যেতে চাচ্ছে, কিন্তু পারছে না। অনেকে হাসপাতালে গিয়ে আর ফিরে আসছে না। অনেক বন্ধু-বান্ধবের মৃত্যু দেখে আমরা মানসিকভাবে ভেঙে পড়েছি।

"আমার এক বন্ধু - তিনি সিনিয়র ডাক্তার - আমাকে সেদিন বললেন, তার সহকর্মীরা সবাই আক্রান্ত। তিনি না পারছেন হাসপাতালে গিয়ে কাজ করতে, না পারছেন বাসায় বসে থাকতে।"

"আমরা যারা আউটপেশেন্ট করছি তারা টেলিমেডিসিন করছি। ভিডিওর মাধ্যমে রোগী দেখছি। কিন্তু এটা হচ্ছে যান্ত্রিকভাবে রোগী দেখা। প্রথম দিকে আমি পিপিই দিয়ে দেখতাম।"

"কিন্তু তার পর আমি নিজেই অসুস্থ হয়ে গেলাম। তার পর আমি ইনকিউবেটর বানালাম। ইনকিউবেটরের ভেতর থেকে রোগী দেখতাম, রোগী চলে গেলে সেখান থেকে বেরিয়ে আসতাম। কিন্তু এভাবে কি রোগী দেখা হয়? "

"রোগী দেখতে হলে তো নিজ হাতে তা পালস অনুভব করতে হবে। কিন্তু সেটা তো আর সম্ভব হচ্ছে না। এভাবে কতদিন চলবে?" - বলছিলেন ডা. ফেরদৌস খন্দকার।

সূত্র: বিবিসি বাংলা।

বিমানবাহী জাহাজ খালি না করলে সেনারা সবাই মারা যাবে: মার্কিন ক্যাপ্টেন

মার্কিন বিমানবাহী রণতরী থিওডোর রুজভেল্টের ক্যাপ্টেন ব্রেট ক্রোজিয়ার হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, করোনাভাইরাসে মারাত্মকভাবে আক্রান্ত বিমানবাহী এ রণতরীকে শিগগিরই খালি না করা হলে আমেরিকা নাবিকেরা সব মারা যাবে। জাহাজে অন্তত পাঁচ হাজার নৌ সেনা রয়েছে।

প্রশান্ত মহাসাগরে অবস্থানরত জাহাজ থিওডোর রুজভেল্টে আরো এক সপ্তাহ আগে বেশ কয়েকজনকে পরীক্ষার মাধ্যমে করোনাভাইরাসে আক্রান্ত বলে চিহ্নিত করা হয়। এ সম্পর্কে চার পৃষ্ঠার চিঠিতে ক্যাপ্টেন ব্রেট ক্রোজিয়ার জাহাজের পরিস্থিতি বিস্তারিত বর্ণনা করেছেন।

পরমাণুচালিত ওই জাহাজটির আরো সেনাকে এরইমধ্যে করোনা পরীক্ষা করা হয়েছে। তিনি বলেন, বিমানবাহী এ যুদ্ধজাহাজে পর্যাপ্ত পরিমাণে কোয়ারেন্টাইন এবং আইসোলেশনে রাখার

সুবিধা নেই। বর্তমানে করোনাভাইরাসের বিরুদ্ধে জাহাজে খুবই ধীরগতিতে প্রচেষ্টা চলছে এবং এভাবে এই ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলা করা যাবে না।

ক্যাপ্টেন ব্রেট ক্রোজিয়ার বিমানবাহী জাহাজের সেনাদের দ্রুত সরিয়ে নেয়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, "স্বল্প সময়ের মধ্যে এসব সেনাকে জাহাজ থেকে আইসোলেশনে নেয়া দরকার। আমরা বর্তমানে যুদ্ধের ভেতরে নেই এবং সেনাদের মরারও প্রয়োজন নেই।" তিনি বলেন, "এখনই যদি সঠিক সিদ্ধান্ত আমরা না নিতে পারি তাহলে আমাদের সবচেয়ে বিশ্বস্ত সম্পদ আমাদের সেনাদেরকে আমরা হারাবো।" তিনি আরো বলেছেন, জাহাজে করোনাভাইরাসের প্রাদুর্ভাব দ্রুত ছড়িয়ে পড়ছে।

লকডাউনকে পুঁজি করে চাঁদাবাজি করে ধরা খেলো কনস্টেবলসহ তিনজন, গণধোলাই

কভিড-১৯ করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে কাঁচাবাজার ও নিত্য প্রয়োজনীয় পণ্যের দোকান ছাড়া দেশের সব ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ। এর মধ্যে দোকান খোলায় ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদা নেওয়ার অভিযোগ উঠেছে এক কনস্টেবলের বিরুদ্ধে। চট্টগ্রামের সীতাকুণ্ডে পুলিশের সাব ইন্সপেক্টর পরিচয়ে ব্যবসা প্রতিষ্ঠান থেকে গণহারে চাঁদাবাজির এক পুলিশ কনস্টেবলসহ তিনজনকে আটক করে গণধোলাই দিয়েছে জনতা। মঙ্গলবার রাতে উপজেলার বড়কুমিরা বাজারে এ ঘটনা ঘটে।

বিডি প্রতিদিন সূত্রে জানা যায়, মঙ্গলবার সন্ধ্যা আনুমানিক সাড়ে ৭টার দিকে তিন যুবক উপজেলার কুমিরা বাজারে একটি প্রাইভেটকারযোগে উপস্থিত হয়। একজন নিজেকে সীতাকুণ্ড থানা পুলিশের সাব ইন্সপেক্টর পরিচয় দিয়ে লকডাউনের মধ্যে দোকান খোলার কারণ কী- এমন প্রশ্ন করে ধমকাতে থাকেন। তার সঙ্গে পিস্তলের বাক্স থাকায় তাকে সিভিল পুলিশ মনে করে ভয় পেয়ে যায় ব্যবসায়ীরা।

তিনি অন্তত ১২-১৫টি দোকান থেকে বিভিন্ন অংকের টাকা হাতিয়ে নিতে থাকেন। কয়েকজন টাকা দিতে অস্বীকৃতি জানালে সোহেল রানা জোর জবরদস্তি তাদের ক্যাশ বাক্স থেকে টাকা লুটে নিতে থাকেন।

পরে এলাকাবাসী তিনজনকেই আটক করে গণধোলাই দেয়। তাদেরকে আটক রেখে সীতাকুণ্ড থানায় খবর দিলে ওসি মো. ফিরোজ হোসেন মোল্লা, ওসি (তদন্ত) শামীম শেখ সঙ্গীয় ফোর্স নিয়ে

সেখানে ছুটে যান। তারা জনতাকে শান্ত করে এলাকাবাসীকে সাক্ষী করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে ঘটনাটি জানিয়ে তিনজনকে আটক করে থানায় নিয়ে যান।

আটককৃত সোহেল রানা বর্তমানে দামপাড়া পুলিশ লাইনে আছেন।

কুমিরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. মোর্শেদুল আলম চৌধুরী ও ইউপি সদস্য মো. আলাউদ্দিন ঘটনার বর্ণনা দিয়ে জানান, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের কনস্টেবল মো. সোহেল রানা, তার একজন সোর্স ও গাড়ি চালক নিয়ে জোর করে টাকা লুট করতে থাকে তারা। একজন পুলিশ ক্যাশ থেকে নিজ হাতে টাকা লুট করছে শুনে আমাদেরও সন্দেহ হয়। এর আগে তারা জোড়ামতল বাজারেও চাঁদাবাজি করেছে। আমরা ঘটনাস্থলে আসার আগেই এলাকাবাসীও বিষয়টি সন্দেহ করে তাদেরকে আটক করে গণধোলাই দেয়।

নাম প্রকাশে অনিচ্ছুক পুলিশের এক কর্মকর্তা বলেন, সোহেল চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের একজন কনস্টেবল। সীতাকুণ্ড থানার অফিসার পরিচয়ে সে এ অপকর্ম করেছে।

শিমুলিয়ায় বিআইডব্লিউটিসি’র কর্মচারীরা পিপিই ছাড়াই কাজ করছেন

ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) না থাকায় মুন্সীগঞ্জ শিমুলিয়া ঘাটের বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি) কর্মচারীদের মাঝে ব্যাপক ক্ষোভ সৃষ্টি হয়েছে। এরই মধ্যে বিআইডব্লিউটিসি’র একজন কর্মী রোগে আক্রান্ত হয়েছে বলে দাবি করা হয়েছে।

ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে কোনো প্রকাশ সহযোগিতা না পেয়ে তাদের মাঝে ক্ষোভ আরও বৃদ্ধি পেয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক বিআইডব্লিউটিসির এক কর্মচারী মঙ্গলবার দিবাগত রাতে ইউএনবিকে জানান, সরকার ছুটি ঘোষণা করায় লাখো যাত্রী শিমুলিয়া ঘাট দিয়ে ফেরি পার হয়ে বাড়ি যায়। এ সময় সত্যজিৎ রায় নামে তাদের একজন প্রান্তিক সহকারী জ্বরে আক্রান্ত হন। তার জ্বর, মাথাব্যথা, শ্বাসকষ্টের সাথে বমিও শুরু হয়েছে। দুই মাস আগে বিয়ে করা ওই কর্মী মাওয়া আবু নাসের সুপার মার্কেটের পেছনে জীবন দাসের ভবনে বাস করছেন।

তিনি আরও জানান, এ বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সহযোগিতা চেয়ে তা পাওয়া যায়নি। বারবার কর্তৃপক্ষের কাছে পিপিই বা সুরক্ষা পোশাক চাইলেও কর্তৃপক্ষ এ ব্যাপারে কোনো প্রকার সহযোগিতা করেনি। 'আমরা এ অবস্থায় কিভাবে কাজ করবো,' যোগ করেন তিনি।

রিপোর্টঃ সংগ্রাম

জীবনের যেন কোন মূল্য নেই, আবারো সন্ত্রাসী বিএসএফ'র গুলিতে বাংলাদেশি নিহত

ঠাকুরগাঁওয়ে বালিয়াডাঙ্গী উপজেলার চোষপাড়া সীমান্তে ভারতীয় সীমান্ত সন্ত্রাসী বিএসএফ'র গুলিতে জয়নাল আবেদিন (৩৫) নামে এক বাংলাদেশি নিহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার ভোর রাতে চোষপাড়া সীমান্তের এস ৩৭৯নং পিলারের সন্নিকটে এ ঘটনা ঘটে বলে জানান বড়পলাশবাড়ী ইউনিয়নের চেয়ারম্যান আমিনুল ইসলাম। নিহত জয়নাল আবেদিনের বাড়ী রাণীশংকৈল উপজেলার বাচোর ইউনিয়নের ভাংবাড়ি গ্রামের মফিজ উদ্দীনের ছেলে। রিপোর্টঃ বিডি প্রতিদিন

স্থানীয় ইউপি সদস্য আব্দুর রহিমের বরাতে ইউপি চেয়ারম্যান আমিনুল ইসলাম বলেন, জয়নাল বিয়ে করেছে ভারতের পানজিপাড়া গ্রামে।

চোচপাড়া সীমান্ত দিয়ে শ্বশুড়বাড়িতে যাতায়াত করতো। বৃহস্পতিবার ভোরবেলা শ্বশুবাড়ি যাওয়ার সময় বিএসএফ'র সদস্যরা তাকে লক্ষ্য করে গুলি ছোড়ে। গুলি লেগে জয়নাল মারা গেলে তার লাশ তুলে নিয়ে যায় বিএসএফ।

ঠাকুরগাঁও ৫০ বিজিবি ব্যাটেলিয়ানের অধিনায়ক লে. কর্নেল শহীদ জানান, সীমান্ত একজন বাংলাদেশির মৃত্যু হয়েছে। এমন ঘটনা শুনেছি। আমরা এখনও নিশ্চিত না। খোঁজ খবর নেয়া হচ্ছে।

এবার ঘাটাইলে তাগুত ইউএনও বন্ধ করলো শরীয়াহ অনুমোদিত জায়েজ বিয়ে

টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা তাগুত নির্বাহী কর্মকর্তার কথিত বাল্যবিবাহের নামে জায়েজ বিয়ে বাতিল করে দিল। গত বুধবার (১ এপ্রিল) রাতে উপজেলার দিগর ইউনিয়নের ধোপাজানি গ্রামে এ ঘটনা ঘটে।

বুধবার রাতে ঘাটাইলের উপজেলা তাগুত নির্বাহী কর্মকর্তা দিগড় ইউনিয়নের ধোপাজানি গ্রমের মজনু মিয়ার মেয়ে মেঘলার বিয়ে ভেঙে দেয়। মেয়েটি স্থানীয় একটি বিদ্যালয় থেকে এ বছর এসএসসি পরীক্ষা দিয়েছে। টাঙ্গাইল সদর উপজেলার টিলাবাড়ি গ্রামের রফিকুল ইসলামের ছেলে সুমন মিয়া (১৮) সাথে বিয়ের আয়োজন করা মেয়েটির।

বুধবার রাতেই বরপক্ষ লোকজন বিয়ের অনুষ্ঠানে উপস্থিত হন। এ অবস্থায় উপজেলা নির্বাহী কর্মকর্তা অঞ্জন কুমার সরকার রাতে দিগড় ইউনিয়নের চেয়ারম্যান মো. আবুল কালাম আজাদ মামুনকে নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়। এরপর মেয়ের আত্মীয়-স্বজন ও স্থানীয় ইউপি সদস্যের কাছ থেকে মুচেলেকা নিয়ে বাল্যবিবাহ বন্ধ করে দেয় উপজেলা তাগুত হিন্দু নির্বাহী কর্মকর্তা।

থামছে না আওয়ামী লীগের সন্ত্রাসী কর্ম, এবার যুবলীগ নেতার লাথিতে আশঙ্কায় অন্তঃসত্ত্বা নারী

পাঁচ মাসের অন্তঃসত্ত্বা এক নারীর পেটে লাথি মেরেছে এক যুবলীগ নেতা। আরও অভিযোগ, ভুক্তভোগীর স্বামী ওই নেতার বিরুদ্ধে থানায় মামলা করতে গেলে গভীর রাত পর্যন্ত তাকে বসিয়ে রেখেও শেষ পর্যন্ত মামলা নেয়নি আওয়ামী দালাল পুলিশ। অন্যদিকে অন্তঃসত্ত্বা ওই নারীর অবস্থা আশঙ্কাজনক বলে চিকিৎসকদের বরাত দিয়ে জানিয়েছেন তার স্বামী।

ঘটনাটি ঘটেছে রাজধানীর পল্লবীতে। ভুক্তভোগীর নাম মায়া বেগম। আর এই সন্ত্রাসীর নাম মো. রওশন আলী। তিনি ঢাকা মহানগর উত্তর যুবলীগের ৯১ নম্বর ওয়ার্ড সভাপতি। গত সোমবার সকালে পল্লবীর সেকশন ১২, ই-ব্লকের ৬ নম্বর সড়কের ৮৯ নম্বর হোল্ডিংয়ে এ ঘটনা ঘটে, যা লিটনের বাসা হিসেবে পরিচিত।

সোমবার পেটে লাথি মারার পর ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে মায়াকে চিকিৎসার জন্য নিয়ে যান তার স্বামী মো. মিলন মিয়া। সন্ধ্যায় তারা বাসায় ফেরেন। এর পর মিলন মিয়া রাত আটটার দিকে পল্লবী থানায় মামলা করতে যান। তাকে থানায় বসিয়ে রাখা হয় দীর্ঘ সময়। মধ্যরাত পর্যন্ত অপেক্ষা করার পরও আওয়ামী দালাল পুলিশ তার মামলা না নেওয়ায় শেষ পর্যন্ত বাসায় ফিরে যান। গত মঙ্গলবার এসব কথা জানান মিলন। স্ত্রীর অবস্থা আশঙ্কাজনক, উদ্বেগের সঙ্গে বলেন তিনি।

মামলা গ্রহণ না করার বিষয়ে গতকাল বুধবার বিকালে যোগাযোগ করা হলে পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম আমাদের সময়কে বলেন, মারামারির ঘটনার পর জরুরি সেবা ৯৯৯-এর মাধ্যমে খবর পেয়ে ওই দম্পতিকে উদ্ধার করা হয়। চিকিৎসা শেষে তাদের থানায় আসতে বলা হয়েছিল। কিন্তু তারা আসেননি। অন্তঃসত্ত্বার স্বামী মামলা করতে থানায় এসেও ফেরত গেছেন- এমন অভিযোগ সত্যি নয়, দাবি করেন ওসি।

মিলনকে মারধর ও তার অন্তঃসত্ত্বা স্ত্রীর পেটে লাথি মারার অভিযোগ ভিত্তিহীন দাবি করে মো. রওশন আলী বলেন, 'একটু মারামারি হইছিল। ওইটা সমাধান হয়ে গেছে।'

পেশায় রাজমিস্ত্রি মিলন জানান, সপরিবারে তিনি শুকুর আলীর বাড়িতে ভাড়া থাকেন। সোমবার সকালে বাসার অদূরেই লিটনের বাসায় পানির ট্যাংকের ঢালাই কাজে যান। সকাল সাড়ে ১০টার দিকে লিটনের পরিচিত যুবলীগ নেতা রওশন আলী ঢালাই কাজ ভালো হচ্ছে না জানিয়ে তিরস্কার করতে থাকেন। একপর্যায়ে মিলনকে অকথ্য ভাষায় গালাগাল করতে শুরু করেন। এ সময় মা-বোন তুলে গালাগাল দিতে নিষেধ করেন মিলন। এতে আরও ক্ষিপ্ত হয়ে যান রওশন। তিনি মিলনকে মাটিতে ফেলে মারধর করতে থাকেন।

প্রতিবেশীদের কাছে খবর পেয়ে সেখানে ছুটে যান মায়া বেগম তার স্বামীকে বাঁচাতে। তখন তাকেও অকথ্য ভাষায় গালাগাল করেন রওশন। একপর্যায়ে মায়ার গায়েও হাত তোলেন। এ সময় মায়া ডাকাডাকি শুরু করলে রওশন আলী তার তলপেটে সজোরে লাথি মারেন। সঙ্গে সঙ্গে লুটিয়ে পড়েন মায়া; অজ্ঞান হয়ে যান। এর পর মায়াকে নিয়ে তারা যান ঢামেক হাসপাতালে।

মিলন জানান, প্রথমে পুলিশ মামলা নিতে চাইলেও কোনো একজন ব্যক্তির একটি ফোন আসার পর শুরু হয় তাদের গড়িমসি। অপেক্ষারত সময়ে এক পুলিশ সদস্য মিলনকে বলেন, তিনিই ঘটনার বিচার করে দেবেন। এ নিয়ে যেন বেশি বাড়াবাড়ি করা না হয়। কিন্তু তার প্রস্তাবে সাড়া দেননি মিলন। তবু তার মামলা নেওয়া হয়নি।

অন্তসত্ত্বা স্ত্রী সম্পর্কে মিলন জানান, পরীক্ষা-নিরীক্ষা করে হাসপাতালের চিকিৎসকরা বলেছেন, আঘাতের কারণে মায়ার পেটের বাচ্চারও জখম হয়েছে। তবে হাসপাতালে রেখে চিকিৎসা দিলে করোনা ভাইরাসে সংক্রমিত হওয়ার আশঙ্কা থেকে যাবে তার ও গর্ভের শিশুর। একথা জানিয়ে চিকিৎসকরা ওষুধ লিখে দেন এবং পরামর্শ দেন বাসায় চিকিৎসা চালিয়ে যাওয়ার। সন্ধ্যায় মায়াকে বাসায় নিয়ে আসা হয়। তিনি জানান, মায়ার শারীরিক অবস্থা আরও অবনতির দিকে যাচ্ছে। এ অবস্থায় কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছেন তিনি।

রিপোর্টঃ আমাদের সময়

দেশে সরকার ঘোষিত ছুটিতে ৪ দিনেও ভাত খাননি বশির পাগলা

সিরাজগঞ্জের বশির পাগলার এখন সময় কাটে দিন গুনে গুনে। কয়েকদিন পর দেশে সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষ হবে। খুলবে হোটেলসহ দোকানপাট গুলো। আর মিলবে তার কাঙ্খিত রুটি ভাত তরকারি। বর্তমানে তার অখন্ড অবসরে সে সময় পার করছে শহরের কোন পথচারী, ওষুধের দোকান কিংবা খোলা কোন মুদি দোকানিকে প্রশ্ন করে।কয়দিন পরে এই ছুটি শেষ হবে? মাঝে মাঝে তিনি আশায় বুক বাঁধেন, বিড়বিড় করে বলেন আজ গেলে কাল তারপর পরশু এর পর আছে তিন দিন বাকি তখন সবকিছুই খোলা। কিন্তু মঙ্গলবার রাতে সরকারি ছুটি আরো বাড়িয়ে দেওয়ায় কিছুটা মুষড়ে পড়েছেন তিনি।

ষাটোর্ধ্ব এই বশির পাগলা সিরাজগঞ্জে একজন পরিচিত মুখ। প্রায় ৪০ বছর ধরে তার এই শহুরে জীবন। প্রতিদিন সকালে শহরের দুই তিনটি দোকান থেকে তার নাস্তা হিসেবে বরাদ্দ মেলে পাওরুটি অথবা পরোটা। আর রাতে নির্ধারিত দুটি হোটেল থেকে পায় ভাত তরকারি। আর শহরের কোন বাড়িতে বিয়ে জন্মদিনসহ যেকোন সামাজিক অনুষ্ঠানে তার উপস্থিতি থাকে স্বাভাবিক। রাতে শহরের কোন ফুটপাতে অথবা রেলস্টেশনে তার নিশ্চিন্ত ঘুম। তার দীর্ঘ জীবনে প্রাত্যহিক এই নিয়মের খুব একটা ব্যত্যয় ঘটেনি। কিন্তু গত পাঁচ দিন ধরে বশির পাগলার জীবনে এসেছে উদ্বেগ। তবে এই উদ্বেগ তার করোনাভাইরাস নিয়ে নয় তার উদ্বেগ কবে খুলবে হোটেল আর তার পরিচিত বেকারির দোকানগুলো। যে দোকানগুলো থেকে সে প্রতিদিন তার কাঙ্খিত খাবার পায়। বশির পাগলার মতো সিরাজগঞ্জ শহরে রয়েছে আরো অন্তত পাঁচজন অপ্রকৃতস্থ মানুষ যাদের অনুভূতি ঠিক একই রকমের। সরকারি বেসরকারি সহায়তা পেলেও রান্না করে খাওয়ার অভিজ্ঞতা তাদের নেই। বাড়ির সাথেও তাদের যোগাযোগ নেই বললেই চলে। গুটি কয়েক হোটেল মালিক আর শুভাকাঙ্খিরাই তাদের ভরসা। কারণ তারা হোটেল আর বেকারির উচ্ছিষ্ট খাবার খেয়েই দিন পার করছেন। যা বন্ধ রয়েছে পাঁচ দিন ধরে।

মঙ্গলবার রাতে কথা হয় বশির পাগলার সাথে। প্রথম দেখাতেই তার প্রশ্ন এই বন্ধ আর কয়দিন থাইকপো? এর চেয়ে হরতাল ভালো কি কন? প্রশ্নের জবাবে জানালেন গত চারদিন ধরে তিনি ভাত খাননি। বিস্কুট আর কলা খেয়ে কাটিয়েছেন এই দিনগুলো। করোনাভাইরাস নিয়ে তার ভয় করছে কিনা এমন প্রশ্নের উত্তরে তিনি জানালেন ভাইরাস ভালো হোটেল বন্ধ ভালো না। কয়েক মিনিটের আলাপ পরিচয় এই প্রৌর মানুষের মুখে করোনাভাইরাসের মত মহামারীর দুর্যোগের

চাইতে পেটের তাগিদে বড় হয় ফুটে ওঠে। সর্বশেষ সরকারি ছুটি আরো কয়েকদিন বাড়িয়ে দেওয়ার খবর শুনে মুষড়ে পড়েন তিনি। তারপরেও অপ্রকৃতস্থ এই মানুষটি আশায় বুক বেঁধে একাকী বলে ওঠেন কয়েটা তো দিন দেখতে দেখতে পার হইয়া যাইবো।

খবর- কালের কণ্ঠ

আবারও ২৬ বস্তা চালসহ লুটেরা আ'লীগ নেতা আটক

সরকারের খাদ্যবান্ধব কর্মসূচির ১০ টাকা কেজি দরের ২৬ বস্তা চালসহ মজিবর সানা (৫০) নামে সাতক্ষীরার স্থানীয় এক আওয়ামী লীগ নেতাকে আটক করা হয়েছে।

আজ বুধবার (১ এপ্রিল) সাতক্ষীরার আশাশুনি উপজেলার বড়দল বাজার থেকে দুপুর ১২টার দিকে তাকে আটক করা হয়।

আটক মজিবর সানা সাতক্ষীরার আশাশুনি উপজেলার বড়দল গ্রামের সাজউদ্দীনের ছেলে ও বড়দল ইউনিয়নের ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি ১০ টাকা কেজি দরের চালের ইউনিয়ন ডিলার।

